আল আকসা রেষ্টুরেন্ট
প্রবাসে বাংলাদেশী খাবারের স্বাদ
আল আকসা পার্টিহল
পার্কচেষ্টারে বাঙ্গালী মালিকানায় সবচেয়ে বড় পার্টিহল ১০০-১৫০ জনের ধারণ ক্ষমতাসম্পন্ন
২১০৭ ষ্টার্লিং এভিনিউ, ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২
ফোন: ৭১৮-৯০৪-৭০৬১

জাকির নায়েকের বিরুদ্ধে রেড নোটিশ

প্রত্যাখ্যান ইন্টারপোলের

বাংলা পত্রিকা ডেস্ক: প্রখ্যাত ইসলামিক গবেষক ও ধর্মপ্রচারক জাকির নায়েকের বিরুদ্ধে রেড নোটিশ জারি করতে ভারতের অনুরোধ আবারো খারিজ করে দিয়েছে ইন্টারপোল। এই নিয়ে ভারত সরকারের তৃতীয়বারের **(বাকি অংশ ৪২ পাতায়)**

সাপ্তাহিক
বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika
বর্ষ ২৫ || সংখ্যা ৩২ || সোমবার || বৈশাখ ১৯ || ১৪২৮ || রমাদান ২১ || ১৪৪২ || Vol. 25 || Issue 32 || 3 May || 2021 || USA. **FREE** in NY, Other State **$1**

আলাদীন
Aladdin
২৯-০৬ ৩৬ এভিনিউ, এস্টোরিয়া, নিউইয়র্ক ১১১০৬
Tel: 718-784-2554

TiME television
টাইম টেলিভিশন দেখুন, বিজ্ঞাপন দিন
Tel: 718-753-0086



মমতার হাতেই পশ্চিম বঙ্গ

বাংলা পত্রিকা ডেস্ক: নন্দীগ্রাম আসনে নিজে হারলেও রাজ্যে বিজেপিকে কার্যত ধূলিসাৎ করে, নরেন্দ্র মোদি-অমিত শাহ-এর বাংলা দখলের স্বপ্নকে চূর্ণবিচূর্ণ করে মমতা বন্দ্যোপাধ্যায়ের তৃণমূল কংগ্রেস টানা তৃতীয়বারের জন্য ক্ষমতায় এলো। এ জন্য মমতা বন্দ্যোপাধ্যায়কে অভিনন্দন জানিয়েছেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। তিনি টুইটে লিখেছেন, পশ্চিমবঙ্গ তৃণমূল কংগ্রেসের বিজয়ে মমতা দিদিকে অভিনন্দন। বাংলা নিজের মেয়েকে চায়- তৃণমূল কংগ্রেসের ভোটপূর্ব এ স্লোগানকে সফল করতেই যেন গোটা পশ্চিমবঙ্গ তাদের আশীর্বাদ উজাড় করে দিয়েছে মমতাকে। তাই পঞ্চাশ শতাংশের বেশি ভোট পেয়ে তৃণমূল আবার ক্ষমতায় এলো। কিন্তু এখন সবচেয়ে বড় প্রশ্ন- কে হচ্ছেন পশ্চিমবঙ্গের নতুন মুখ্যমন্ত্রী? মমতা বন্দ্যোপাধ্যায় **(বাকি অংশ ৪২ পাতায়)**

নন্দীগ্রামে হারলেও মুখ্যমন্ত্রী হতে বাধা নেই মমতার

বাংলা পত্রিকা ডেস্ক: পশ্চিমবঙ্গের বিধানসভা নির্বাচনে বড় জয় পেয়েছে তৃণমূল কংগ্রেস। তবে নন্দীগ্রামে হাড্ডাহাড্ডি লড়াই করেও হেরে গেছেন **(বাকি অংশ ৪২ পাতায়)**

ভারতে লাশ আর লাশ, শ্মশানেও জায়গায় নেই

বাংলা পত্রিকা ডেস্ক: ভারতে করোনাভাইরাসের মৃত্যুর মিছিলের মধ্যে দিল্লিতে মৃতদেহ সৎকারের জায়গার সংকট তৈরি হয়েছে। শ্মশানজুড়ে দৃশ্যমান শুধু লাশ আর লাশ। এত লাশ সৎকারে কুলাতে পারছে না শ্মশান। ফলে নয়াদিল্লির পুলিশ শ্মশানের সংখ্যা বাড়ানোর আহ্বান জানিয়েছে। সূত্র : এনডিটিভি, আনন্দবাজার, বিবিসি। জ্যেষ্ঠ এক পুলিশ কর্মকর্তার বরাত দিয়ে প্রতিবেদনে **(বাকি অংশ ৪২ পাতায়)**

বিশ্বে করোনায় মৃত্যু ৩২ লক্ষাধিক

বাংলা পত্রিকা ডেস্ক: সারাবিশ্বে এখন পর্যন্ত করোনাভাইরাসে আক্রান্ত হিসেবে শনাক্ত হয়েছে ১৫ কোটি ২৮ লাখ ৮৩১ জন এবং মারা গেছে ৩২ লাখ **(বাকি অংশ ২৯ পাতায়)**

রাজনীতিতে ফিরলেন জামায়াতের সাবেক নেতা ব্যারিস্টার রাজ্জাক

ঢাকা ডেস্ক: বাংলাদেশ জামায়াতে ইসলামী সহকারি সেক্রেটারি জেনারেল থেকে পদত্যাগকারী ব্যারিস্টার আবদুর রাজ্জাক আবার রাজনীতিতে ফিরেছেন। ২০২০ সালে গঠিত আমার বাংলাদেশ **(বাকি অংশ ৯ পাতায়**

সিগার নিষিদ্ধ হচ্ছে যুক্তরাষ্ট্রে

বাংলা পত্রিকা ডেস্ক: মেন্থলের ঘ্রাণযুক্ত সিগারেট এবং মেন্থলসহ যেকোনো ঘ্রাণযুক্ত সিগার (বিভিন্ন আকৃতির সিগারেট বিশেষ) নিষিদ্ধ করার পদক্ষেপ নিচ্ছে যুক্তরাষ্ট্রের ফুড অ্যান্ড ড্রাগ এডমিনিস্ট্রেশন (এফডিএ)। বৃহস্পতিবার তারা এক ঘোষণায় বলেছে, আগামী বছরের মধ্যে এই নিষেধাজ্ঞা কার্যকর হবে। এর উদ্দেশ্য হলো এই দুটি পণ্য ব্যবহারের ফলে যে পরিমাণ মানুষের রোগ **(বাকি অংশ ৪২ পাতায়)**



করোনার দ্বিতীয় ঢেউয়ে ব্রিটেনে বিপদে বাংলাদেশীরা!

বাংলা পত্রিকা ডেস্ক: বিশ্বব্যাপী প্রাণঘাতী করোনা ভাইরাসের সংক্রমণে প্রতিদিন হাজার হাজার **(বাকি অংশ ৪২ পাতায়)**

লন্ডনে ডেপুটি মেয়র নির্বাচিত হলেন বাংলাদেশের মেয়ে জোৎস্না

বাংলা পত্রিকা ডেস্ক: লন্ডন বারা অব রেডব্রিজের ডেপুটি মেয়র নির্বাচিত হয়েছেন বাংলাদেশের মেয়ে জোৎস্না রহমান ইসলাম। বৃহস্পতিবার (২৯ এপ্রিল) রেডব্রিজ কাউন্সিলের **(বাকি অংশ ৯ পাতায়)**

খালেদা জিয়া ভালো আছেন- ডা: জাহিদ

বাংলা পত্রিকা ডেস্ক: বিএনপি চেয়ারপারসন ও সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার শারীরিক অবস্থা স্থিতিশীল আছে বলে জানিয়েছেন তার মেডিক্যাল টিমের **(বাকি অংশ ৯ পাতায়)**

নিউইয়র্কের সেহরি ও ইফতার সময়

			সেহরি শেষ	ইফতার
৩	মে	২১ রমাদান	৪.২০	৭.৫৪
৪	মে	২২ রমাদান	৪.১৮	৭.৫৫
৫	মে	২৩ রমাদান	৪.১৭	৭.৫৬
৬	মে	২৪ রমাদান	৪.১৫	৭.৫৫
৭	মে	২৫ রমাদান	৪.১৪	৭.৫৮
৮	মে	২৬ রমাদান	৪.১২	৭.৫৯
৯	মে	২৭ রমাদান	৪.১১	৮.০০



ছেলেকে বাঁচাতে চিকিৎসকের পা ধরলেন মা!

বাংলা পত্রিকা ডেস্ক: ভারতে করোনাভাইরাসের সংক্রমণের কারণে দিল্লি, মুম্বাইসহ কয়েকটি শহরের **(বাকি অংশ ২১ পাতায়)**

APOLLO INSURANCE BROKERAGE INC.
WE DO TLC INSURANCE
EXIT LUXURY INC.
BASE NO: B03152
Shamsher Ali
President & CEO
29-10 36th Avenue, Astoria, NY 11106
Tel : 718-472-9800 Fax : 718-472-9801
Email: apollobrokerageinc@gmail.com exitluxuryinc@gmail.com Website: www.exitluxuryinc.com

QA TEK SOLUTIONS
NO MORE ODD JOBS
GET A JOB WITH $80K PLUS SALARY!
OUR MOST POPULAR COURSES:
Basic Computing for IT Help Desk Support
Software Testing with Selenium
BI Developer with Power BI & SQL Server
We provide guaranteed job assistance
No IT experience required
Interactive courses
Weekend classes
ADMISSION GOING ON
QA TEK SOLUTIONS INC.
An Information Technology Company
NY (929) 601-8565 NY (347) 658-9284
167-11 Hillside Avenue # 2a, Jamaica, NY 11434
admin@qateksolutions.com www.qateksolutions.com

CENTURY 21 AMERICAN HOMES
বাড়ি ক্রয়-বিক্রয়ের জন্য যোগাযোগ করুন
M: 917-749-4143
B: 718-446-1300
F: 718-452-2152
khanf04@yahoo.com
c21amhomes.com
Ferdous Khan
Real Estate Licensed
Sales Assoricate
76-26 Broadway,
Elmhurst, NY 11373

AMIN PHARMACY
29-03, 36th Ave, Astoria, NY 11106
Tel: (718) 786-6611, Fax: (718) 786-6613
Contact: Pharmacist Dr. Monsur Chowdhury

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
Bangla Travel
JACKSON HEIGHTS NEW YORK
সবচেয়ে কম দামের গ্যারান্টি দিচ্ছি
7305 37th Road, Jackson Heights, NY 11372
Email: digitalonetravel@gmail.com (কাবাব কিং এর পার্শ্বে, ডাইভারসিটি প্লাজা)
Phone: 917-396-4140, 917-592-7828
সুপার সেভ $689+
MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

AHAD&CO
CERTIFIED PUBLIC ACCOUNTANTS
সারা বছর জুড়ে একাউন্টিং সার্ভিসেস
বাক্তিগত এবং বিজনেস ট্যাক্স ফাইলিং
আই আর এস এবং স্টেট অডিট সমাধান
পে-রোল এবং বুককিপিং
আপনার ট্যাক্স ফাইল একজন সিপিএ দিয়ে করুন
আহাদ আলী, সিপিএ
Tel: (929)371-9915 info@ahadandco.com
2153 Westchester Ave Suite 200, Bronx, NY 10462
47-01 Van Dam Street Long Island City, NY 11101

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
TAX Liens Charge Offs Inquiries Collections
Garnishment Bankruptcy Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem
Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

SUNNATI HAJJ & UMRAH GROUP
IATA
Haji trusted since 2000
All Air Tickets Visa Services
Peace Tour
Tel: 718-739-3189
Cell: 347-527-6276, 347-750-3909
87-26, 175 Street, Apt. #1A, Jamaica, NY 11432
Email: sunnatihajj@gmail.com
Web: www.hajjmakkah.com

স্বল্পমূল্যে Insurance!
Over 20 Years of Experience
Auto, Home, Business, Worker's Compensation & Disability
(718) 626-0733
(718) 626-2321
crescentinsurance@gmail.com
(নিম্নাঙ্কিত সেখুন ৯ পাতায়)
Crescent Insurance Brokegage Inc.
37-11 74 th Street # 2 Floor, Jackson Heights, NY 11372
KABIR CHOWDHURRY

www.banglapatrikausa.com

BANGLA HOME CARE
BANGLA CDPAP SERVICES

LOVE WITH CARE IS HUMANITY"

বাঙালীর জন্যে বাঙালীর সেবা, মানুষ মানুষের জন্যে



Corporate Office

72-26 BROADWAY (2ND FL.)
JACKSON HEIGHTS, NY 11372

WE ARE HIRING HHA
HHA CERTIFICATE CLASS AVAILABLE

HHA সার্টিফিকেট এর মাধ্যমে আপনি ঘরে-বাইরে
যে কোন রোগীকে স্বাস্থ্য-সেবা দিতে পারেন।

- Highest Rate • Home Care Services
- CDPAP Services • MLTC Related Supports
- Medicaid Apply, Renewal & Code Removal





BROOKLYN OFFICE : 518 McDONALD AVENUE, BROOKLYN, NY 11218


FOR MORE INFO

718-708-9751 | 646-769-0966 | 718-415-3924 | 718-629-7169
718-414-7210 | 718-500-2388

E-MAIL: BANGLACDPAP.CLIENTS@GMAIL.COM

বাংলা পত্রিকা
৩-এর পৃষ্ঠা
The Weekly Bangla Patrika

প্রবীণ প্রবাসী আলহাজ আব্দুল বারী খান ইন্তেকাল



বাংলা পত্রিকা রিপোর্ট: মৌলভীবাজার ডিষ্ট্রিক্ট এসোসিয়েশন অব নর্থ আমেরিকা ইনক'র প্রতিষ্ঠাকালীন থেকে বোর্ড অব ট্রাষ্টির সদস্য, বহু মসজিদ-মাদ্রাসার প্রষ্ঠাতা ও খাদেম, প্রবীণ প্রবাসী আলহাজ আব্দুল বারী খান ইন্তেকাল করেছেন (ইন্নাল্লিাহি ওয়া ইন্না ইলাইহি রাজেউন)। রোববার (২৫ এপ্রিল) ইফতারের পূর্ব মুহুর্তে তিনি শেষ নি:শ্বাস ত্যাগ করেন বলে জানা গেছে। আলহাজ আব্দুল বারী খান ইন্তেকালে মৌলভীবাজার ডিষ্ট্রিক্ট এসোসিয়েশন অব নর্থ আমেরিকা ইনক'র সাবেক সভাপতি সৈয়দ জুবায়ের আলী তার ইন্তেকালের খবর নিশ্চিত করেন এবং তার রুহের মাগফেরাত কামনা ছাড়াও শোক সন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জানিয়েছেন।

খলিলের ইফতার বাজার



বাংলা পত্রিকা রিপোর্ট: খলিল বিরিয়ানী হাউস নিউইয়র্কের ভোজনবিলাসীদের কাছে একটি অতি পরিচিত নাম। এখানে শুধু বিরিয়ানী নয় নানা স্বাদের রকমারী খাবার দিয়ে ভোজনবিলাসী নগরবাসীকে মাতিয়ে রেখেছে। মাত্র দু বছরে একটার পর একটা নতুন নতুন প্রতিষ্ঠান উদ্বোধন করে তার জনপ্রিয়তার স্বাক্ষর ধরে রেখেছে।

এবারের পবিত্র রমজান মাসে প্রতিষ্ঠানটি নগরবাসীকে উপহার দিয়েছে রসনা বিলাসী নানা রকম ইফতার। নিজে গিয়ে দেখেশুনে যেমন ইফতার কেনা যাচ্ছে তেমনি রয়েছে হোম ডেলিভারীর সুবিধা। ফলে ঘরে বসেও রোজাদাররা খলিলের রসনা বিলাসী ইফতারির আস্বাদ নিতে পারছেন।





খলিল বিরিয়ানীর কর্নধার, নিউইয়র্কের বিখ্যাত কুলিনারী ইন্সটিটিউট থেকে ডিপ্লোমাপ্রাপ্ত শেফ খলিলুর রহমান বলেন, রোজা উপলক্ষ্যে আমরা চালু করেছি ইফতার বাজার। এখানে প্রতিদিন পাওয়া যাচ্ছে নানা রকম মুখরোচক এবং স্বাস্হ সম্মত ইফতারী। হরেক রকম বিরিয়ানী, নানা পদের জিলিপি, হালিম, কাবাব, খিচুরি, পিয়াজু, বেগুনি, ছোলা, নানাপদের চপ ছাড়াও আছে রকমারী ১৫ আইটেম খাবার দিয়ে সাজানো ইফতার বক্স। যার মূল্য মাত্র ৯.৯৯ ডলার। আর আমরা যে কোন পরিমান ক্যাটারিং এর অর্ডার নিতে পারি। আছে ডেলিভারীর ব্যবস্থা।

খলিল বলেন, রমজানে শরীরের সুস্থতা ও পুষ্টি চাহিদার কথা বিবেচনা করলে ইফতার অত্যন্ত গুরুত্বপূর্ণ। আমাদের কমিউনিটিতে সাধারণত মুখরোচক বিভিন্ন খাবার দিয়ে ইফতার মেনু তৈরি করা হয় কিন্তু শরীরের পুষ্টি চাহিদার কথা বিবেচনা করা হয়না। তবে আমার প্রতিষ্ঠান সব সময় একটি পুষ্টিসম্মত ইফতারে সাধারণত কোন ধরনের খাবার থাকা উচিত সে বিষয়টা বিবেচনা রেখেই ইফতার তৈরি করে থাকে।

খলিল বলেন, ইফতার শুধু মুখরোচক হলেই চলবেনা খাবারগুলো স্বাস্থ্যসম্মত উপায়ে তৈরি করা হয়েছে কি না, সেদিকেও নজর দেওয়া উচিত। কোনো কিছু ভাজার জন্য একবারের বেশি তেল ব্যবহার করা উচিত নয়। কারণ, একই তেল বারবার আগুনে ফোটালে কয়েক ধরনের রাসায়নিক দ্রব্য তৈরি হয়, যেমন পলি নিউক্লিয়ার হাইড্রোকার্বন। এই রাসায়নিকের মধ্যে বেনজা পাইরিন নামক ক্যানসার তৈরিতে সক্ষম এমন পদার্থের মাত্রা বেশি থাকে। রোজাদারের জন্য ইফতারিতে খেজুর বা খোরমা, বিশুদ্ধ শরবত, কচি শসা, পেঁয়াজি, বুট, অথবা ক্যালসিয়াম কার্বাইডমুক্ত মৌসুমি ফল থাকা ভালো। ফলমূলে ভিটামিন ও মিনারেল পাওয়া যায়, কোষ্ঠকাঠিন্য দূর হয় এবং সহজে তা হজম হয়। রুচি অনুযায়ী রান্না করা নুডলসও খেতে পারেন ইফতারে। আমার প্রতিষ্ঠানের ইফতার শুধু মুখরোচক নয় স্বাস্থ সম্মত কিনা তার উপরও জোর দিয়ে থাকি। তা ছাড়া অপরিচ্ছন্ন পরিবেশে ইফতার তৈরির ফলে ইফতার বিভিন্ন জীবাণু দিয়ে দূষিত হয়ে যাওয়ার সম্ভাবনা বেশি থাকে। যা পেটের পিঁড়ার কারণ হতে পারে।

ইফতারের সামগ্রীগুলো স্বাস্থ্যসম্মত উপায়ে না ভেজে বেশি তেলে ভাজা হয়, যা শরীরের জন্য ক্ষতিকর। আমরা সব সময়ই আমাদের কাস্টমারদের স্বাস্থ সম্মত ইফতার উপহার দেবার চেষ্টা করি। শেষ কথা হলো আমরা খাবারের কোয়ালিটি নিয়ে কোন আপোষ করিনা-তা ইফতার বা অন্য যেকোন খাবারই হোকনা কেন!



যুক্তরাষ্ট্র আ. লীগের পক্ষ বগুড়ায় নগদ অর্থ ও ঈদ উপহার বিতরণ

নিউইয়র্ক (ইউএনএ): যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের পক্ষ থেকে বাংলাদেশের বগুড়া জেলার সোনালতায় কর্মহীন মানুষের মাঝে নগদ অর্থ ও ঈদ উপহার সামগ্রী বিতরণের উদ্যোগ নেয়া হয়েছে। মহামারী করোনায় পবিত্র রমজান আর আসন্ন ঈদুল ফিতর উপলক্ষ্যে চলতি সপ্তাহেই এই কর্মসূচী বাস্তবায়ন করা হবে বলে জানা গেছে। উল্লেখ্য, যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের সভাপতি ড. সিদ্দিকুর রহমান বগুড়ার সন্তান এবং তিনি বর্তমানে স্ত্রীক বগুড়ায় অবস্থান করছেন। খবর ইউএনএ'র।

যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের প্রচার ও প্রকাশনা সম্পাদক দুলাল মিয়া এনাম ইউএনএ-কে জানান, দলের পক্ষ থেকে চলতি মাসের অর্থাৎ ২৫, ২৬, ২৭ ও ২৮ এপ্রিল বাংলাদেশে মানবতার সেবায় বগুড়ার সোনারতার ১০০ পরিবারকে নগদ অর্থ ও ৯০০ পরিবারকে 'ঈদ উপহার সামগ্রী' বিতরণ করেন ড. সিদ্দিকুর রহমান। তিনি বলেন, যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ মহামারী করোনা ভাইরাসে চলমান লকডাউনে দূর্যোগ মোকাবেলায় মানবতার সেবায় নিয়োজিত থাকবে।

উল্লেখিত কর্মসুচীর অংশ হিসেবে রোববার (২৫ এপ্রিল) সকাল ১১টায় বগুড়া সোনাতলায় যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের পক্ষ থেকে উপজেলার বালুয়া ইউনিয়নের পাতিলাকুড়া গ্রামে করোনায় লক ডাউনে কর্মহীন মানুষের মাঝে প্রথম ধাপে ১০০ পরিবারকে নগদ অর্থ বিতরণ করেন যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের সভাপতি ড. সিদ্দিকুর রহমান। এ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন স্থানীয় এমপি সাহাদারা মান্নান।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের সদস্য সাহানারা রহমান, উপজেলা পরিষদের চেয়ারম ্যান ও উপজেলা আওয়ামী লীগের সভাপতি এ ডভোকেট মিনহাদুজ্জামান লিটন, সাধারণ সম্পাদক অধ ্যক্ষ আব্দুল মালেক, বালুয়া ইউপি চেয়ারম ্যান রুহুল আমিন, ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি আব্দুল আজিজ মন্ডল প্রমুখ উপস্থিত ছিলেন।



চিত্রে গোল্ডেন এজ হোম কেয়ার'র ইফতার পার্টি-২০২১





















বাংলা পত্রিকা

The Weekly Bangla Patrika

Editor : **Abu Taher**

Tel: 718-482-9923, 718-482-1169
Fax: 718-482-9935

সম্পাদকীয়

কলিন্সের বিদায় ও চন্দ্রাভিযানের সংশয়কথা

মানুষের প্রথম চন্দ্রাভিযানে অংশ নেওয়া তিন জনের একজন মাইকেল কলিন্স গত ২৮ এপ্রিল বুধবার পৃথিবী হতে চিরবিদায় নিয়েছেন। পৃথিবী হতে বিদায় নেবার পরও পৃথিবীতে যে আবার ফিরে আসা যায়, এই অলঙ্ঘনীয় নিয়মের প্রথম ব্যত্যয় ঘটিয়েছিলেন নাসার অ্যাপোলো-১১ মিশনের তিন মহাকাশচারী। ১৯৬৯ সালের ২০ জুলাই চন্দ্রে প্রবেশ করা এই তিন নভোচারী ছিলেন নীল আর্মস্ট্রং, অ্যাডউইন (বাজ) অলড্রিন ও মাইকেল কলিন্স। আট দিন তারা পৃথিবীর বাইরে ছিলেন। মাইকেল কলিন্সের মৃত্যু আমাদের সেই সময়কার কথা নূতন করে স্মরণ করিয়ে দেয়–যখন তৎকালীন সোভিয়েত ইউনিয়ন ও যুক্তরাষ্ট্রের মধ্যে ঠান্ডা লড়াই জলে-স্থলে এমনকি মহাকাশেও ছড়িয়ে পড়েছিল। দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর এই দুই পরাশক্তির মধ্যকার টক্কর ছিল সেয়ানে সেয়ানে। এই টক্করে ১৯৫৮ সালে সোভিয়েত ইউনিয়ন পৃথিবীর কক্ষপথে প্রথম কৃত্রিম উপগ্রহ স্পুনিক প্রেরণ করে। এরপর তারা ১৯৬১ সালে ইউরি গ্যাগারিন নামের নভোচারীকে প্রথম মহাশূন্যে পাঠিয়ে বিশ্বকে তাক লাগিয়ে দেয়। এমতাবস্থায় যুক্তরাষ্ট্রের জন্য বড় একটি 'লাফ' দেয়ার প্রয়োজন দেখা দিয়েছিল। তৎকালীন আমেরিকান প্রেসিডেন্ট জন এফ কেনেডি ঘোষণা করেন যে, অচিরেই আমেরিকা চাঁদের মাটিতে পা রাখবে।

আমরা এখন বলে থাকি যে, চাঁদের মাটিতে মানুষের পা দেয়ার 'ছোট্ট পদক্ষেপ' ছিল নক্ষত্রলোকে পাড়ি দেয়ার লক্ষ্যে 'বিরাট লাফ'-এর প্রস্তুতি মাত্র। কিন্তু বাস্তবতা হল সেই সময় সোভিয়েত ইউনিয়নের মতো পরাশক্তি ছিল বিধায় তাদের চেয়েও বড় কিছু করে দেখাবার অনিবার্য তাগিদ তৈরি হয়েছিল যুক্তরাষ্ট্রের মধ্যে। এই জন্য ষাটের দশকের মাঝামাঝি সময়ে যুক্তরাষ্ট্রের বাজেটের ৪ শতাংশের অধিক বরাদ্দ দেয়া হয় আমেরিকান মহাকাশ গবেষণা সংস্থা নাসা-কে। ১৯৬৫ সালে সোভিয়েত যখন 'স্পেস ওয়াক' সম্পন্ন করেন, তখন যুক্তরাষ্ট্রের প্রথম অ্যাপোলো-১ অভিযান মুখ থুবড়িয়ে পড়ে। লঞ্চপ্যাডের অগ্নিকান্ডে মৃত্যু ঘটে তিন নভোচারীর। আমরা দেখতে পাই, মহাকাশে কর্তৃত্ব অর্জন করতে যুক্তরাষ্ট্র এরপর আরো মরিয়া হয়ে উঠে। কেবল তাই নয়, 'আ স্টাডি অব লুনার রিসার্চ ফ্লাইটস' এবং 'প্রজেক্ট এ-১১৯' হতে দাবি করা যায়, তৎকালীন সোভিয়েত ইউনিয়নকে ভয় দেখাতে যুক্তরাষ্ট্র সেই সময় চাঁদের উপর পারমাণবিক বোমার বিস্ফোরণের কথাও চিন্তা করেছিল। এরপর আসে সেই মাহেন্দ্রক্ষণ। ১৯৬৯ সালের ১৬ জুলাই অ্যাপোলো-১১ মিশনে যুক্তরাষ্ট্রের তিন নভোচারী চাঁদে পা রাখেন। যুক্তরাষ্ট্র এই অর্জনকে ঘোষণা করে সমগ্র মানবজাতির অর্জন হিসেবে।

চাঁদের মাটিতে প্রথম পা ফেলবার সময় বলা হয়–মানুষের জন্য ইহা 'ছোট্ট পদক্ষেপ' কিন্তু মানবসভ্যতার জন্য এটি বিরাট লাফ। কিন্তু মানুষ কি সত্যিই চাঁদের মাটিতে পা রেখেছিল? অভিযানের অর্ধযুগ পরপরই এটি নিয়ে প্রশ্ন উঠে। সর্বশেষ ২০০১ ফক্স নিউজে 'আমরা কি সত্যিই চাঁদে অবতরণ করেছিলাম' নামক একটি তথ্যচিত্র প্রচার করা হয়, যার পরিচালক ছিলেন যুক্তরাষ্ট্রের রহস্যসিরিজ 'দ্য এক্স ফাইলস'-এর অভিনেতা মিচ পিলেগ্রিগ। ঐ প্রামাণ্যচিত্রে দাবি করা হয়, চাঁদে যাবার ব্যাপারটি ছিল স্রেফ একটি ধাপ্পাবাজি। প্রশ্ন হলো, কেবল অ্যাপোলো নহে, মার্স, জেমিনি, অ্যাটলাসের মিশনও কি মিথ্যা? কুকুর লাইকা অথবা ইউরি গ্যাগারিনও কি সত্যিই মহাশূন্যে ভ্রমণ করেছিলেন? আসলে সর্বযুগে সকল দেশেই কিছু মানুষ থাকেন, যারা সংশয়বাদী। সংশয়বাদী হওয়াটা দোষণীয় নয়। তবে তার শক্ত ভিত্তি থাকা চাই। অ্যাপোলো-১১ অভিযানের তিন জন ছাড়াও পরবর্তীকালে আরো বেশ কয়েকটি অভিযানে এখন অবধি এক ডজন মানুষ চাঁদে গিয়েছেন। চাঁদে যাওয়া নিয়ে বেশকিছু অসাধারণ প্রমাণও রয়েছে– যেমন ৩৮২ কেজি চাঁদের পাথর, যা প্রায় ছয়টা মিশন হতে সংগৃহীত হয়েছে।

প্রথম চন্দ্রাভিযানের মাইকেল কলিন্সের মৃত্যু আমাদের স্মরণ করিয়ে দেয় সেই সময়কার পরাশক্তিদের মরিয়া প্রচেষ্টা এবং বিশ্বের পরিবর্তনশীলতার অসাধারণ কিছু আলামত। মাইকেল কলিন্সের মৃত্যুতে আমরা ব্যথিত। তার বিদেহী আত্মার শান্তি কামনা করছি।



গর্ডন ব্রাউন

টিকা সরবরাহে জি-৭ যে ভূমিকা পালন করতে পারে

প্রেসিডেন্ট বাইডেন আগামী জুনে ব্রিটেনে আসবেন বিশ্বের ধনী দেশগুলোর শীর্ষ সম্মেলনে যোগ দিতে, এটা হবে তাঁর প্রথম সম্মেলন। জি-৭-এর সদস্য যুক্তরাজ্য, কানাডা, ফ্রান্স, জার্মানী, ইতালী, জাপান ও যুক্তরাষ্ট্র এবং ইউরোপীয় ইউনিয়ন এই সম্মেলনে উপস্থিত থাকে। এর নিয়মিত সভা আসে আর যায় এবং দ্রুত এসব মিটিংয়ের কথা ভুলে যাওয়া হয়। কিন্তু এবারের জি-৭ সম্মেলনে একটা সুযোগ রয়েছে, এটাকে বিনষ্ট করতে দেওয়া যাবে না। সম্মেলনের এজেন্ডার মূল বিষয় হওয়া উচিত স্বাস্থ্য প্রসঙ্গ : বিশ্বজুড়ে গণটিকা দান।

সমৃদ্ধ দেশগুলো বিশ্বের জনসংখ্যার ১৮ শতাংশ ধারণ করে, তারা ৪.৬ বিলিয়ন ডোজ টিকা কিনেছেকনফার্মড অর্ডারের ৬০ শতাংশ। এখন পর্যন্ত প্রায় ৭৮০ মিলিয়ন টিকা (ভ্যাকসিন) বিতরণ করা হয়েছে, কিন্তু সাব-সাহারান আফ্রিকান জনসংখ্যার ১ শতাংশের কম লোককে টিকা দেওয়া হয়েছে। পশ্চিমা দেশগুলোতে ইমিউনাইজিং চলছে; কিন্তু উন্নয়নশীল বিশ্বের একটা অংশ এরই মধ্যে 'ভ্যাকসিন বর্ণবাদ'-এর অভিযোগ তুলেছে। পরিস্থিতি যদি এ-ই হয়, তাহলে এ অবকাশে কভিড-১৯-এর বিস্তৃতি ঘটবে, ভাইরাসটির মিউটেশন ঘটবে আর আমাদের জীবন-জীবিকা আসন্ন দিনগুলোতে হুমকিগ্রস্ত হবে।

বিশ্বজুড়ে স্বল্পতম সময়ে বিপুলসংখ্যক লোকের কাছে পৌঁছতে হলে (টিকার জন্য) জি-৭-কে বৈশ্বিক ফার্মাসিউটিক্যাল ও লজিস্টিক কম্পানিগুলোর দক্ষতা, জাতীয় সেনাবাহিনীগুলোর সক্ষমতা এবং স্বাস্থ্যকর্মীদের এক জায়গায় আনতে হবে। জি-৭-এর দেশগুলোতে বড় বড় ভ্যাকসিন ডেভেলপাররা থাকে। জি-৭-এর দেশগুলোই নিম্ন আয়ের দেশগুলোতে টিকা প্রযুক্তি সরবরাহ করার বিষয়ে সম্মত হওয়ার ক্ষেত্রে সবচেয়ে ভালো অবস্থানে রয়েছে। রোগীদের বা আক্রান্তদের 'অধিকার পরিত্যাগ'-এর যে কথা পিপলস ভ্যাকসিন অ্যালায়েন্সের পক্ষ থেকে বলা হয়েছে, তার ফলে আফ্রিকায় তাদের নিজস্ব ম্যানুফ্যাকচারিং ফ্যাসিলিটি তৈরি করায় সহায়তা হবে এবং এই কয়েক মাসে যে 'ভ্যাকসিন ন্যাশনালিজম' দেখা দিয়েছে তার অবসান হবে।

সামনের দিনে বড় বাধা টিকার ঘাটতির কারণে হবে না, বরং টিকার জন্য যে অর্থ দিতে হবে তার ঘাটতিই সেই বাধা হয়ে দাঁড়াবে। আমাদের এখন অর্থ ব্যয় করতে হবে জীবন বাঁচানোর জন্য এবং আসন্ন দিনে আমাদের অর্থ ব্যয় করতে হবে প্রতিবছর টিকার কাজ এগিয়ে নিয়ে যাওয়ার জন্য; যত দিন পর্যন্ত এই ভাইরাস প্রাণনাশের কারণ হয়ে থাকবে, তত দিন পর্যন্ত এ কার্যক্রম চালাতে হবে। এর জন্য বছরে কমপক্ষে ৩০ বিলিয়ন ডলার দরকার, এ অর্থ খরচের ব্যাপারে কাউকে প্রস্তুত মনে হচ্ছে না।

আমরা নিষ্ক্রিয়তাকে গ্রাহ্য করতে পারি না। আমাদের যে তহবিল দরকার সেটা কভিডে যে ট্রিলিয়ন পরিমাণ ক্ষতি হয়ে যাচ্ছে তার সামান্য অংশ মাত্র। বাইডেনের আমেরিকান রেসকিউ প্ল্যান বাবদ বরাদ্দের পরিমাণ ১.৯ট্রিলিয়ন ডলার, আর কাঙ্খিত তহবিল এ বরাদ্দের ২ শতাংশেরও কম। ইউরেশিয়া গ্রুপ বলেছে, জি-৭ যদি জুনে গণটিকাদানের বিষয়ে একমত হতে পারে, তাহলে ২০২৫ সালের মধ্যে তাদের অর্থনীতি বেশ ভালো অবস্থানে থাকবে।

সমৃদ্ধ দেশগুলো বিশ্বের জনসংখ্যার ১৮ শতাংশ ধারণ করে, তারা ৪.৬ বিলিয়ন ডোজ টিকা কিনেছেড় কনফার্মড অর্ডারের ৬০ শতাংশ। এখন পর্যন্ত প্রায় ৭৮০ মিলিয়ন টিকা (ভ্যাকসিন) বিতরণ করা হয়েছে, কিন্তু সাব-সাহারান আফ্রিকান জনসংখ্যার ১ শতাংশের কম লোককে টিকা দেওয়া হয়েছে।

২০১৭ সালে এ রকম গ্লোবাল কো-অর্ডিনেশনের (ভবিষ্যৎ মহামারির সাপেক্ষে) কথা ভেবে পাবলিক-প্রাইভেট পার্টনারশিপ 'এসিটি-এক্সেলারেটর' গঠন করা হয়েছিল জরুরি মেডিক্যাল সরবরাহের জন্য, তহবিল জোগানোর জন্য। এর নেতৃত্বে ছিল নরওয়ে এবং বিশ্ব স্বাস্থ্য সংস্থার মহাপরিচালক তেদ্রস আদানোম গ্রেব্রেয়িসাস। গত বছর এর আওতায় কোভ্যাক্স গঠন করা হয় উন্নয়নশীল দেশগুলোর ২০ শতাংশ লোককে টিকা দেওয়ার খরচ জোগানোর জন্য। আশা করা হচ্ছে, ২০২১ সাল শেষ হওয়ার আগেই ৯২টি দেশকে ১.৭ বিলিয়ন ডোজ টিকা সরবরাহ করা হবে, এতে ২৬ শতাংশ জনসংখ্যা কাভার হবে। বোধগম্য কারণেই আফ্রিকার নেতারা এখন ৬০ শতাংশ কাভারেজ চাচ্ছেন এবং শেষ নাগাদ ৭০-৮০ শতাংশ কাভারেজ চাচ্ছেন।

এই মুহূর্তে আন্তর্জাতিক সহায়তা সবচেয়ে বেশি প্রয়োজন। অথচ কভিড এবং জাতীয় রাজনীতির কারণে বাইলেটারাল এইড কমিটমেন্ট গত বছর ৩০ শতাংশ কমানো হয়েছে; সহায়তার পরিমাণ ১০৮ বিলিয়ন ডলার থেকে ৭৯ বিলিয়ন ডলারে নামানো হয়েছে। দাতব্য প্রতিষ্ঠান ও করপোরেট প্রতিষ্ঠান এই ঘাটতির সর্বোচ্চ ১০ শতাংশ মেটাতে পারে। বিশ্বব্যাংক ও মাল্টিলেটারাল ডেভেলপমেন্ট ব্যাংকগুলো প্রতিবছর আরো ১০ বিলিয়ন ডলার দিতে পারে। তাতেও টিকার প্রয়োজন মেটাতে সমস্যা হবে।

ফলে ধনী দেশগুলোর ওপরই দায়িত্ব বর্তায় তহবিলের জোগানদাতার ব্যবস্থা করার- যতক্ষণ না কভিড একেবারে নির্মূল হচ্ছে। ইকুইটেবল বার্ডেন-শেয়ারিংয়ের একটা সুবিধা ব্যবসা-বাণিজ্য শুরু হলে ধনী দেশগুলো পাবে। এ পরিপ্রেক্ষিতে যুক্তরাষ্ট্রকে প্রয়োজনীয় টিকা-তহবিলের ২৫ শতাংশ জোগান দিতে হবে এবং যুক্তরাজ্য, ফ্রান্স, জার্মানী, ইতালী ও জাপান প্রত্যেককে ৪-৭ শতাংশ জোগান দিতে হবে, যাতে দরিদ্রতম দেশগুলো এ বিষয়ক খরচের হাত থেকে রেহাই পায়। জি-৭ বলেছে, তার সদস্যদের পূর্ণ জোগান দেওয়ার ঘোষণা দেওয়া উচিত, যার পরিমাণ মোট তহবিলের ৬০ শতাংশ। তারা সেটা করলে চীন, রাশিয়া ও স্ক্যান্ডিনেভীয় বিভিন্ন দেশ এবং তেলসমৃদ্ধ দেশগুলো এ বাবদ সহায়তা করতে বাধ্য হবে।

লেখক: ব্রিটেনের সাবেক প্রধানমন্ত্রী
সূত্র: দ্য গার্ডিয়ান ইউকে
ভাষান্তর ও সংক্ষেপণ: সাইফুর রহমান তারিক



ড. সালেহউদ্দিন আহমেদ

জীবন ও জীবিকার সমন্বয়

বেঁচে থাকার মতো বড় কোনো প্রত্যাশা মানুষের জীবনে নেই। একই সঙ্গে ভালোভাবে বেঁচে থাকাটাও জরুরি। কভিডের মতো বৈশ্বিক মহামারিতে মানুষের জীবন রক্ষা সবচেয়ে বড় চ্যালেঞ্জ। জীবন রক্ষা করতে গিয়ে জীবিকার ওপর আঘাত এসেছে। আবার জীবিকা অব্যাহত রাখতে গিয়ে জীবন হুমকির মুখে পড়েছে। তবে জীবন ঝুঁকির মধ্যে পড়লেও মানুষ জীবিকাকে অগ্রাহ্য করতে পারে না। তাই একদিকে করোনাভাইরাসে মানুষের মৃত্যু হচ্ছে, আরেক দিকে মানুষকে বেঁচে থাকার জন্য জীবিকার পথ অবলম্বন করতে হচ্ছে। তাতে কঠিন হয়ে পড়েছে মহামারি প্রতিরোধের কাজ। ভাইরাসটির সর্বাত্মক প্রভাবের জীবিকার উপায়, চাকরি, ব্যবসা বা অন্যান্য উৎস কোথাও কোথাও সংকুচিত হয়ে গেছে, কোথাও প্রায় বন্ধ হয়ে গেছে, কোথাও একেবারেই বন্ধ হয়ে গেছে। স্বাভাবিকভাবেই জীবিকার উপায় না থাকলে মানুষকে অন্যের সহযোগিতা নিয়ে বাঁচতে হয়। এভাবে জীবন ধারণ করা স্বাভাবিক নয়। এ জন্যই ভালোভাবে বেঁচে থাকার প্রশ্নটা আসে। এই সংকটজনক পরিস্থিতি থেকে উত্তরণের একমাত্র ভালো উপায় হলো জীবন ও জীবিকার সমন্বয় সাধন করা। এ ব্যাপারে বিতর্কের কোনো অবকাশ নেই। সরকারকেই এই সমন্বয় সাধনের কাজটা করতে হবে।

অনেকে বলছেন যে আগে বেঁচে থাকা দরকার, মানুষকে বাঁচিয়ে রাখা দরকার, তারপর দেখা যাবে কী করা যায়। এটা মোটেও সমাধানের কোনো পথ নয়। কারণ তাতে শেষ রক্ষাটা হয় না। মানুষ যদি বাঁচার মতো না বাঁচে এবং মৃতপ্রায় হয়ে বেঁচে থাকে, তার কোনো আয়ের সংস্থান না থাকে, তাহলে চূড়ান্তভাবে জীবন হুমকির মুখেই পড়ে। বলা যায়, জীবন ও জীবিকা মুদ্রার এপিঠ-ওপিঠ। মানে এই দুটি জিনিস ওতপ্রোতভাবে জড়িত। না চাইলেও যেহেতু জীবিকা থেকে মুখ ফিরিয়ে রাখা যায় না, তাই সমন্বয় সাধনটাই সমাধান।

মানুষের জীবিকার জন্য কী কী প্রয়োজন? খাদ্য প্রথমেই আসবে। তারপর স্বাস্থ্য। বাসস্থানের বিষয়ও আসবে। তারপর অন্যান্য প্রয়োজনীয় অত্যাবশ্যক বিষয়। তার মানে মৌলিক চাহিদা পূরণের ব্যবস্থা করতে হলে মানুষের অর্থের প্রয়োজন, সম্পদের প্রয়োজন। এটা কে আহরণ করবে। ব্যক্তিকেন্দ্রিক হলে ব্যক্তি। আর রাষ্ট্র যদি এগুলোর সংস্থান দেয়, রাষ্ট্র যদি খাদ্য বা বাসসংস্থানের ব্যবস্থা করে, তাহলে রাষ্ট্রেরও অর্থের প্রয়োজন। সে অর্থটা কোথা থেকে পাবে? সেটাও মানুষের কাছ থেকেই আসতে হবে। রাষ্ট্রের উৎসই তাই মানুষ। অতএব মানুষের আয়ের সংস্থান যদি বন্ধ হয়ে যাবে, তাহলে রাষ্ট্র অর্থ পাবে কিভাবে? আরেকটি জিনিস দেখতে হবে। সেটা মানুষের মানবিক দিক। মানুষের সুরক্ষা দরকার। তার যাতায়াতের ব্যবস্থা ঠিক রাখতে হয়। মানুষ শুধু খাবারের জন্য বেঁচে থাকে না। মৌলিক চাহিদা ও মানবিক চাহিদা দুটিই তার প্রয়োজন। মানুষ এবং অন্যান্য প্রাণীর মধ্যে পার্থক্য হলো মানুষের মধ্যে মৌলিক চাহিদা ছাড়াও অন্যান্য চাহিদা প্রকাশ পায়। এটাই হলো ভালোভাবে বেঁচে থাকা।

এই ভালোভাবে বেঁচে থাকার জন্যই জীবন ও জীবিকর সমন্বয় জরুরি। সমন্বয় সাধনটা কিভাবে করা যায়? প্রথমত, মানুষের জীবিকার উৎসগুলো অবারিত করা। সব রকম অর্থনৈতিক কর্মকান্ডের মধ্য দিয়ে জীবিকার পথ খোলা রাখা। এই দিকগুলো যদি বন্ধ হয়ে যায়, অর্থনীতির চাকাও মন্থর হয়ে যায়। ফলে জীবন রক্ষা করার জন্য মানুষ বেশি দূর যেতে পারবে না। তাই জীবন ও জীবিকা সম্পর্কে দুটি জিনিস লক্ষ করতে হবে। একটা হলো পিপল সেন্ট্রিক বা মানুষকেন্দ্রিক উন্নয়ন। অর্থাৎ আমরা যেটা বলি মানুষের জন্য উন্নয়ন এবং মানুষ দ্বারা উন্নয়ন। পিপল সেন্ট্রিক ডেভেলপমেন্ট মানেই হলো মানুষের আয়ের সংস্থান করা, তাকে বাঁচিয়ে রাখার জন্য যেসব উপকরণ রয়েছে বা পাওয়া যাবে, এমন সব কিছুর ব্যবস্থা করা। স্বাস্থ্য সুরক্ষার প্রশ্নটি এ কারণেই আসে।

দ্বিতীয়ত, মানুষের ভবিষ্যৎ বলে একটা কথা আছে। তাকে শুধু বাঁচিয়ে রাখলেই হয় না, তাকে ভবিষ্যতের জন্যও প্রস্তুত করতে হয়। মহামারি থেকে বাঁচানোর জন্য তাকে আপনি আটকে রাখতেই পারেন। কিন্তু এক পর্যায়ে আপনি যখন সব কিছু খুলে দেবেন, তখন জনশক্তি হিসেবে, চালিকাশক্তি হিসেবে জনগণ কতটা ভূমিকা রাখতে পারবে সেটা দেখার বিষয়। এই মহামারির মধ্যেই অনেক তরুণ শ্রমবাজারে প্রবেশ করছে। আবার অনেকে বেকার হয়ে পড়েছে। এখন তাদের কাজের মধ্যে না রাখলে, তাদের কাজ না দিলে অর্থনীতিকে তার পথে নিয়ে আসা কঠিন হয়ে পড়বে।

সম্প্রতি এক গবেষণায় জানা গেল, দেশে (বাকি অংশ ০৮ পাতায়)

নামাজের সময়-সূচী

মে	৩	৪	৫	৬	৭	৮	৯
ফজর	৪.২৫	৪.২৩	৪.২২	৪.২০	৪.১৯	৪.১৭	৪.১৬
সূর্যোদয়	৫.৫২	৫.৫১	৫.৪৯	৫.৪৮	৫.৪৭	৫.৪৬	৫.৪৫
জোহর	১২.৫৩	১২.৫৩	১২.৫২	১২.৫২	১২.৫২	১২.৫২	১২.৫২
আসর	৫.৪৯	৫.৫০	৫.৫১	৫.৫১	৫.৫২	৫.৫২	৫.৫৩
মাগরিব	৭.৫৪	৭.৫৫	৭.৫৬	৭.৫৭	৭.৫৮	৭.৫৯	৮.০০
এশা	৯.১৯	৯.২১	৯.২২	৯.২৩	৯.২৫	৯.২৬	৯.২৮

আমার বন্ধু জামিলুর রেজা চৌধুরী

সাপ্তাহিক ২৫ বছরে
বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika

মুহাম্মদ ইউনূস

অনেক ব্যস্ততার মধ্যে দিন শুরু হয়েছিল। আগামীকাল আমাদের নির্মাণ সংক্রান্ত উপদেষ্টা কমিটির মিটিং। দেশের নামকরা অনেক স্থপতি ও প্রকৌশলী এই কমিটির সদস্য। তাঁদের সবাইকে একত্রে পাওয়া আমাদের সৌভাগ্যের ব্যাপার। প্রফেসর জামিলুর রেজা চৌধুরী এদের সকলের শ্রদ্ধেয় ব্যক্তি। তিনি কমিটির চেয়ারম্যান। তিনি মিটিং-এর সকল নথিপত্র খুঁটিয়ে খুঁটিয়ে দেখেন। এটা তার সারা জীবনের অভ্যাস। খুঁটিনাটি কোনো বিষয়ই তাঁর চোখ এড়ানোর উপায় নেই। গতকাল আশরাফকে (আশরাফুল হাসান), যিনি আমাদের সকল নির্মাণ প্রকল্পের কেন্দ্রীয় ব্যক্তি, তিনি ডাকিয়ে নিয়েছিলেন নথিপত্রের আরো কিছু ব্যাখ্যা নেবার জন্য।

সকল ব্যস্ততা হঠাৎ থেমে গেলো। অবিশ্বাস্য এক খবর এসে সবাইকে চুরমার করে দিলো। জামিলুর রেজা আমাদের সবাইকে ছেড়ে চলে গেছেন। আমাদের কর্মকান্ডে তিনি এমন এক ভূমিকায় প্রতিষ্ঠিত ছিলেন যে তাঁকে ছাড়া আমরা আমাদেরকে ভাবতেই পারছিলাম না। এরকম একটা সংবাদ কীভাবে সম্ভব! এটা আমরা কীভাবে গ্রহণ করবো। মাথায় কিছুই কাজ করছিল না। তাঁর সম্বন্ধে অনেক কথাই শুনেছিলাম ইংল্যান্ডের সাউদাম্পটন বিশ্ববিদ্যালয়ে। আমি আমেরিকায় শিক্ষকতার পেশায় ইস্তফা দিয়ে দেশে ফিরে আসছিলাম। ১৯৭২ সালের জুন মাস। ফেরার পথে আমার ভাই ইব্রাহীমের সঙ্গে দেখা করে যাবো বলে সাউদাম্পটন বিশ্ববিদ্যালয়ে গিয়েছিলাম। সেখানে সবার কাছে জামিলুর রেজার নানা গল্প শুনেছিলাম। কয়েক বছর আগে তিনি এই বিশ্ববিদ্যালয় থেকে পিএইচডি করে দেশে ফিরে গেছেন। কে জানতো এই ব্যক্তির প্রতি আমার অনুভূতি একদিন গভীর বন্ধুত্বে পরিণত হবে সারা জীবন ধরে এই বন্ধুত্ব গভীরতর হবে।

গ্রামীণ ব্যাংকের ষোলো সিদ্ধান্তের একটা সিদ্ধান্ত ছিল 'ভাঙ্গা ঘরে থাকবো না, ভাঙ্গা ঘর তাড়াতাড়ি মেরামত করবো। এবং যত শিগগিরই সম্ভব নতুন ঘর তুলবো।' বিরাট এক সিদ্ধান্ত। ১৯৮৭ সালে প্রথমে চারটি খুঁটি তৈরী করার জন্য ঋণ দিলাম। আমরা ছোট প্রতিষ্ঠান। সদ্যপাশ করা একজন ইঞ্জিনিয়ার নিয়েছিলাম আমাদের প্রযুক্তিগত বিষয়গুলির দিকে নজর রাখার জন্য। সেই হলো আশরাফ। প্রথমে নানারকম খুঁটিনাটি কাজে তাকে ব্যস্ত রাখা হতো। খুঁটি বানানোর কাজে তার ডাক পড়লো। আমাদের সকল শর্ত পূরণ করে একটি মজবুত সস্তা খুঁটি বানানোর জন্য সোৎসাহে আশরাফ কাজে লেগে গেলো। একাজে আশরাফ জামিলুর রেজার দৃষ্টি আকর্ষণ করলো। ক্রমে ক্রমে আশরাফেরও কাজ বাড়লো আর জামিলুর রেজাও আমাদের সকল কর্মে জড়িয়ে গেলেন। খুঁটি থেকে আমরা পূর্ণাঙ্গ গৃহঋণ দেবার কাজে আগ্রসর হলাম। বারো হাজার টাকার গৃহঋণ। ১৯৮৯ সালে আগা খান স্থাপত্য পুরস্কার পেলো গ্রামীণ ব্যাংক এই গৃহঋণ কর্মসূচি ও গৃহঋণের ডিজাইনের জন্য। আমরা মহাখুশী। জামিলুর রেজার সঙ্গে আমার ঘনিষ্টতা বাড়লো ১৯৯৩ সালে বুয়েটের সমাবর্তন বক্তৃতাকে কেন্দ্র করে। সে-বছর বুয়েট আমাকে আমন্ত্রণ জানালো তাদের সমাবর্তন বক্তৃতা দেবার জন্য। সেই সমাবর্তন বক্তৃতায় আমাদের গৃহঋণ কর্মসূচীর কথাও বললাম। সেখানে এবং অন্যান্য অনেক কাজে প্রকৌশলীদের ভূমিকার কথা বললাম। বক্তৃতার শিরোনাম দিলামঃ 'পথের বাধা সরিয়ে দিন, মানুষকে এগুতে দিন'। প্রধানমন্ত্রীর উপস্থিতিতে সরকারের সমালোচনা করায় কেউ কেউ উষ্মা প্রকাশ করলেন। কিন্তু শিক্ষক-ছাত্ররা আমার বক্তব্য পছন্দ করলো। জামিলুর রেজা আমার বক্তব্যগুলিকে গভীরভাবে সমর্থন করলেন।

গ্রামীণ ব্যাংকের শুরু থেকে এতে কম্পিউটার ব্যবহারের চেষ্টা চালাচ্ছিলাম। জামিলুর রেজার কাছে সবসময় পরামর্শ নিচ্ছিলাম কি করা যায়। ইন্টারনেট চালু করার ব্যাপারে প্রযুক্তিগত কাঠামো ছিল না। ঢাকা থেকে কোথাও ইমেইল করতে হলে তখন ইমেইলগুলি একত্র করে সিংগাপুরে পাঠাতে হতো। তাৎক্ষণিকভাবে পাঠাবার ব্যবস্থা তখনো সৃষ্টি হয়নি। সব মেইল একত্র করে এক এক দফায় সিংগাপুরে পাঠাতাম। সারাদিনে দু'বার পাঠানো যেতো। কম্পিউটার কিনতে হলে সরকারের অনুমতি নিতে হতো। অনুমতি নেয়াটাও একটা জটিল ব্যপার ছিল। ফ্যাক্স মেশিন কিনতে হলে সরকারের অনুমতি নেয়া বাধ্যতামূলক ছিল। আমরা সরকারের অনুমতি নেয়ার ব্যাপারটাতে ঘোরতর আপত্তি জানিয়ে আসছিলাম। জামিলুর রেজা সরকারের সমস্ত ব্যাখাকে যুক্তিহীন প্রমাণ করলেন। সরকার নিয়ম পাল্টালো না, তবে নিয়মগুলি পালনের ব্যাপারে কড়াকড়ি করা থেকে বিরত হলো।

১৯৯৬ সালে তত্বাবধায়ক সরকার হলো। আমি এবং জামিলুর রেজা একই সঙ্গে এই সরকারে কাজ করার সুযোগ পেলাম। আমরা ভাবলাম যে এই সুযোগে কম্পিউটার ও ইন্টারনেট বাবদ যত প্রতিবন্ধকতা সরকার সৃষ্টি করে রেখেছে সেগুলি বাতিল করে তার জায়গায় কম্পিউটার ও ইন্টারনেটের ব্যবহার সহজ করার আইনী কাঠামো তৈরী করে ফেলতে হবে।

১৯৯৭ সালে গ্রামীণ কমুনিকেশান্স প্রতিষ্ঠা করলাম কম্পিউটারাইজেশান, ইন্টারনেটকে বহুলভাবে সম্প্রসারিত করার জন্য। শুরু থেকেই জামিলুর রেজা এর বোর্ডের সদস্য থাকলেন। ধরে নিয়েছিলাম যে তাঁর হাজারো ব্যস্ততার মাঝে তাঁকে হয়তো কখনো-সখনো বোর্ড মিটিং-এ উপস্থিত পাবো। আশ্চর্য্য হলাম তিনি প্রতিটি মিটিং-এ শুধু উপস্থিত থাকলেনই নয়, প্রতিটি বিষয়ের খুঁটিনাটি বিষয়ে তাঁর মতামত ও পরামর্শ দিচ্ছেন। আমাদের ছোট ছোট কর্মসূচীর সঙ্গে তিনি বিশেষ আগ্রহ নিয়ে যুক্ত হয়ে যাচ্ছেন। একটা উদাহরণ দেইঃ আমরা ঢাকার সঙ্গে পৃথিবীর বিভিন্ন জায়গায় ইন্টারনেট সংযোগ করতে পারলেও দেশের ভেতর কোথাও ইন্টারনেট সংযোগ করতে পারছিলাম না। গ্রামীণ কম্যিনিকেশান্সের এমডি নাজনীন প্রস্তাব দিলো আমরা পরীক্ষামূলক একটা প্রকল্প নিতে পারি। জামিলুর রেজা সোৎসাহে এতে মেতে গেলেন। ১৯৯৮ সালে



আমাদের এই উদ্যেগ শুরু হলো। ঢাকার সঙ্গে কানেক্টিভিটি স্থাপন করতেই হবে। জামিলুর রেজা বিভিন্ন পরিকল্পনা দিতে থাকলেন। সিদ্ধান্ত হলো টাঙ্গাইলের মির্জাপুর ও মধুপুরে ভিলেজ ইন্টারনেট ও কম্পিউটার সেন্টার স্থাপন করা হবে এবং এই সেন্টারগুলির সঙ্গে ঢাকার ইন্টারনেট সংযোগ থাকবে। এই প্রকল্পের কাজ নিয়ে তিনি ব্যস্ত হয়ে গেলেন। এর অগ্রগতি দেখার জন্য তিনি মির্জাপুর ও মধুপুর গেলেন। শেষ পর্যন্ত ইন্টারনেট সংযোগ সফল হলো। স্থানীয় লোক এই সেন্টারে এসে ঢাকার সঙ্গে যোগাযোগ করা আরম্ভ করলো। তিনি রাড্ডা বারননের বোর্ডে ছিলেন। তাদের পরামর্শ দিলেন তাদের আউটডোর রোগী ব্যবস্থাপনার উন্নতির জন্য একটা সফটওয়্যার তৈরী করতে। পরামর্শ দিয়েই তাঁর কাজ শেষ করেননি। তিনি গ্রামীণ কম্যিনিকেশান্স-কে দায়িত্ব দিলেন সেই সফটওয়্যার তৈরী করার জন্য। তার সঙ্গে পরামর্শ দিলেন এই সফটওয়্যার কীভাবে তৈরী করতে হবে। শেষ পর্যন্ত একটি চমৎকার সফটওয়্যার তৈরী করিয়ে দিয়েছেন।

প্রযুক্তির ব্যাপারে তাঁর আগ্রহের কোনো সীমা ছিল না। ১৯৯৭ সালে গ্রামীণফোন কার্যক্রম শুরু হবার পর থেকে মোবাইল ফোনের সম্ভাবনা নিয়ে অত্যন্ত উৎসাহী হয়ে পড়লেন। প্রতিনিয়ত আমাদের পরামর্শ দিচ্ছিলেন এর সাম্প্রতিক ব্যবহার কী হতে পারে। আমরা যখন তাঁকে গ্রামীণফোনের বোর্ড মেম্বার হবার জন্য অনুরোধ করলাম তিনি সোৎসাহে রাজী হয়ে গেলেন। বরাবরের মত এই বিশাল প্রতিষ্ঠানের যাবতীয় নথি অতি সূক্ষ্মভাবে পরীক্ষা না-করে তিনি কোনোদিন বোর্ড মিটিং-এ উপস্থিত হননি। গ্রামীণফোনের মত প্রযুক্তি ভিত্তিক প্রতিষ্ঠান পরিচালনায় তিনি তাঁর মেধার অসামান্য পরিচয় রেখে গেছেন। শুধু মৃত্যু এসে তাঁর এই একনিষ্ট ভূমিকায় ছেদ টেনে দিয়ে গেলো।

ক্রমে ক্রমে আশরাফের কাজের পরিধি বাড়লো। আশরাফকে কেন্দ্র করে প্রকৌশল বিভাগ সৃষ্টি হলো। গ্রামীণ ব্যাংক খুঁটি নির্মাণ থেকে টয়লেট নির্মাণ, শাখা অফিস নির্মাণের কর্মকান্ড থেকে আরো বড় রকমের নির্মাণ কাজে নেমে গেলো। অন্যদিকে জামিলুর রেজাও দেশব্যাপী জাতীয় গুরুত্বপূর্ণ প্রকল্পের মধ্যমনি হয়ে পড়লেন। কিন্তু সবকিছু সত্ত্বেও জামিলুর রেজা আমাদের থেকে দূরে সরে তো যানইনি, বরং আমাদের সঙ্গে সম্পর্ক ঘনিষ্ঠতর করেছেন।

আমাদের অবকাঠামো নির্মাণ ক্রমেই বড়ো হতে থাকলো। গাইড করার জন্য জামিলুর রেজা সবসময় সঙ্গে থাকলেন। অবকাঠামো নির্মাণকে সঠিকভাবে পরিচালনার জন্য তাঁকে নিয়ে আমরা কমিটি করলাম। নাম দিলাম 'উচ্চ পর্যায়ের কমিটি'। সে কমিটি অবকাঠামো নির্মাণের সর্বোচ্চ নীতিনির্ধারণী কমিটি হিসেবে কাজ করতে থাকলো।

প্রথমে শাখা অফিস ও এরিয়া অফিস নির্মাণের কাজ দিয়ে শুরু হলো এর কর্মকান্ড। পরে আসলো প্রধান কার্যালয় নির্মাণের কাজ। প্রথম পর্বে তিনটি পাঁচতলা ভবন নির্মাণের কাজ। দ্বিতীয় পর্বে একটি ২২ তলা ভবন নির্মাণ। বাইশ তলা ভবন নির্মাণে তিনি গভীরভাবে যুক্ত হয়ে গেলেন- বহুতল ভবন নির্মাণের ব্যাপারে তাঁর ব্যক্তিগত ইন্টেলেকচুয়াল আগ্রহের কারণে। সেটা আরো গভীরতর হলো একটা প্রযুক্তিগত বিতর্ককে কেন্দ্র করে। বাইশ তলা ভবনের ডিজাইনকে নিয়ে। কন্সাল্ট্যান্ট কোনোভাবেই ভবনটি পাইল ফাউন্ডেশন ছাড়া নির্মাণ করতে দিবেন না। আর আমাদের প্রকৌশল বিভাগের তরুণ প্রকৌশলীরা মত দিচ্ছে এটা ম্যাট ফাউন্ডেশনের উপর অবশ্যই করা যায়, এবং এতে নির্মাণ ব্যয় অনেক কম হবে। এই দ্বন্দ্ব গড়ালো দু'বছর ধরে। নানা যুক্তি, পাল্টা যুক্তি আসলো। জামিলুর রেজার নেতৃত্বে নানাভাবে সয়েল টেস্ট করা হলো। অবশেষে তাঁর দৃঢ় সমর্থনে সিদ্ধান্ত হলো এটা ম্যাট ফাউন্ডেশনের উপর নির্মাণ করা হবে। এর জন্য ম্যাট ফাউন্ডেশনের নতুন একটি প্রযুক্তি ব্যবহার হলো; যেটা এর আগে বাংলাদেশে কেউ ব্যবহার করে দেখেনি। জামিলুর রেজা প্রতিনিয়ত এই নির্মাণের তদারক করেছেন যেন কোথাও এর কোনো ত্রুটি না থাকে। এই ভবন নির্মাণে প্রতিষ্ঠানের বিপুল অংকের অর্থ সাশ্রয় হয়েছে। এই ভবন নির্মাণে প্রতি বর্গফুটে নির্মাণ ব্যয় হয়েছে মাত্র ৮০০ টাকা! এত কম খরচে এপর্যন্ত কেউ বহুতল ভবন বাংলাদেশে নির্মাণ করতে পারে নি।

আমাদের কর্মসূচি বিস্তৃত হয়েছে। বহুরকমের নির্মাণ কাজ আমরা হাতে নিয়েছি। জামিলুর রেজার সমর্থন ও পরামর্শের আওতা তার সঙ্গে বিস্তৃত হয়েছে। তাঁর মৃত্যুর আগের দিনও তিনি আমাদের পরামর্শ দিয়েছেন এবং পরের দিন মিটিং-এ থাকা নিশ্চিত করেছেন। এগুলির মধ্যে ছিল ১৩ তলা টেলিকম ভবন নির্মাণ। চিড়িয়াখানা রোডে অবস্থিত এটি একটি অত্যাধুনিক ভবন। তিনি এই ভবনের স্থপতি নির্বাচন প্রক্রিয়ায় নিয়োজিত জুরি বোর্ডের সভাপতি ছিলেন। ভবন নির্মাণের সকল পর্যায়ে উপদেষ্টা কমিটির চেয়ারম্যান হিসেবে প্রতিনিয়ত এর নির্মাণ কাজে পরামর্শ দিয়ে গেছেন।

আমাদের সর্ববৃহৎ নির্মাণ কাজটি তাঁর হাতে শুরু হয়েছে। প্রথম পর্বে এক হাজার ছাত্র-ছাত্রীর জন্য একটি আধুনিক নার্সিং কলেজ নির্মাণ (গ্রামীণ ক্যালিডোনিয়ান কলেজ অফ নার্সিং)। একাডেমিক ভবনের সঙ্গে সাতশত ছাত্রীর জন্য ডরমেটরি নির্মাণ। প্রথম পর্বের সমগ্র প্রকল্পের পূর্ণাঙ্গ মাস্টার প্ল্যান ও ভবনের ডিজাইন-ডিজাইন কম্পিটিশন IAB-এর মাধ্যমে আয়োজন করা হয়। যথারীতি জামিলুর রেজা গভীর নিষ্ঠা নিয়ে, প্রচুর সময় দিয়ে, সকলের পূর্ণ আস্থা নিয়ে জুরি বোর্ডের সভাপতির দায়িত্ব পালন করেছেন। প্রথম পর্বের কাজ শেষ হয়েছে। নার্সিং কলেজের ভিত্তিপ্রস্তর স্থাপনে তিনি অংশগ্রহণ করেছেন। এই এপ্রিল মাসে নার্সিং কলেজের ছাত্রছাত্রীরা এবং অধ্যাপকবৃন্দ এই নতুন ভবনে প্রবেশ করবে। জামিলুর রেজার মৃত্যুর একবছর পর তাঁর বিরামহীন পরামর্শে নির্মিত ভবনে তারা শিক্ষা গ্রহণ শুরু করবে। অন্যান্য স্থানে নির্মিত সব ভবনে আমরা তাঁকে নিয়ে প্রবেশ করেছি। আমাদের দুর্ভাগ্য নার্সিং কলেজে আমরা তাঁকে নিয়ে ঢুকতে পারলাম না।

নার্সিং কলেজের পাশে দ্বিতীয় পর্বের কাজটিও অগ্রসর হচ্ছে। এই পর্বে থাকছে পাঁচশত বেডের হাসপাতাল, ৫০০ সীটের মেডিক্যাল কলেজ, এবং হেলথ টেকনোলজি ইনস্টিটিউট। এই পর্বের ডিজাইনের জন্য দেশী-বিদেশী কনসাল্ট্যান্টদের মধ্য থেকে কনসাল্ট্যান্ট বাছাই চূড়ান্ত করা ও নিয়োগ করার প্রক্রিয়ায় তিনি তাঁর মেধা ও ধৈর্য্যের অপূর্ব পরিচয় দিয়েছেন। ডিজাইন ডেভেলপমেন্টের খুঁটিনাটি নিয়ে তাঁর সভাপতিত্বে উপদেষ্টা কমিটি নিয়মিত বৈঠক করে যাচ্ছিল। এই কমিটির মিটিং যে তারিখে অনুষ্ঠিত করার জন্য সকল প্রস্তুতি শেষ হয়েছিল তার আগের দিন তিনি আমাদের কাছ থেকে বিদায় নিয়ে গেলেন আমাদের না জানিয়ে?

২০১৬ সালে আশুলিয়ার জিরাবোতে ঢাকার সর্ববৃহৎ কনভেনশান সেন্টার নির্মাণের সকল পর্যায়ে জামিলুর রেজা পরামর্শ দিয়ে গেছেন। এরপর আসলো আরেকটি বহুতল ভবন নির্মাণের কাজ। চিড়িয়াখানা রোডে তেরো তলাবিশিষ্ট আত্যাধুনিক টেলিকম ভবন নির্মাণ।

আমাদের কাজের সঙ্গে কত গভীরভাবে তিনি জড়িত ছিলেন সেটা সবার জানার কথা নয়। তেমনি আরো কত প্রতিষ্ঠানের সঙ্গে তিনি একই গভীর মনোযোগ দিয়ে কাজ করেছেন সেটা তারা ছাড়া হয়তো আর কেউ কোনোদিন জানতে পারবে না। আমাদের নির্মাণ কাজে তাঁর যে অবদান সেটা আমারও পুরোপুরি জানার কথা নয়। আমাদের প্রকৌশল বিভাগই ভালো করে জানবে। আমি জানি আমাদের প্রকৌশল বিভাগ তারই হাতে তৈরী। তারই আদর্শে উজ্জীবিত।

আমার ভারী মজা লাগতো যখন দেখতাম কিছুক্ষণ আগে যে জামিলুর রেজা আন্তর্জাতিক পরামর্শক বেষ্টিত হয়ে তাদের জন্য রচিত আলোচ্যসূচির মধ্যে ডুবে ছিলেন- তিনি সে মিটিং সেরে এসে অবলীলাক্রমে আমাদের সঙ্গে ভিন্ন ভঙ্গীর আলোচনায় বসে গেছেন। যমুনা সেতু অথরিটি কিংবা পদ্মাসেতুর কনসাল্ট্যান্ট বা কন্ট্রাকটরদের সঙ্গে বাদানুবাদ করে সেই মিটিং থেকে তিনি সোজা আমাদের কাছে চলে আসছেন গ্রামীণ কম্যিনিকেশন্সের বোর্ড মিটিং-এ যোগ দিতে, খুঁটিনাটি বিষয়ে পরামর্শ দিতে। কোনোদিন বলেন নি- তাঁর উপর কাজের চাপ বেড়ে গেছে, এখন তিনি আমাদের জন্য আগের মত সময় দিতে পারবেন না। বরং তিনিই উদ্যোগী হয়ে আমাদের কর্মকর্তাদের ডাকাডাকি করে জানতে চেয়েছেন, পরামর্শ দিয়েছেন।

পদ্মাসেতু, যমুনাসেতু- বাংলার মানুষের এই দুই স্বপ্নের সেতুর সঙ্গে তাঁর নাম যুক্ত হতে দেখে দেশের সকল মানুষ স্বস্তি পেয়েছে। তিনি সারাজীবন জাতির কাছে নির্ভাবনার প্রতিক হয়ে থেকেছেন। দেশের মধ্যে শত মত-পার্থক্য থাকা সত্ত্বেও তাঁর কোনো কাজে বা কোনো মন্তব্যে জাতি তাঁর উপর আস্থা কখনো হারায়নি।

জামিলুর রেজা বিশ্বমাপের মানুষ। আমরা সৌভাগ্যবান যে আমরা তাঁকে আমাদের মধ্যে পেয়েছি। তিনি শুধু আমাদের প্রযুক্তি এবং অবকাঠামোর জগতকে সমৃদ্ধ করেননি তিনি তাঁর প্রতিভার ছোঁয়ায় স্থায়ীভাবে এদেশকে এবং এদেশের মানুষকে সমৃদ্ধ করেছেন, এদেশের তরুণদের উদ্বুদ্ধ করেছেন।

ধন্যবাদ, জামিলুর রেজা চৌধুরী। আমরা তোমার কাছে কৃতজ্ঞ রইলাম। তোমাকে আমাদের স্মৃতিতে স্থায়ীভাবে ধরে রেখে আমরা তোমার প্রতি আমাদের কৃতজ্ঞতা

LAW OFFICE OF ALBERT GHUNNEY
ATTORNEY AT LAW
ACCIDENT / IMMIGRATION / DIVORCE
ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, সিটিজেনশীপ, এসাইলাম ও ওয়ার্ক পারমিট রিনিউ।
ডিভোর্স, চাইল্ড সাপোর্ট, কাস্টডি, এলিমনি। ইনকর্পোরেশন এন্ড বিজনেস ট্যাক্স
বাংলাদেশ থেকে B1/B2/F1/M1/J1 ভিসা প্রসেস
সহযোগিতার জন্য যোগাযোগ করুনঃ
ইমিগ্রেশন সার্ভিসে ১২ বছরের অভিজ্ঞ নিউইয়র্ক স্টেট লাইসেন্সড ল'ইয়ার
MURAD HOSSAIN MSS, LLB (DU), LLM USA, DTL UK
347-891-8958, h_m_murad@yahoo.com
37-22 73rd Street, (1F), Jackson Heights, NY 11372

বাংলাদেশ কম্যুনিটিতে এখন সবচেয়ে বিশ্বস্ত ট্রাভেল এজন্সি

ডিজিটাল ট্রাভেলস এস্টোরিয়া



SUPER WINTER SALE

আমরা IATA অনুমোদিত

ফোন: 718-721-2012

উমরাহ্ স্পেশাল

★ হোটেল ★ ভিসা ★ ট্রান্সপোর্টেশান

KUWAIT AIRWAYS

QATAR AIRWAYS القطرية

Emirates

TURKISH AIRLINES

السعودية SAUDIA

আমাদের অফিস শুধুমাত্র এস্টোরিয়ায়

Digital Travel Astoria

ডিজিটাল ট্রাভেলস এস্টোরিয়া

2578, 31st Street, Astoria, NY 11102

সাবওয়েতে N ও W ট্রেনে 30th Avenue Station

Cell: 917-459-7181

We are on Facebook

website: www.digitaltraveltour.com

জীবন ও জীবিকার সমন্বয়

(৪ পাতার পর)

নতুন করে প্রায় আড়াই কোটি মানুষ দরিদ্র হয়েছে। এ ক্ষেত্রে একটা বিষয় লক্ষ করা দরকার। বিপুলসংখ্যক মানুষ দারিদ্র্যসীমার কাছাকাছি থাকে। সমাজ বা ব্যক্তি জীবনে কিছু ঘটলেই, আয়ের উৎস সামান্য বাধাগ্রস্ত হলেই এবং দুর্ঘটনা, স্বাস্থ্যহানি বা অসুখবিসুখ হলেই সে দারিদ্র্যসীমার নিচে চলে যায়। কভিড এই কাজটিই করেছে। মানুষের আয়ের উৎস ক্ষতিগ্রস্ত হয়েছে বলে জীবনযাত্রার ব্যয় মেটাতে গিয়ে পর্যায়ক্রমে সে সর্বস্বান্ত হয়ে গেছে। এই শ্রেণির সাধারণত সঞ্চয় থাকে না। তাই তার ঘুরে দাঁড়ানোরও সুযোগ থাকে না।

আমার মনে হয়, এই পরিস্থিতি থেকে উত্তরণের জন্য জরুরি ভিত্তিতে কতগুলো পদক্ষেপ নেওয়া দরকার, যা জীবন ও জীবিকার মধ্যে সমন্বয় সধান করবে। প্রথম পদক্ষেপটাই হবে স্বাস্থ্য খাতে। চলমান মহামারি প্রতিরোধ ও কভিড চিকিৎসা দুটিই সমানতালে চালিয়ে যাওয়ার জন্য সর্বোত্তম ব্যবস্থাপনা নিশ্চিত করতে হবে। রাষ্ট্রের সর্বশক্তি দিয়ে এই কাজটি করতে হবে। টিকা দেওয়া, কঠোর স্বাস্থ্যবিধি মেনে চলার ব্যবস্থা করতে হবে। মাস্ক ব্যবহার করুন, দূরত্ব বজায় রাখুন- এটা বললেই হবে না। দরকার হলে কঠিন অর্থদন্ড দিতে হবে।

দ্বিতীয়ত হলো চাল, ডাল, তেল, চিনিসহ নিত্যপ্রয়োজনীয় খাদ্যদ্রব্যের সরবরাহটা স্বাভাবিক রাখতে হবে। এ জন্য সব সময়ই যেন এসব পণ্যের মজুদ স্বাভাবিক থাকে, সেদিকে সজাগ দৃষ্টি রাখতে হবে। সরকারি খাদ্যগুদামে চালের মজুদ ১৫ লাখ টন থাকার কথা। সম্প্রতি জানা গেল সে মজুদ নেই। যেকোনো পণ্যের মজুদ বা সরবরাহের অভাব থাকলে সেই সুযোগটা কিন্তু মজুদদাররা এবং বিক্রেতারা নেয়। তাই সরকারের পর্যাপ্ত খাদ্যপণ্য মজুদের ব্যবস্থা করতে হয়, যেটাকে আমরা বলি বাফার স্টক। এর দুটি দিক। একটি হলো আপৎকালে জনগণকে সাহায্য করা যায়। আরেকটি হলো পাল্টা ব্যবস্থা অর্থাৎ চেক অ্যান্ড ব্যালান্স। যাতে হোলসেলাররা দাম বাড়াতে চাইলেই তারা জানবে যে সরকারের হাতে অনেক মুজদ আছে। আরেকটা জিনিস হলো উৎপাদন যাতে ব্যাহত না হয়। কৃষি খাতে ভর্তুকি, প্রণোদনাসহ যা যা করণীয় করতে হবে।

তৃতীয় পদক্ষেপটা হবে অ্যাকসেস টু ফিন্যান্স তথা অর্থায়নের সুযোগ। ছোট ছোট ব্যবসা-বাণিজ্য, দোকানপাট- এগুলোকে টিকিয়ে রাখতে অর্থায়ন প্রয়োজন। দুঃখজনক হলেও সত্য, সরকার প্যাকেজে থাকার পরও এই অর্থ তাদের কাছে যায়নি। সামনে আরেকটি নতুন প্যাকেজ আসবে। জাতীয় বাজেটও আসছে। ব্যাংকেও প্রচুর তারল্য জমে আছে। এখন ক্ষতিগ্রস্ত ক্ষুদ্র ব্যবসায়ীদের হাতে যেন প্রণোদনার অর্থটা যায়, তা নিশ্চিত করতে প্রয়োজনে ব্যাংকগুলোকে বাধ্য করতে হবে। ব্যাংকাররা যুক্তি দেবেন যে রিস্ক ফ্যাক্টর আছে। সে ক্ষেত্রে সরকার থেকে বলতে হবে যে কিছুটা রিস্কটা তারা বহন করবে। আমাদের মনে রাখতে হবে, এ ধরনের প্রণোদনা রিলিফের চেয়ে অনেক ভালো। আরেকটি বিষয় গুরুত্ব দিয়ে খেয়াল রাখতে হবে, ক্ষুদ্র ব্যবসায়ীরা যেন ব্যবসাটা চালিয়ে যেতে পারে। তারা যেন দাঁড়াতে পারে। তাদের ব্যবসা-বাণিজ্য যদি না দাঁড়ায়, তা হলে প্রণোদনা দিয়েও লাভ হবে না, বিশেষ করে এখন ঈদের সময় এসেছে। রোজার মাস চলছে। এ সময়টা ক্ষুদ্র ব্যবসায়ীদের আয়ের বিরাট একটি উৎস। তাই তারা যেন ব্যবসা-বাণিজ্য চালু করতে পারে সেদিকে নজর রাখতে হবে। তা না করে ঢালাওভাবে লকডাউন দিলে লাভ হবে না। সরকারের যেকোনো আদেশে জনগণ দেখতে চায় তাতে তাদের মঙ্গলটা কী।

চতুর্থত পদক্ষেপটা হবে সামাজিক সুরক্ষা বৃদ্ধি। আমাদের দেশে সেই অর্থে সামাজিক সুরক্ষা গড়ে ওঠেনি। বয়স্ক ভাতা কিছু আছে। সামাজিক নিরাপত্তাবেষ্টনীর টাকা তো ঠিকঠাকভাবে বা ঠিক সময়ে মানুষের হাতে যায় না। যে তালিকা হয়, তাতেও ঝামেলা থাকে, নানা রকম গলদ থাকে। এখন আগামী বাজেটে সামাজিক সুরক্ষা ব্যাপক করতে হবে। হেলথ ইনস্যুরেন্সের বিষয়টি গুরুত্ব দিয়ে বিবেচনা করতে হবে। পঞ্চম পদক্ষেপটি খুব গুরুত্বপূর্ণ। সেটা হচ্ছে সামাজিক পুঁজির পৃষ্ঠপোষকতা। জীবন ও জীবিকার যত ভালো সমন্বয় ঘটবে, সামাজিক পুঁজি তত বেশি শক্তিশালী হবে। মানুষে মানুষে সম্পর্ক, সহানুভূতি, সামাজিক সংহতি, সহযোগিতা, সম্প্রীতি, আস্থা, বিশ্বাস, মঙ্গল আকাংখা, মূল্যবোধ বজায় রাখা-ই সবকিছুই সামাজিক পুঁজির অংশ। সমাজের এই কাঠামোগুলো যেন ঠিকঠাক থাকে সেদিকে খেয়াল রাখতে হবে। এ জন্য সামাজিক প্রতিষ্ঠানগুলোকে আরো কিভাবে কাজে লাগানো যায়, তা নিয়ে ভাবতে হবে। সামাজিক পুঁজি যদি দৃঢ় হয়, তাহলে সংকট কাটিয়ে ওঠা যেমন সহজ হয়, তেমনি অর্থনৈতিক কর্মকান্ড সহজ হয়ে ওঠে। অন্যভাবে বললে, জীবিকার পথ যদি সহজ হয়, তাহলে মানুষের সামাজিক পুঁজিটা অনেক দৃঢ় হয়।

কভিড মহামারি আমরা হয়তো একসময় অতিক্রম করতে সক্ষম হব; কিন্তু সমাজ ও জীবনে এর ক্ষত বয়ে বেড়াতে হবে অনেক দিন। তাই যত দ্রুত সম্ভব এর প্রতিরোধব্যবস্থা গ্রহণ যেমন কাম্য, তেমনি সামাজিক ক্ষত যেন দীর্ঘকাল বয়ে বেড়াতে না হয় সেই ব্যবস্থা নিতে হবে। এই ব্যবস্থা হলো জীবন ও জীবিকার সর্বোচ্চ সমন্বয়। তাই যেটা বলে আসছি, এবার গতানুগতিক বাজেট না করে এবারে কভিড থেকে রক্ষার পাশাপাশি জীবিকা রক্ষায়ও সমান নজর দিতে হবে।

লেখক : বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর, ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক

EFFICIENT MEDICAL CARE DHAKA DENTAL P.C.

ডা. বর্ণালী হাসান এমডি ও ডেন্টিস্ট মাহফুজুল হাসান ডি.ডি.এস
দুটি অফিসের মাধ্যমে দীর্ঘদিন ধরে চিকিৎসা সেবা দিয়ে আসছেন


DR. MAHFUJUL HASAN D.D.S


DR. BORNALI HASAN MD

উভয় অফিসে এপয়েন্টমেন্টের জন্য আমাদের সাথে যোগাযোগ করুন

চিকিৎসা সেবায় আগ্রহী ব্যক্তিরা যেকোন একটি অফিসে যোগাযোগ করতে পারেন। প্রায় সব ধরনের মেডিকেইড, প্রাইভেট এবং ইউনিয়ন ইনসিওরেন্স গ্রহণ করা হয়।

মেডিকেইড, ফিডালিস কেয়ার, হেলথ ফার্স্ট ও এ্যাফিনিটি ইনসিওরেন্সের গ্রাহকেরা তাৎক্ষণিক ভাবে দাঁতের চিকিৎসা নিতে পারেন।

আমাদের শাখা দু'টি

JAMAICA
170-09 Hillside Ave. Jamaica, NY 11432
Tel: (718) 291-2710 (MEDICINE),
(718) 480-8877 (DENTAL)

SUNNY SIDE
40-14 Green Point Ave. Sunnyside, NY 11104
Tel: (718) 392-2858 (MEDICINE),
(718) 779-1300 (DENTAL)

General Dentist :
Dr. Hatim Gandhi, D.D.S
Dr. Frederik Fisher, D.D.S

ম্যানহাটনে বাংলাদেশী এটর্নী



● ইমিগ্রেশন ● রিয়েল এস্টেট
● এক্সিডেন্ট ● ল্যান্ডলর্ড-টেনেন্ট
● ব্যাংক্রাপসি ● ডিভোর্স সহ বিভিন্ন

সমস্যার আইনগত সহায়তার জন্য যোগাযোগ করুন।

মোহাম্মদ এ. আজিজ Esq
এটর্নী এট ল'
For Appointment: (917)-434-3338
Tel: 212-695-0055, Fax: 212-695-0056, Email: azizbbu@yahoo.com
421 7th Avenue, Suite# 905, New York, NY 10001

কলম্বিয়া ইউনিভার্সিটি ল' গ্রাজুয়েট, লন্ডন ইউনিভার্সিটি থেকে ব্রিটিশ ফরেন ও কমনওয়েলথ

অফিসের অধীনে শেভনিং স্কলার ও হিউম্যান রাইটস-এ মাস্টার্স, ঢাকা ইউনিভার্সিটি থেকে আইনে অনার্স ও মাস্টার্স (১ম শ্রেনী), বিসিএল (জুডিশিয়াল) এর সদস্য, বাংলাদেশে প্রাক্তন সিনিয়র সহকারী জজ আইন মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব ও বাংলাদেশ সরকারের প্রাক্তন মাননীয় আইন মন্ত্রীর কাউন্সিল অফিসার হিসেবে ৮ বছর এবং নিউইয়র্কের বিভিন্ন ল'ফার্মের অভিজ্ঞতাসম্পন্ন এ্যাটর্নী।



অশোক কুমার কর্মকার
এ্যাটর্নী এট ল'

আমেরিকায় যে কোন নতুন ব্যবসায় ন্যূনতম বিনিয়োগের মাধ্যমে Treaty (E-2) ভিসার অধীনে এদেশে ব্যবসা করার সুযোগ পেতে পারেন এবং পরবর্তীতে গ্রীন কার্ড পাওয়ার যোগ্য হতে পারেন।

তাছাড়া ১ মিলিয়ন বা ন্যূনতম ৫ লাখ ডলার বিনিয়োগ করে EB-5 ভিসার অধীনে আপনি আপনার পরিবার ও সন্তান-সন্ততিসহ গ্রীন কার্ড পেতে পারেন।

বৈধভাবে এদেশে আপনার বিনিয়োগের অর্থ আনয়নে আমাদের সাথে পরামর্শ করতে পারেন।

দেশে কোন কোম্পানীর মালিক/পরিচালক হলে আপনি ও আপনার পরিবার খ ঠরংধ'র সুবিধা নিতে পারেন এবং দু'বছর পর গ্রীন কার্ডের আবেদন করতে পারেন।

আপনি কি বিনিয়োগের মাধ্যমে নিজের যোগ্যতায় খুব দ্রুত গ্রীন কার্ড পেতে চান?

* আপনার সার্বিক আইনী (ইমিগ্রেশন, এসাইলামসহ সর্বপ্রকার রিয়েল এস্টেট ক্লোজিং, পার্সোনাল ইনজুরি, মেডিকেল ম্যালপ্র্যাকটিস, ডিভোর্স, পারিবারিক রিগ্যালাইজেশনসহ সকল ধরনের) সমস্যার সমাধানে যোগাযোগ করুন (সোম-শনিবার)।
* আমেরিকায় বসে আমাদের ঢাকা অফিসের মাধ্যমে খরচ ও সময় বাঁচিয়ে আপনি বাংলাদেশে আপনার যে কোন মামলা পরিচালনা, সম্পত্তি ক্রয়-বিক্রয়সহ যে কোন আইনী সমস্যার সমাধান সহজেই করতে পারবেন।
* আপনার সম্পত্তি ব্যবস্থাপনায় (Property Management) আমাদের ঢাকা অফিস আপনাকে সহায়তা করতে পারে।

Law Offices of Ashok K. Karmaker, P.C.
Queens Main Office: Queens Office: 143-08 Hillside Avenue, Jamaica, NY 11435
Tel: (212) 714-3599, (718) 408-3282, Fax: (718) 408-3283, Email: ashok@ashoklaw.com, Web: www.ashoklaw.com
Tel: (718) 662-0100, Fax: (347) 305-8383, Email: info.klpllc@gmail.com, Web: www.k-lpllc.com
Dhaka Office: US-Bangladesh Global Law Associates Ltd.
Dream Apartment, Apt.C2, Hse 3G, Road 104, Gulshan Circle 2, Dhaka 1212, Bangladesh, Tel: 011-880-2-8833711

SHARIF TAX SERVICE



IRS Authorize e-file provider
37-47 77th Street,
Jackson Heights, NY 11372
PH: 917-547-7298
917-858-4249
e-mail: shariftaxservice@gmail.com

SHARIF Q. ALAM (HIRA)
B.Sc. (Hons), MS, DU
20 Years experience
Tax Prepare
NYS-Lic! Real Estate Sale agent

SERVICES:
● Tax Service
● Immigration
● Real Estate

রাজনীতিতে ফিরলেন জামায়াতের সাবেক নেতা

(প্রথম পাতার পর)

পার্টির (এবি পার্টি) প্রধান উপদেষ্টা হিসেবে যোগ দিলেও তা প্রকাশ করা হয় দল প্রতিষ্ঠার একবছর পরে। রোববার (২ মে) আমার বাংলাদেশ পার্টির (এবি পার্টি) প্রথম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আয়োজিত ভার্চুয়াল ব্রিফিংএ তার এ যোগদানের ঘোষণা দেওয়া হয়।

রোববারের অনুষ্ঠানে লন্ডন থেকে যুক্ত হয়ে এবি পার্টির প্রধান উপদেষ্টা ও সুপ্রিম কোর্টের সিনিয়র আইনজীবী ব্যারিস্টার আব্দুর রাজ্জাক তার শুভেচ্ছা বক্তব্যে বলেন, 'বাংলাদেশের মানুষের জন্য সাম্য, মানবিক মর্যাদা ও সামাজিক সুবিচারের যে প্রতিশ্রুতি স্বাধীনতার ঘোষণা পত্রে দেওয়া হয়েছে, জনগণের জন্য তা নিশ্চিত করার অঙ্গীকারের মাধ্যমে এবি পার্টির যাত্রা শুর'। বাংলাদেশের সংখ্যাগরিষ্ঠ মানুষের ধর্ম ইসলামে এই তিনটি অধিকারের সম্পূর্ণ নিশ্চয়তা প্রদান করা হয়েছে।'

প্রথম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে দলের কেন্দ্রীয় কার্যালয়ে এক ভার্চুয়াল মিডিয়া ব্রিফিং অনুষ্ঠিত হয়। দলের আহ্বায়ক এএফএম সোলায়মান চৌধুরী ও সদস্য সচিব মজিবুর রহমান মন্‌জু সহ কেন্দ্রীয় নেতৃবৃন্দ এ সময় উপস্থিত ছিলেন। এ সময় বিশিষ্ট অর্থনীতিবিদ ও রাজনৈতিক ব্যক্তিত্ব ড. রেজা কিবরিয়া বলেন, আমার বাংলাদেশ পার্টির এক বছর পূর্তি এটা আমাদের দেশের জন্য খুবুই গুরুত্বপূর্ণ ব্যপার। বিগত পঞ্চাশ বছরে যে রাজনীতির ধারা দেখা গিয়েছে, এতে জনগণ অনেকটা আস্থা হারিয়ে ফেলেছে। এই নতুন পার্টির আগমনে একটি ঘাটতি পূরণ হবে। এই সরকারের অধীনে গনতান্ত্রিক সংস্কৃতির অবক্ষয় হয়েছে। উদার ও গনতান্ত্রিক একটা কালচার বাংলাদেশে ফেরত আনতে হবে।

নাগরিক ঐক্যের আহ্বায়ক মাহমুদুর রহমান মান্না বলেন, আমি এবি পার্টির প্রতিষ্ঠা বার্ষিকীর খবর শুনে আনন্দিত। এবি পার্টি গত এক বছর লাগাতার কাজ করেছে। দেশের আপামর মানুষের জন্য, গনতন্ত্র, তাদের মৌলিক অধিকার এক কথায় মানুষের কল্যানের স্ব-পক্ষে তারা লড়াই করেছে। আমার বাংলাদেশ পার্টি একটি কল্যান রাষ্ট্র গড়ে তোলার জন্য চেষ্টা করছে। শুভে"ছা বক্তব্যে কল্যান পার্ট্রির চেয়ারম্যান মেজর জেনারেল (অব.) সৈয়দ মুহাম্মদ ইব্রাহিম বীর প্রতীক বলেন, এবি পার্টি কভিড-১৯'র সময় জন্ম নিয়েছে সাহস করে; এবি পার্টি নতুন দল হলেও নেতৃত্ব ও ব্যক্তিগুলো নতুন নয়, তারা প্রবীন ও অভিজ্ঞ। আমি এবি পার্ট্রির কাছে আবেদন করবো তরুনদের ধরে রাখুন, তরুন পেশাজীবিদের রাজনীতিমনস্ক করুন, তাদেরকে রাজপথে আনুন, কারণ তারাই আগামী দিনের বাংলাদেশ গড়ে তুলবে।

সাবেক সংসদ সদস্য নিলুফার চৌধুরী মনি বলেন, আমি আশা করি এবি পার্টি বাংলাদেশের নির্যাতিত মানুষের পাশে, গনতন্ত্রের পাশে, নারী জাগরণের পাশে হাজার বছর ধরে থাকুক। আমি এবি পার্টির তরুন নেতৃত্বের মাঝে যে স্ফুলিঙ্গ দেখেছি, সে স্ফূলিঙ্গ বাংলাদেশকে অনেক দূর নিয়ে যেতে পারে।

কভিড পরিস্থিতির কারণে অনুষ্ঠানে এবি পার্টির জন্মদিন কে শুভেচ্ছা জানিয়ে রেকর্ডেড ভার্চুয়াল বক্তব্য রাখেন- মহান মুক্তিযুদ্ধের অন্যতম সংগঠক, গণস্বাস্থ্য কেন্দ্রের প্রতিষ্ঠাতা ডা. জাফরুল্লাহ চৌধুরী, সুপ্রিম কোর্টের সিনিয়র আইনজীবী ব্যারিস্টার আব্দুর রাজ্জাক, রাজনীতিক ও অর্থনীতিবিদ ড. রেজা কিবরিয়া, সাবেক ডাকসু ভিপি ও নাগরিক ঐক্যের প্রধান মাহমুদুর রহমান মান্না, রাষ্ট্র বিজ্ঞানী ড. দিলারা চৌধুরী, কল্যান পার্টির চেয়ারম্যান মেজর জেনারেল (অব.) সৈয়দ মোহাম্মদ ইবরাহিম বীর প্রতীক, সাবেক এমপি নিলুফার চৌধুরী মনি, সাবেক উপমন্ত্রী ও সংসদ সদস্য গোলাম সরোয়ার মিলন, লেখক ও কলামিস্ট শ্রী গৌতম দাস, ধর্মীয় ব্যাক্তিত্ব মাওলানা ড. মোঃ নজরুল ইসলাম আল মারুফ, বৌদ্ধ ধর্মীয় গুরু ও শিক্ষাবিদ ড. সুকোমল বড়ুয়াপ্রমূখ বিশিষ্ট ব্যক্তিবর্গ।

এবি পার্টির সদস্য সচিব মজিবুর রহমান মন্‌জুর সঞ্চালনায় আয়োজিত এই সভায় আরো উপস্থিত ছিলেন দলের যুগ্ম আহবায়ক অধ্যাপক ডা. মেজর (অব.) আব্দুল ওহাব মিনার, সুপ্রিম কোর্টের আইনজীবী এ্যাড. তাজুল ইসলাম, যুগ্ম সদস্য সচিব ব্যারিস্টার আসাদুজ্জামান ফুয়াদ, ব্যারিস্টার যুবায়ের আহমেদ ভূঁইয়া, বিএম নাজমুল হক, সহকারী সদস্য সচিব এ্যাডঃ আব্দুল্লাহ আল মামুন রানা প্রমুখ।

লন্ডনে ডেপুটি মেয়র নির্বাচিত হলেন বাংলাদেশের মেয়ে জোৎস্না

(প্রথম পাতার পর)

বার্ষিক ভার্চুয়াল মিটিংয়ে তাকে এ দায়িত্ব প্রদান করা হয়। ডেপুটি মেয়র জোৎস্না রহমান ইসলাম, মৌলভীবাজার সদরের একাটুনা ইউনিয়নের আব্দুর রহমান মন্নাফ মিয়ার মেয়ে।

জোৎস্না রহমান ইসলাম ও তার স্বামী সাম ইসলাম একই কাউন্সিলের কাউন্সিলর হিসেবে দায়িত্ব পালন করে আসছেন। দাম্পত্য জীবনে তাদের এক ছেলে ও এক মেয়ে রয়েছে। লন্ডনের রেডব্রিজেই তারা বসবাস করছেন।

ডেপুটি মেয়র জোৎস্না রহমান ইসলাম ১৯৬৬ সালে লন্ডনে জন্মগ্রহণ করেন। কিন্তু পরে মা-বাবার ইচ্ছায় দেশে ফিরে আসেন। মৌলভীবাজারে আলী আমজাদ সরকারি উচ্চ বিদ্যালয় ও মৌলভীবাজার সরকারি কলেজে পড়াশোনা করেন। পরে ১৯৮৬ সালে আবার তিনি লন্ডনে যান। সেখানে লোকাল গভর্নমেন্টে চাকরির পাশাপাশি তিনি এমবিএ করেন। বর্তমানে রেডব্রিজ লেবার পার্টির ভাইস চেয়ারম্যানের দায়িত্ব পালন করছেন জোৎস্না রহমান ইসলাম।

খালেদা জিয়া ভালো আছেন ডা: জাহিদ

(প্রথম পাতার পর)

সদস্য ও বিএনপির ভাইস চেয়ারম্যান ডা: এ জেড এম জাহিদ। গত শনিবার রাতে তিনি এ তথ্য জানিয়েছেন।

বিএনপি চেয়ারপারসনের সর্বশেষ শারীরিক অবস্থার বিষয় জানতে চেয়ে প্রশ্ন করা হলে ডা: এ জেড এম জাহিদ বলেন, আলহামদুলিল্লাহ ম্যাডামের (বেগম জিয়া) শারীরিক অবস্থা স্থিতিশীল আছে। আজও চিকিৎসকরা তাকে দেখেছেন। কিন্তু শুক্র ও শনিবার ছুটির দিন হওয়ায় আজ তার যে পরীক্ষা-নিরীক্ষা করার কথা ছিলো সেটা একটু পিছিয়েছে। তবে বলা চলে তিনি অনেকটাই ভালো আছেন।

বিএনপি চেয়ারপারসন কারো সাহায্য ছাড়া হাঁটা-চলা করতে পারেন কি-না এমন প্রশ্নের জবাবে ডা: জাহিদ বলেন, ম্যাডাম কারো সাহায্য ছাড়া হাঁটা-চলা করতে পারেন না, এটা বলা যাবে না। তবে তার বয়স ও শারীরিক অবস্থার কথা চিন্তা করে চিকিৎসক তার দৈনন্দিন কাজগুলোর জন্য একজন সহকারীকে পরামর্শ দিয়েছেন। সেটা তার হাঁটা-চলায় সাহায্য করার জন্য নয়। এই ধরেন, তিনি ওয়াশরুমে যাবেন দরজাটা খুলে দেয়া, একটি টুল লাগবে সেটা এনে দেয়া, এক গ্লাস পানি লাগবে সেটা এনে দেয়া, সিঁড়ি থেকে নামার সময় সাহায্য করা। আসলে এসব সাহায্য করার জন্য একজন সহযোগী প্রয়োজন রয়েছে বলে চিকিৎসক পরামর্শ দিয়েছেন।

উল্লেখ্য, ১০ এপ্রিল করোনাভাইরাসের নমুনা জমা দেয়া হলে ১১ এপ্রিল খালেদা জিয়ার পজিটিভ আসে। এরপর ২৫ এপ্রিল দ্বিতীয় দফায় নমুনা জমা দেয়ার পর আবারো ফল পজিটিভ আসে। পরে গত মঙ্গলবার রাতে শারীরিক পরীক্ষা-নিরীক্ষার জন্য রাজধানীর এভারকেয়ার হাসপাতালে খালেদা জিয়াকে ভর্তি করা হয়।

এর আগে ডা: জাহিদ গণমাধ্যমকে জানিয়েছেন এভারকেয়ার হাসপাতালে ননকোভিড জোনে চিকিৎসা নিচ্ছেন খালেদা জিয়া। তিনি বলেছিলেন, আন্তর্জাতিক নিয়মে আছে দুই সপ্তাহ পর যদি করোনার কোনো উপসর্গ না থাকে তবে করোনা টেস্ট করানোর কোনো প্রয়োজন নেই। ধরে নিতে হয় উনার কাছ থেকে করোনা ছড়ানোর আর সুযোগ নেই।

তাহলে কি জ্যামের ভয়েইড়!

(শেষের পাতার পর)

হয়ে আছে, মিডিয়া আর টিভি টক শো'র দিগ্‌গজ পন্ডিতকুল এখনও লকডাউন লকডাউন বলে মুখে ফেনা তুলছেন! কি একটা অবস্থা, সরকার লকডাউন ব লে বলেই সবাইকে লকডাউন লকডাউন র বে চীৎকার করতে হবে! বুদ্ধিবিবেচনা আর বিচারবোধের দৈন্যদশা আজ কোন পর্যায়ে নেমে এসেছে!

কেউ কি বলতে পারেন সারা দেশ বা ঢাকা শহরের বর্তমান যে চিত্র তা লকডাউনের কোন সংগার মধ্যে পড়ে? হ্যাঁ এটাকে যদি সাধারণ ছুটি বলা হয়, ঠিক আছে। সরকার চাইলে যে কোন সময় সাধারণ ছুটি ঘোষণা করতে পারে। তবে এই ছুটি কাটানো পালন বা উদযাপন সাধারন জনগনের জন্য বাধ্যতা-মুলক নয়, ঐচ্ছিক। সম্প্রতিকালে তারা তা করছেও না কারন ছুটি কাটানোর মত বাবুয়ানার অবস্থা তাদের নেই। সবাই আছে দৌড়ের ওপর। সাধারণ ছুটি মূলত: সরকারি চাকুরেদের জন্য। এতে তাদেরকে অফিসে আসতে হয় না, ঘরে বসে বেতন! কারও আপত্তি তো নেই। তো তার জন্য একে 'লকডাউন' বলতে হবে কেন! গত বছর একই ব্যপার ছিল সাধারন ছুটি, এবার এমন কি ঘটলো যে তা 'লকডাউন' হয়ে গেল! এই একটা তামাশার অবতারনা করে 'লক-ডাউন'কে খেলো করে ফেলা হলো না! এর পর যদি কখনও 'আসল লকডাউনের' দরকার হয় পাবলিক কি গুরুত্ব দেবে! যাই হোক, দেশে সরকার ঘোষিত 'কঠোর লকডাউন' চলছে। একই সাথে চলছে সড়কে বাস ছাড়া সকল যানবাহন। সরকারি বাদে প্রায় সব অফিস খোলা, গার্মেন্টস খোলা কল কারখানা খোলা হাটবাজার খোলা দোকানপাট শপিংমল অবারিত- অবশ্য 'স্বাস্থ্যবিধি' মেনে। সেদিন 'কঠোর লকডাউনে' বাংলা মোটরের মোড়ে 'কঠিন জ্যামে' বসে ভাবছিলাম সবই যখন খোলা স্বাস্থ্যবিধি মেনে বাস মি-নবাসগুলো চললে অসুবিধাটা কি! এতে অন্তত: নিম্ন আয়ের মানুষের চলাচলে তো কিছুটা সুবিধা হতো। বাজার হাট শপিংমলে যেভাবে স্বাস্থ্যবিধি মানা হচ্ছে গনপরিবহনে এক সীট বাদ রেখে যাত্রী বসালে তার চেয়ে তো অনেক কম ঝুঁকি। রিকশা স্কুটার বাইক তো আছেই সড়কজুড়ে যেদিকে চোখ যায় শুধু গাড়ী আর গাড়ী। সিংহভাগই প্রাইভেট কার। বলাই বাহুল্য এগুলোর চালক বা আরোহীদের অধিকাংশই ধনিক শ্রেণী বা সমাজের উঁচু তলার মানুষ। মনে হয় যার যত গাড়ী আছে সব যেন বের হয়ে এসেছে এই সুযোগে। অনেকে ফাঁকা রাস্তা মনে করে শখের হাওয়া খেতেও বের হন। কেউ আসেন 'কঠোর লকডাউন' কেমন চলছে তা দেখতে। মূলত: এদের গাড়ীই মোড়ে মোড়ে জ্যামগুলো বাধাচ্ছে। এই 'কঠোর লকডাউনে'ও যানজট সামাল দিতে ট্র্যাফিক পুলিশদের গলদঘর্ম অবস্থা! বাস-মিনিবাস ছাড়াই এই অবস্থা- ওগুলো নামতে দিলে তো সাড়ে সর্বনাশ! সেই আগের মত মোড়ে মোড়ে ঘন্টার পর ঘন্টা বসে থাকা! তাহলে কি ব্যক্তিগত গাড়ী চলাচল অবাধ রাখার জন্যই সড়কে গণপরিবহন বন্ধের এই 'লকডাউন'! সাহেবসুবা এইসব গাড়ীওয়ালারাই আইন বানায় হুকুম চালায় সরকার চালায় দেশ চালায়, এ জন্য!

কি আর বলবো, এমন এক দেশ আমাদের, সব আরাম আয়েশ ভোগ বিলাস শুধু একটি শ্রেণীর জন্য, তাদের সুবিধার জন্যই যত আইন কানুন বিধিবিধান! মরন যত গরীব আর মধ্যবিত্তের! তাদের ভোগান্তি দু:খকষ্ট বোঝার যেন কেউ নাই!

দীর্ঘ লাইনে আর অপেক্ষা নয়

আপনি লাইনে থাকতেই প্রেসক্রিপশন তৈরী

বিনামূল্যে ব্লাড প্রেসার চেক করা হয়।

বিনামূল্যে ব্লাড সুগার মনিটর

২৫% ছাড় কুপন সহ যে কোন পণ্য ক্রয়ে

প্রেসক্রিপশন এর ক্ষেত্রে প্রযোজ্য নয়

ফ্রি উপহার কুপন সহ ভিতরে প্রবেশ করলেই



এটিএম, ফোন কার্ড এবং মেট্রো কার্ড পাওয়া যায়

নিউইয়র্ক লটারী খেলার ব্যবস্থা রয়েছে



আমরা বাংলায় কথা বলি

আমরা মেডিকেইড, মেডিকেয়ার পার্ট ডি, থার্ড পার্টি ইন্স্যুরেন্স, অধিকাংশ ইউনিয়ন প্ল্যান ও ওয়ার্কার কমপেনসেশন গ্রহণ করে থাকি।

❑ প্রতিদিন সর্বোচ্চ কমমূল্যের নিশ্চয়তা এবং সিনিয়র সিটিজেনদের জন্য ১০% মূল্য ছাড়, ❑ সার্জিক্যাল সাপ্লাই, হোম হেলথ্ কেয়ার, প্রসাধন সামগ্রী, সুগন্ধি, ভিটামিন, হেলথ্ এন্ড বিউটি কেয়ার ❑ ফটোকপি ৫ সেন্ট, ❑ ফ্যাক্স সার্ভিস, ❑ ৯৯ সেন্ট-এ উপহার কার্ড, ❑ ফিল্ম প্রসেসিং

PARKCHESTER FAMILY PHARMACY

১৪৪৫ ইউনিয়ন পোর্ট রোড (জে এন্ড কে বুফের পাশে) ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২ (347) 851-2688

আমাদের অন্য কোন শাখা নেই

আমরা অন্য ফার্মেসী থেকে আপনার সকল প্রেসক্রিপশন সংগ্রহ করে থাকি।

ইমিগ্রেশন ও আপনি



এটর্নী শাকিল এইচ কাজমী

আমেরিকায় অবস্থানরত বাংলাভাষাভাষী প্রত্যেকেই কোন না কোনভাবে ইমিগ্রেশনের সাথে জড়িত। বিশাল জনগোষ্ঠীর বিশেষ সুবিধার্থে ইমিগ্রেশন বিষয়ে "ইমিগ্রেশন ও আপনি' শিরোনামে প্রতি সপ্তাহে একজন ইমিগ্রেশন বিশেষজ্ঞ আইনজীবীর লেখা ধারাবাহিকভাবে প্রকাশ করছি। এই কলামটির লেখক শাকিল হোসেন কাজমী। শাকিল কাজমী নিউইয়র্ক ল'স্কুলে আইনের উপর পড়াশোনা করেছেন। তিনি ওয়াশিংটন কলেজ অব ল' থেকে ইমিগ্রেশন ল' এবং বিজনেস ল'-এর উপর এল.এল.এম. করেছেন। তিনি নিউইয়র্ক স্টেট বার এসোসিয়েশন, আমেরিকান বার এসোসিয়েশন এবং ইমিগ্রেশন ল' ইয়ার্স এসোসিয়েশনের সদস্য।

ইমিগ্রেশন ও আপনি বিভাগ থেকে আপনাদের সবার জন্যে রাইলো শুভেচ্ছা ও ধন্যবাদ। আশাকরি আপনারা সবাই সুস্থ ও নিরাপদে আছেন। আপনাদের মঙ্গলময় জীবনই আমাদের কাম্য আর তাই ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমরা আপনাদের সাহায্যের জন্যে প্রস্তুত। এ কারণে এই বিভাগ আপনাদেরই জন্য। এ কারণে এই বিভাগের মাধ্যমে আপনার এতটুকু হলে আমরা আনন্দিত হবো।

প্রতি সপ্তাহের মতো এ সপ্তাহেও আপনাদের পাঠানো চিঠিগুলো আমাদের হাতে এসে পৌছেছে। আপনাদের পাঠানো চিঠি থেকে পর্যায়ক্রমে আমরা তার উত্তর দিয়ে থাকি।

ইমিগ্রেশন ও আপনি বিভাগ থেকে আপনাদের সবার জন্যে রইলো শুভেচ্ছা ও ধন্যবাদ। আশাকরি আপনারা সবাই সুস্থ ও নিরাপদে আছেন। আপনাদের মঙ্গলময় জীবনই আমাদের কাম্য আর তাই ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমরা আপনাদের সাহায্যের জন্যে প্রস্তুত। এ কারণে এই বিভাগ আপনাদেরই জন্য। এ কারণে এই বিভাগের মাধ্যমে আপনার এতটুকু হলে আমরা আনন্দিত হবো।

প্রতি সপ্তাহের মতো এ সপ্তাহেও আপনাদের পাঠানো চিঠিগুলো আমাদের হাতে এসে পৌছেছে। আপনাদের পাঠানো চিঠি থেকে পর্যায়ক্রমে আমরা তার উত্তর দিয়ে থাকি।

একটি কম্প্রিহেনসিভ ইমিগ্রেশন রিফর্ম বিল পাশের জন্য কংগ্রেসের প্রতি প্রেসিডেন্ট জো বাইডেনের আহ্বানঃ

প্রেসিডেন্ট জো বাইডেন গত ২৮ এপ্রিল বুধবার ইউএস কংগ্রেসের যৌথ অধিবেশনে প্রথমবারের মতো ভাষনদানকালে বলেন, ইমিগ্র্যান্টরা আমেরিকান ইতিহাসে সবসময় যে ভূমিকা পালন করেছেন করোনা মহ-ামারিকালেও আমেরিকার স্বার্থে সেই অবদান রাখছেন। তিনি আরও বলেন, 'যদি বিশ্বাস করি আমরা একটি নিরাপদ সীমান্ত চাই- তবে বিলটি পাশ করুন। আমরা যদি সিটিজেনশীপের পথ নির্মাণ করতে চাই, তবে বিলটি পাশ করুন। সত্যি সত্যি আমরা যদি সমস্যার সমাধান চাই, তবে এখনই বিলটি পাশ করুন।" প্রেসিডেন্ট বাইডেন কংগ্রেসে ব্যাপক-ভিত্তিক একটি ইমিগ্রেশন বিল পাঠিয়েছেন, যাতে আনডকুমেন্টড লাখ লাখ ইমিগ্র্যান্টকে বৈধ স্ট্যাটাস দিয়ে সিটিজেন হওয়ার সুযোগ করে দেয়া সহ ব্যাপক সংস্কারের প্রস্তাব করেছেন। বিলটি পাশ হলে যুক্তরাষ্ট্রের বাইরে পরিবারের সদস্যদের অপেক্ষার সময় কমে আসবে। প্রেসিডেন্ট 'ইউএস সিটিজেনশীপ এ্যাক্ট ২০২১' নামে যে বিল প্রস্তাব করেছেন তার বিস্তারিত বৈশিষ্ট্য নিচে দেয়া হলোঃ

আমরা জানি ২০২১ সালের ১৮ ফেব্রুয়ারী প্রেসিডেন্টের ডেমোক্র্যাটিক পার্টি আনুষ্ঠানিকভাবে ইউএস কংগ্রেসে ইমিগ্রেশন বিলটি উত্থাপন করেন। নির্বাচনী প্রচারণাকালে প্রেসিডেন্ট বাইডেন ইমিগ্রেশন ব্যবস্থা আধুনিকরণ এবং লাখ লাখ আনডুকমেন্টেড আমেরিকানদের সিটিজেনশীপের সুযোগ করে দেয়ার অঙ্গীকার করেছিলেন। নিউজার্সীর সিনেটর বব মেনেন্ডেজ (ডি-এন-জে) এবং ক্যালিফোর্নিয়ার রিপাবলিকান প্রতিনিধি লিন্ডা স্যান্ডজ (ডি-ক্যালি) সঙ্গে ডেমোক্র্যাট দলীয় একটি গ্রুপ বিলটি আনুষ্ঠানিকভাবে কংগ্রেসে পেশ করেন। বিলটি ইউএস সিটিজেনশীপ এ্যাক্ট ২০২১ নামে অভিহিত।

আইনটির মূল বৈশিস্ট্য হচ্ছেঃ জানুয়ারীর ১ তারিখ পর্যন্ত ১ কোটি ১০ লাখ যে ইমিগ্রান্ট আমেরকায় বসবাস করছেন তাদের অধিকাংশই ১১ বছরের মধ্যে নাগরিকত্ব লাভের সুযোগ পাবে। ব্যাক-গ্রাউন্ড চেকিং এবং ট্যাক্স প্রদানের পর তারা আমেরিকায় বসবাস এবং কাজ করার সুযোগ পাবে ৫ বছর পর্যন্ত। তারপর তারা গ্রিনকার্ডের জন্য আবেদন করলে তাদের পার্মানেন্ট রেসিডেন্টেডর স্ট্যাটাস দেয়া হবে। তার ৩ বছর পর নাগরিকত্ব লাভের সুযোগ পাবেন। বিলটি ড্রিমারদের প্রতিক্ষার পালারও অবসান ঘটাবে। বিলটি পাশ হলে ডাইভারসিটি ভিসার সংখ্যাও বাড়বে এবং ইমিগ্রেশন ভিসার জন্য এবং কারিগরি খাতের বাজেট বৃদ্ধি পাবে। প্রগতিশীল এবং ইমিগ্রেশন অধিকার এডভোকেট গ্রুপের পক্ষ থেকে পথ উন্মুক্ত হবে। গত মাসে হাউজ যে দুটি বিল পাশ করেছে তার প্রথমটি হচ্ছেঃ আমেরিকান ড্রিম এ্যান্ড প্রমিজ এ্যাক্ট। এটি ২২৮-১৯৭ ভোটে পাশ হয়েছে। এতে প্রায় ২৫ লাভ আন-ডকুমেন্টেড ইমিগ্র্যান্ট যাদের শিশুকালে যুক্তরাষ্ট্রে আনা হয়- যারা ড্রিমার বলে পরিচিত, তারা নাগরিকত্ব লাভের সুযোগ পাবে। এছাড়াও প্রায় ৪ লাখ ইমিগ্র্যান্ট যাদেও টেম্পারারী প্রটেকটিভ স্ট্যাটাস (টিপিএস) দেয়া হয়েছে তাদের জন্যও নাগরিকত্ব অর্জনের সুযোগ উন্মোচিত হবে। এরা ১০টি নির্ধারিত দেশ থেকে এসেছে ভয়ংকর পরিস্থিতির কারণে।

দলীয় বাধা অতিক্রম করে ৯ জন রিপাবলিকান প্রতিনিধিও ডেমক্র্যাটদের সঙ্গে যোগ দেন। এই ৯ জন হচ্ছেনঃ ডন বেকন (নেব্রাস্কা) ডেভিড জি, ভ্যালাডোও (ক্যালিফোর্নিয়া), ফ্রেড আপটন (মিশি-গান), মারিয়া এনভিরা সালাজার (ফ্লোরিডা), ড্যান নিউহাউজ (ওয়াশি-গ্টন), ব্রায়ান ফিজ প্যাট্রিক (পিএ), ক্রিস্টোফার এইচ, স্মিথ (নিউজার্সী), কার্লোস এ, জিসেনেজ (ফ্লোরিডা) এবং ম্যারিও ডায়াস ব্যালার্ট (ফ্লোরিডা)।

দ্বিতীয় বিলটি হচ্ছেঃ এইচ আর ১৬০৩, ফার্ম ওয়ার্ক ফোডর্স মডার্নাইজেশন এ্যাক্ট। এতে কৃষি শ্রমিকরা গ্রিনকার্ডলাভের সুযোগ পাবেন। হাউজে



বিলটি ১৪৭-১৭৪ ভোটে পাশ হয়েছে। এতে ৩০ জন রিপাবলিকান পক্ষে এবং ১জন ডেমোক্র্যাট বিপক্ষে ভোট দেন। বিল দুটির বিশেষ কিছু বৈশিষ্ট নিচে তুলে ধরা হলো।

ফার্ম ওয়ার্কফোর্স মডার্নাইজেশন এ্যাক্টঃ

ফার্ম ওয়ার্কফোর্স মডার্নাইজেশন এ্যাক্ট হচ্ছে একটি বাইপার্টিজান বিল। বিলটি গত ৩ মার্চ কংগ্রেসে ওম্যান জো লফগ্রেন (ডি-সিএ) এবং কংগ্রেসওম্যান ড্যান নিউ হাউজ (আর-ডব্লিউএ) পুনরায় উত্থাপন করেছেন। এটা সেই একই বিল যা গত ২০১৯ সালে হাউস অব রিপ্রেজেন্টেটিভে পাশ হয়েছিল। এ বিলটির প্রতি কংগ্রেসের উভয় দলের সদস্যদের সমর্থন রয়েছে। বিলটি পাশ হলে কৃষি শ্রমিকদের কৃষি কর্মে স্থিতিশীল পরিবেশ তৈরি হবে এবং পর্যায়ক্রমে তাকে গ্রীনকার্ড এবং নাগরিকত্ব লাভের সুযোগ পাবে। নিচে বিলটি গুরুত্বপূর্ণ বৈশিষ্টগুলোর সার সংক্ষেপ তুলে ধরা হোল।

বিলটির ফলে যুক্তরাষ্ট্রে কর্মরত কৃষি শ্রমিকরা এবং তাদের স্বাম/স্ত্রী এবং অপ্রাপ্ত বয়স্ক সন্তানরা অব্যাহতভাবে কৃষিকর্মে নিয়োজিত থাকার ফলে লিগ্যাল স্ট্যাটাস লাভ করবে। যারা ২ বছরে কমপক্ষে কৃষিফার্মে ১৮০ দিন কাজ করেছে, তারা সার্টিফাইড এগ্রিকালাচারাল ওয়ার্ক (সিএএ ডব্লিউ) স্ট্যাটাস পাবে। আর বছরে কমপক্ষে ১০০ দিন কাজ করলে সিএ ডব্লিউ স্ট্যাটাস নবায়ন করা যাবে।

স্বামী/স্ত্রী এবং সন্তানসহ আনেদকারীদের ব্যাক গ্রাউন্ড চেকিং এবং ক্রিমিনাল এবং জাতীয় নিরাপত্তা বাধার কঠোর পরীক্ষায় পাশ করতে হবে। তাছাড়া আর কোন শর্ত নেই। তবে দীর্ঘদিন কর্মরত শ্রমিক যারা যুক্তরাষ্ট্রে থাকতে চায় তারা ১ হাজার ডলার জরিমানা দিয়ে এবং অতিরিক্ত কৃষি কাজ করে গ্রিনকার্ডের সুযোগ পেতে পারেন। যেমনঃ

ক) ১০ বছর কাজের সঙ্গে আইন কার্যকর হওয়ার পূর্বে একই ধরনের কাজ ৪ বছর সম্পন্ন করতে হবে।

খ) যারা ১০ বছরের কম কাজ করেছেন তাদেরকে আইন কার্যকর হওয়ার পূর্বে অন্ততঃ ৮ বছর কাজ সম্পন্ন করতে হবে।

আমেরিকান ড্রিম এ্যাক্ট প্রমিজ এ্যাক্ট

বিলটির ফলে কতিপয় বিদেশী ইমিগ্র্যান্ট বিতারণ প্রক্রিয়া বন্ধ হবে এবং তাদের পার্মানেন্ট রেসিডেন্ট হওয়ার সুযোগ হবে।

ডিপার্টমেন্ট অব হোমল্যান্ড সিকিউরিটি (ডিএইচএস) অথবা ডিপার্টমেন্ট অব জাস্টিস (ডিওজে) সেইসব বিদেশীর রিম্যুভাল প্রক্রিয়া বাতিল করে দেবে যারা শৈশবে যুক্তরাষ্ট্রে ঢুকেছে এবং শর্তসাপেক্ষে পার্মনেন্ট রেসিডেন্ট স্ট্যাটাস পেয়েছে। বিলটিতে যোগ্যতার কিছু শর্ত আরোপ করেছে। যেমন যেসব বিদেশী একনাগারে শারীরিকভাবে এদেশে অবস্থান করছেন এবং কতিপয় শিক্ষা কার্যক্রমে যোগ দিয়েছে বা সম্পন্ন করেছে।

ডিএইচএস ঐ সব বিদেশীদের পার্মানেন্ট রেসিডেন্টেডর জন্য আবেদনের ব্যবস্থাও করবে যারা ডেফার্ড এ্যাকশন ফর চাইল্ড এ্যারাইভাল স্ট্যাটাস গ্রহণ করেছেন এবং নবায়ন করতে ব্যর্থ হননি। ডিওএইচএস অথবা ডিওজে সেই বিদেশীদের শর্তসাপেক্ষে পার্মানেন্ট রেসিডেন্ট স্ট্যাটাস তুলে নেবে যদি তারা নির্দিষ্ট কিছু শিক্ষামূলক কর্মসূচী সম্পন্ন করে কিংবা সম সশস্ত্র বাহিনীতে কমপক্ষে ২ বছর সম্মানের সাথে কাজ শেষ করেন।

তবে বিলটি সিনেটে পাশ হতে কঠিন পরিস্থিতির মোকাবেলা করবে। কেননা বিলটি অনুমোদন পেতে সকল ডেমোক্র্যাট সিনেটররের সঙ্গে ১০ জন রিপাবলিকানের ভোট প্রয়োজন হবে। উল্লেখ্য যে, হোয়াইট হাউজের ২টি বিলের প্রতি সমর্থন আছে। প্রেসিডেন্ট বাইডেন অন্তর্ভূক্ত ইমিগ্রেশন বিলে সীমান্ত সংস্কার গ্রহণ করতে আইন প্রণেতাদের প্রতি আহ্বান জানিয়েছেন।

এই সঙ্গে তিনি আরো বলেন যে, প্রস্তাবিত আইনটি সীমান্ত নিরাপদ করতে এবং সেন্ট্রাল আমেরিকা থেকে ইমিগ্র্যান্ট আগমনের মূল কারণ দূর করতে সহায়ক হবে। প্রেসিডেন্ট বাইডেন তার টুইটারে জানিয়েছেন 'আমি কংগ্রেসদের সকলে মিলে আমাদের সমগ্র ইমিগ্রেশন ব্যবস্থার একটা দীর্ঘমেয়াদী সমাধান খুঁজে পাওয়ার আহ্বান জানাচ্ছি। যাতে আমরা একটি সুশৃঙ্খল, মানবিক ইমিগ্রেশন ব্যবস্থা এবং আনডকুমেন্টেড ইমিগ্র্যান্টদের যুক্তরাষ্ট্রে অবস্থানের সুযোগ সৃষ্টি করা যায়।' বাইডেনের ব্যাপক ভিত্তিক পরিকল্পনাটি যদি কংগ্রেসে অনুমোদন লাভ করে, তবে ১ কোটি ১০ লাভ ইমিগ্র্যান্ট যারা যুক্তরাষ্ট্রে অবৈধভাবে বাস করছে তারা নাগরিকত্ব লাভের সুযোগ পাবে।

ইমিগ্রেশন বিশেষজ্ঞরা মনে করেন, প্রেসিডেন্ট বাইডেন এটা স্পষ্ট করতে পেরেছেন যে, লাখ লাখ ইমিগ্র্যান্ট যারা যুক্তরাষ্ট্রের নাগরিকত্ব লাভের জন্য মরিয়া তাদের নাগরিকত্ব লাভের সুযোগ দিলে তা দেশের নিরাপত্তার জন্য ভালো হবে।

সর্বশেষ আবারো আপনাদের করোন-ামুক্ত সুস্থ ও সুন্দর জীবনের প্রত্যাশায় আজকের মত এখানেই শেষ করছি। ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমাদের সাথে যোগাযোগের ঠিকানা: ২২৫ ব্রডওয়ে (৩৮ তলা), নিউইয়র্ক ১০০০৭।

ফোন: ২১২-৫১৩-৭৪৭৪

ফ্যাক্স: ৯১৪-৪৬২-৩৯৯০

ই-মেইল: kazmiandreeves@gmail.com এ লিখে ই-মেইল করলে অবশ্যই 'বাংলা পত্রিকার জন্য' কথাটি উল্লেখ করবেন।

অনুবাদ: হুসনে এ. বেগম।

Law Offices of Kazmi & Reeves



225 Broadway, (38th Floor) New York, NY 10007. Tel: (212)513-7474 , Fax: (914) 462-3990
517 East Main Street, Middle Town, New York 10940. Tel: (845)341-0726, Email- kazmiandreeves@gmail.com

Tel: 212-513-7474, Fax: 914-462-3990

*** Immigration Cases & Appeals * Bankruptcy Cases**
*** Accident & Personal Injury Cases * Divorce, Separation, Child Custody & Support Cases * Business & Commercial Litigation * Real Estate Transactions * Corporation & Partnership Matters.**

এপয়েন্টমেন্ট করে পরামর্শের জন্য আমাদের অফিসে আসতে পারেন।

যৌথভাবে আমাদের রয়েছে ৩৫ বছরের বেশী অভিজ্ঞতা

আপনাদের সুবিধার্থে আমাদের নতুন অফিস এখন ম্যানহাটান ডাউন টাউনের প্রাণকেন্দ্রে এন, আর, ই এবং ২, ৩, ৪ এবং ৫ ট্রেনের সন্নিকটে। ই ট্রেনে ওয়ার্ল্ডট্রেড সেন্টার, ২ ও ৩ ট্রেনে প্লেসপার্ক এবং ৪ ও ৫ ট্রেনে ব্রুকলীন ব্রীজ, আর ও এন ট্রেনে সিটি হলে নামতে হবে।

আইনজীবী ফী আলোচনা সাপেক্ষে কিস্তিতে পরিশোধের ব্যবস্থা রয়েছে।

আপনি আইন সম্পর্কে তেমন কিছু জানেন না- ইমিগ্র্যান্ট ও সুযোগ সুবিধার দেশে আইনানুগ ব্যবস্থার মাধ্যমে জীবন ঝামেলামুক্ত করুন।
অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে শিকড় প্রথিত করে সার্বিকভাবে কমিউনিটিকে এগিয়ে নিন।

আমেরিকান সেনা চলে যাওয়ার পর কী হবে



মে: জে: মোহাম্মদ আলী শিকদার (অব.)

আমেরিকার প্রেসিডেন্ট জো বাইডেন ঘোষণা দিয়েছেন, ২০২১ সালের ১১ সেপ্টেম্বরের মধ্যে আফগানিস্তান থেকে সব আমেরিকান সেনা ফেরত যাবে। জো বাইডেনের আগে ডোনাল্ড ট্রাম্পেরও ঘোষণা ছিল, ২০২১ সালের মে মাসের মধ্যে সব আমেরিকান সেনা প্রত্যাহার করা হবে। তাতে বোঝা যায়, আফগানিস্তান সম্পর্কে আমেরিকান প্রশাসনের দৃষ্টিভঙ্গি ক্ষমতার পালাবদলে খুব একটা পরিবর্তন হয়নি। শুরু থেকেই আমেরিকান জেনারেল যারা আফগানিস্তানে কাজ করেছেন এবং সাবেক কয়েক জন নিরাপত্তা উপদেষ্টাসহ বেশ কয়েক জন সেনেটর বলেছেন, এই সময়ে আফগানিস্তান থেকে সেনা প্রত্যাহার করা হবে আমেরিকার জন্য আরেকটি ঐতিহাসিক ভুল। জো বাইডেনের ঘোষণার পর পাকিস্তানি গোয়েন্দা সংস্থা আইএসআইয়ের সাবেক প্রধান লেফটেন্যান্ট জেনারেল হামিদ গুলের দুটি উক্তির কথা মনে পড়ছে। ২০১৪ সালে পাকিস্তানের এক টেলিভিশন অনুষ্ঠানে হামিদ গুল বলেন, ভবিষ্যতে যখন ইতিহাস রচিত হবে, তখন তাতে লেখা থাকবে আমেরিকার সহায়তা নিয়ে আইএসআই আফগানিস্তানে সোভিয়েত বাহিনীকে পরাস্ত করে এবং তাতে আরো লেখা হবে আমেরিকার সহায়তা নিয়ে আইএসআই আমেরিকাকেই পরাজিত করতে সক্ষম হয়েছে। (সূত্র: নিউইয়র্ক টাইমস, ১৬ এপ্রিল ২০২১)

আমার বিশ্লেষণ মতে, আগামী ১১ সেপ্টেম্বরের পর জেনারেল হামিদ গুলের কথাই সত্যে পরিণত হতে যাচ্ছে। এই সূত্রে তালেবানরা ক্ষমতায় ফিরে আসবে এবং ১৯৯৬-২০০১ মেয়াদে যেরকম পরিস্থিতি আফগানিস্তানের অভ্যন্তরে ছিল সেটি যেমন ফিরে আসবে, তেমনি বৈশ্বিক ও আঞ্চলিক পর্যায়ে জিহাদি জঙ্গি সন্ত্রাসী গোষ্ঠী যেভাবে উৎসাহিত এবং অনুপ্রাণিত হয়েছিল, ঠিক সেরকম একটা পরিস্থিতি আবার ফিরে আসতে যাচ্ছে। সংগত কারণেই প্রশ্ন ওঠে, এরকম একটা আশঙ্কার মধ্যে আমেরিকার সব সেনা কেন প্রত্যাহার করে নেওয়া হচ্ছে? গত ২০ বছরে আমেরিকাকে কম মূল্য দিতে হয়নি। সবকিছু মিলে আফগানিস্তানকে ঘিরে আমেরিকার ২ ট্রিলিয়ন ডলারের ঊর্ধ্বে ব্যয় হয়েছে। আড়াই হাজার সেনা আফগানিস্তানের মাটি থেকে আর ফেরত যেতে পারেননি, নিহত হয়েছেন। কয়েক হাজার আহত হয়ে বিকলাঙ্গ এবং আরো কয়েক হাজার মার্কিন সেনা মানসিক ভারসাম্য হারিয়েছেন। তাহলে আমেরিকার লাভ কী হলো, সবকিছুই কি ব্যর্থ হয়ে গেল? কেউ কেউ বলছেন, এর মাধ্যমে একমাত্র সুপার পাওয়ারের শক্তিমত্তা আমেরিকা বিশ্বকে দেখাতে সক্ষম হয়েছে, প্রমাণ করেছে, ইচ্ছা করলে যে কোনো অবাধ্য দেশে এভাবেই সবকিছু গুঁড়িয়ে দেওয়ার সক্ষমতা আমেরিকা রাখে। অন্যরা বলছেন, ওসামা বিন লাদেনকে হত্যার মধ্য দিয়ে প্রতিশোধ ও প্রতিহিংসার বহিঃপ্রকাশ ঘটেছে মাত্র, দীর্ঘমেয়াদি কোনো লাভ আমেরিকার হয়নি। চীনের উত্থান, রাশিয়ার বেপরোয়া ভাব এবং বৈশ্বিক সব ইস্যুতে চীন-রাশিয়ার একই অক্ষে অবস্থানের ফলে বর্তমানে এমন সমীকরণের সৃষ্টি হয়েছে, যাতে ২০০১ সালের মতো পরিস্থিতি আর নেই। যেখানে এককভাবে আমেরিকা অন্য কোনো দেশের বিরুদ্ধে আফগানিস্তানের মতো একতরফা সামরিক অভিযান চালাতে পারবে। তবে আফগানিস্তান থেকে পরিপূর্ণ সেনা প্রত্যাহার ইস্যুতে আমেরিকান প্রশাসনের সিদ্ধান্তের পক্ষে কী কারণ থাকতে পারে, সে সম্পর্কেও বিশ্লেষকগণ মন্তব্য করেছেন। প্রথমত, আর্থিকভাবে এবং হতাহতের দৃষ্টিকোণ থেকে ও রাজনৈতিকভাবে এই বোঝা অনির্দিষ্টকালের জন্য টেনে চলা আমেরিকার জন্য এখন আর লাভজনক হচ্ছে না।



দ্বিতীয়ত, মধ্যপ্রাচ্য এবং পূর্ব ইউরোপে রাশিয়ার অপ্রতিরোধ্য প্রভাব বিস্তারের চাপ, তার সঙ্গে এশিয়া-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে চীনকে সফলভাবে মোকাবিলা করতে না পারলে এক সুপার পাওয়ারের মর্যাদা আমেরিকাকে অচিরেই হারাতে হতে পারে। তৃতীয়ত, আমেরিকার প্রশাসন মনে করছে, আফগানিস্তানে তালেবানি শাসন ও কর্তৃত্ব যদি প্রতিষ্ঠিত হয় এবং সেখানে আবার আল-কায়েদা ঘাঁটি শক্তিশালী হয়ও; তবু অদূর ভবিষ্যতে আগের মতো আমেরিকার মূল ভূখণ্ডে ৯/১১-এর মতো ঘটনা কোনো জঙ্গি জিহাদি সংগঠনই আর ঘটাতে পারবে না। কারণ, আমেরিকার প্রশাসন মনে করে, ইতিমধ্যেই হোমল্যান্ড নিরাপত্তা ও প্রতিরক্ষাব্যবস্থা তারা অত্যন্ত সুদৃঢ় করতে সক্ষম হয়েছে। বিশ্বব্যাপী আমেরিকার গোয়েন্দা নেটওয়ার্ক ঢেলে সাজানো হয়েছে। সামাজিক যোগাযোগ মাধ্যমসহ সাইবার স্পেসের ওপর পরিপূর্ণ নিয়ন্ত্রণ তারা প্রতিষ্ঠা করেছে। অর্থাৎ আমেরিকান প্রশাসন মনে করছে, তাদের নিরাপত্তাব্যবস্থায় আর কোনো ছিদ্র নেই। কিন্তু বাংলাদেশের একজন ক্ষুদ্র বিশ্লেষক হিসেবে আমার মনে হয়, বাংলা সাহিত্যের বেহুলা-লক্ষ্মীন্দরের কাহিনি বোধ হয় আমেরিকান প্রশাসনের কর্তাব্যক্তিদের জানা নেই। সাপের দেবী মনসা জানেন, কীভাবে পাকা দেওয়ালে ছিদ্র তৈরি করতে হয়। যাহোক, ভবিষ্যতই বলবে আমেরিকার জন্য এই সিদ্ধান্ত কতখানি সঠিক হয়েছে। কিন্তু মূল কথা হলো আফগানিস্তানের কী হবে। বেশির ভাগ বিশ্লেষকের ধারণা, আমেরিকান সৈন্য প্রত্যাহারের স্বল্প সময়ের মধ্যেই গৃহযুদ্ধের তীব্রতা প্রচন্ড হবে তার পথ ধরে পরিপূর্ণভাবে আগের মতো আফগানিস্তানে তালেবানি শাসন ও কর্তৃত্ব প্রতিষ্ঠিত হতে চলেছে। আশরাফ ঘানির সরকার টিকতে পারবে না। শুধু সমর্থন নয়, পাকিস্তান সেনাবাহিনীর সৈন্যরা ছদ্মবেশে তালেবানদের সঙ্গে যুদ্ধে যোগ দেবে এবং আশরাফ ঘানির সরকারকে হটিয়ে তালেবান সরকারকে ক্ষমতায় বসাবে। আফগানিস্তানে তালেবান সরকার মানেই সেটা পাকিস্তানের গোয়েন্দা সংস্থা আইএসআইয়ের সরকার।

সুতরাং জেনারেল হামিদ গুলের ভাষ্যই সঠিক। চূড়ান্ত বিচারে আফগানিস্তানে পাকিস্তানি গোয়েন্দা সংস্থা আইএসআই-এরই জয় হচ্ছে। ২০০১ সালে প্রচন্ড চাপে পড়ে আমেরিকার সঙ্গী হতে বাধ্য হয়েছিল পাকিস্তান। কিন্তু গত ২০ বছর যাবৎ পাকিস্তান ডাবল গেম প্লে করেছে। পাকিস্তান ইচ্ছা করে নিজ গোলপোস্টের দিকে শট করেছে, আমেরিকা সেটা দেখেও না দেখার ভান করেছে। আরেকটি তিক্ত সত্য আবার প্রতিষ্ঠিত হলো, স্বার্থ উদ্ধার শেষ হলেই বা প্রয়োজন ফুরিয়ে গেলে একসময়ের বন্ধুকে ফেলে দিয়ে চলে যেতে আমেরিকা কখনো দ্বিতীয় চিন্তা করে না। নিউ ইয়র্ক টাইমসের খবরে দেখলাম, ১ হাজার ৭০০ জন আফগান নাগরিক, যার শতকরা ৮০ ভাগই নারী, আমেরিকায় অভিবাসনের জন্য দরখাস্ত করেছে। এই সংখ্যা ভবিষ্যতে আরো বহু গুণ বৃদ্ধি পাবে। কারণ এই ২০ বছরে যেসব নারী আধুনিক জীবন যাপন করছে তারা মনে করছে ভবিষ্যতে আফগানিস্তানে তাদের জীবন-জীবিকা আর চলবে না। তালেবানরা সব নারীকে আবার ঘরে বন্দি করবে। ২০ বছরে কয়েক লাখ বেসামরিক আফগান নিরীহ মানুষ আমেরিকা ভার্সেস তালেবান যুদ্ধের বলি হয়েছে। এই ত্যাগের কোনো মূল্য রইল না। প্রায় সম্পূর্ণ দেশ যুদ্ধবিধ্বস্ত। যার স্বল্প কিছুই এতদিনে মেরামত হয়েছে। অর্থাৎ ২০ বছরের যুদ্ধে আফগানিস্তানের বৃহত্তর মানুষের স্থায়ী কিছু লাভ হয়নি, বরং লোকসান হয়েছে বেশি। সবকিছু আবার ব্যাক টু স্কয়ার ওয়ান। ২০ বছরের যুদ্ধের নেট রেজাল্ট শুধু জিরো নয়, বহু গুণ নেগেটিভ। তালেবান পক্ষ আমেরিকার কাছে অস্বীকার করেছে, আল-কায়েদার সঙ্গে তারা সম্পর্ক রাখবে না এবং আগের মতো আশ্রয়-প্রশ্রয়ও দেবে না। সবাই জানেন, এটা একটা ডাহা ভাওতাবাজি ছাড়া অন্য কিছু নয়। তালেবান ও আল-কায়েদার মধ্যের হরিহর আত্মার সম্পর্ক, বিচ্ছেদ অসম্ভব ব্যাপার। মার্কিন সেনা প্রত্যাহার এবং আফগানিস্তানের শাসন ও কর্তৃত্বে তালেবানরা ফিরে এলে তার ক্রিয়া-প্রতিক্রিয়ার প্রভাবে ভারত-বাংলাদেশসহ দক্ষিণ এশিয়ায় কী রকম পরিস্থিতির সৃষ্টি হতে পারে, সে বিষয়ে একটু আলোকপাত করেই আজকের লেখাটি শেষ করব। তালেবান মানেই হলো পাকিস্তানি গোয়েন্দা সংস্থা আইএসআই, যে কথা আগেই উল্লেখ করেছি।

আফগানিস্তান হবে আইএসআইয়ের ব্যাকইয়ার্ড এবং জিহাদি জিহাদি-মুজাহিদদের প্রশিক্ষণকেন্দ্র। এই প্রশিক্ষণপ্রাপ্ত জিহাদিরা আগের মতো কাশ্মীর ও ভারতের মূল ভূখণ্ডের ভেতরে নাশকাতামূলক তৎপরতা চালাবার চেষ্টা করবে। তাতে ভারত-পাকিস্তান দ্বন্দ্ব-সংঘাত বৃদ্ধি পাবে। আফগানিস্তানে ভারতের প্রভাব হ্রাস পাবে এবং তার সূত্রেই স্ট্র্যাটেজিক্যালি পাকিস্তানের জন্য অধিকতর সুবিধা সৃষ্টি হবে। এটাই এতদিন ধরে পাকিস্তান চেয়ে আসছে। সেজন্যই জেনারেল হামিদ গুল বলেছেন, এটা হবে পাকিস্তানের বিজয়। নিঃসন্দেহে বাংলাদেশের জামায়াত-হেফাজতসহ ধর্মীয় উগ্রবাদী গোষ্ঠী উৎফুল্ল হবে। আগের মতো আফগানিস্তান হবে এদের হিজরতের জায়গা। ১৯৯৬-২০০১ মেয়াদে তালেবান শাসনের সময় বাংলাদেশের বহু জিহাদি সেখানে গিয়েছে, প্রশিক্ষণ নিয়েছে এবং কথিত ধর্মীয় নেতারা সেদেশ সফর শেষে বাংলাদেশের পত্রিকায় লিখেছে, আফগানিস্তানে বেহশত দেখে এলাম। শুধু উপমহাদেশ নয়, উত্তর আফ্রিকা থেকে শুরু করে দক্ষিণ-পূর্ব এশিয়ার সব উগ্রবাদী গোষ্ঠীর প্রশিক্ষণ ও বিশ্রামের জায়গা হবে আফগানিস্তান। সুতরাং মার্কিন সেনা প্রত্যাহারের পর আফগানিস্তানের অবস্থা হবে ব্যাক টু স্কয়ার ওয়ান এবং উপমহাদেশে অস্থিরতাসহ বিশ্বব্যাপী জঙ্গি উগ্রবাদী তৎপরতা বৃদ্ধি পাবে।

লেখক : গবেষক এবং রাজনৈতিক ও নিরাপত্তা বিশ্লেষক

MITU DISABILITY CENTER

ROMJAN (Consultant)
646-730-8416


JABBAR SHARIFF
Attomey & Counselor at Law

IF YOU ARE SICK, YOU CAN GET
$500-$2500 PER MONTH
State Disability (TANF) Federal Disability (SSI, SSDI)
Citizenship Without Exam N-648 Waiver
Personal Injury ● Divorce ● Bankruptcy ● Immigration
Car, Home, Life Insurance (No Broker Fee) Real State
Buy Sale Lone Modification Physical Therapy by Doctor

আপনি যদি অসুস্থ হন তাহলে
মাসে ৫০০-২৫০০ ডলার পেতে পারেন
* ষ্টেট ডিসএ্যাবিলিটি * ফেডারেল ডিসএ্যাবিলিটি
* পরীক্ষা ছাড়া আমেরিকার সিটিজেন।
এখানে ডাক্তার দ্বারা ফিজিক্যাল থেরাপী দেওয়া হয়।
ইমেগ্রেশনের বিষয় সাহায্য করা হয়।
37-47 73 ST. #215, JAKSON HEIGHTS NY 11372
TEL: 718-701-2666

DR. SADI ALAM, DPM
Foot Specialist
পায়ের বাংলাদেশী রোগ বিশেষজ্ঞ চিকিৎসক
Jamaica Office: 168-32 Highland Ave, Jamaica, NY 11432
Hollis: 196-22 Hillside Ave, Hollis, NY 11423
Jackson Heights Office: 7017 37th Ave, Jackson Heights, NY 11372
Brooklyn Office: 486 McDonald Ave, Brooklyn, NY 11218
Alam Podiatry, P.C.
Ozone Park Office: 530 Conduit Blvd, Brooklyn, NY 11208
Bronx Office: 3099 Bainbridge Ave, Bronx, NY 10467
Parkchester Office: 1381 Castle Hill Ave, Bronx, NY 10462
FOR APPOINTMENT
Phone: 347-509-4470 | Fax: 646-845-1861 | www.alampodiatry.com
WE ACCEPT ALL MAJOR INSURANCE PLANS
PLEASE ASK YOUR DOCTOR FOR REFERRAL

চীনের প্রতিরক্ষামন্ত্রীর সফর কী বার্তা দিচ্ছে?



ড. এম সাখাওয়াত হোসেন

চীনের স্টেট কাউন্সিলর এবং প্রতিরক্ষামন্ত্রী ওয়েই ফেঙ্গির সাম্প্রতিক বাংলাদেশ সফর কূটনীতিতে নতুন বার্তা দিচ্ছে কিনা- সে প্রশ্ন উঠছে। আমি মনে করি, চীনের সঙ্গে বাংলাদেশের দীর্ঘদিনের যে সম্পর্ক, সেটাকে নতুনভাবে ব্যাখ্যা করার অবকাশ সামান্যই। বাংলাদেশ ও চীনের মধ্যে কূটনৈতিক সম্পর্কের বয়স সাড়ে চার দশকেরও বেশি। শুরুতে চীনের সঙ্গে বাংলাদেশের সম্পর্ক ছিল সামরিক সহায়তাকেন্দ্রিক। চীনের সহযোগিতায় বাংলাদেশে সমরাস্ত্র কারখানা প্রতিষ্ঠা হয়। এই কারখানা থেকে এখন সমরাস্ত্র তৈরি হচ্ছে। চীন থেকে যেসব সামরিক সরঞ্জাম আনা হয়, তা রক্ষণাবেক্ষণের ব্যবস্থাও বাংলাদেশে আছে এবং এগুলো কার্যকর। এ ছাড়া ইউরোপ-আমেরিকা থেকে সমরাস্ত্র সংগ্রহ বাংলাদেশের জন্য ব্যয়বহুল। চীনের ক্ষেত্রে তা নয়। এ ক্ষেত্রে সহজে ঋণ সুবিধাও পাওয়া যায়। এই মুহূর্তে বাংলাদেশের প্রায় ৯০ শতাংশ সমরাস্ত্রই চীনের। তবে ধীরে ধীরে সামরিক খাত ছাপিয়ে চীন বাংলাদেশে অন্যান্য ক্ষেত্রেও সহায়তা বাড়িয়েছে। বাংলাদেশের সঙ্গে চীনের বাণিজ্য যেমন বেড়েছে, তেমনি বেড়েছে বিনিয়োগ। বাংলাদেশের প্রকল্পে ঋণ সহায়তাও করেছে দেশটি। বস্তুত চীন বর্তমান বিশ্বের অন্যতম অর্থনৈতিক পরাশক্তি। বিভিন্ন দেশে চীন যেমন বিনিয়োগ করছে, তেমনি ঋণ সহায়তা দেওয়াসহ উন্নয়নেও অংশ নিচ্ছে। বাংলাদেশেও উল্লেখযোগ্য মেগা প্রকল্প বাস্তবায়নে কাজ করছে চীন।



তার পরও এটা বলা যেতে পারে, বাংলাদেশ এখন ভারতের প্রতি বেশি 'সফট'। দুই দেশের সরকারের মধ্যে পারস্পরিক যোগাযোগ বৃদ্ধি পেয়েছে। আমরা দেখেছি, সামরিক সরঞ্জাম কিনতে ২০১৭ সালে ভারতের সঙ্গে ৫০ কোটি ডলারের ঋণ চুক্তি করে বাংলাদেশ। ভারতের সঙ্গে আমদানি-রপ্তানি বাড়ছে। সড়ক, রেলপথ, নৌপরিবহন ও বন্দর, বিদ্যুৎ, তথ্যপ্রযুক্তি, স্বাস্থ্য, কারিগরিসহ বিভিন্ন উন্নয়ন প্রকল্প বাস্তবায়নে ভারত থেকে বাংলাদেশের ঋণও পাওয়ার কথা রয়েছে। তার পরও হিসাব করলে চীনের পাল্লাই ভারী হবে। চীনের বিনিয়োগ ক্ষমতা, ক্রয়ক্ষমতা, বাণিজ্যিক লেনদেন প্রভৃতি ক্যাপাসিটি ভারত থেকে অনেক বেশি। কেবল বাংলাদেশেই নয়; চীন অনেক দেশেই বিনিয়োগ করছে। চীন ও ইরান ২৫ বছরের 'কৌশলগত সহযোগিতা চুক্তি করেছে। এই চুক্তিতে ইরানের তেল-গ্যাস, ব্যাংকিং, টেলিকম, বন্দর উন্নয়ন, রেলওয়ে উন্নয়ন এবং আরও কয়েক ডজন গুরুত্বপূর্ণ খাতে চীন আগামী ২৫ বছরে কমপক্ষে ৪০ বিলিয়ন ডলার বিনিয়োগ করবে। ২০১৬ সালের অক্টোবরে চীনের প্রেসিডেন্ট শি জিনপিংয়ের বাংলাদেশ সফরে ২৭টি প্রকল্পের ২০ বিলিয়ন ডলার ঋণ সহায়তার আলোচনা হয়। ২৭টি প্রকল্পের মধ্যে চারটি প্রকল্পের কাজ চলছে।

এ অঞ্চলে প্রভাব বিস্তারে চীন, ভারত ও যুক্তরাষ্ট্রের মধ্যে এক ধরনের প্রতিযোগিতা লক্ষণীয়। বৈশ্বিকভাবে চীনের প্রধান প্রতিপক্ষ যুক্তরাষ্ট্রের সঙ্গে ঘনিষ্ঠভাবে কাজ করছে ভারত। এশিয়ায় বিশেষত দক্ষিণ এশিয়ায় চীন ও ভারত আবার প্রধান প্রতিপক্ষ। আমাদের সঙ্গে ভারতের যে সীমান্ত সমস্যা, সেটা জিইয়ে রাখা হয়েছে। লক্ষ্য রাখতে হবে, চীনের স্টেট কাউন্সিলর এবং প্রতিরক্ষামন্ত্রীর এ সফরের আগে ভারতের সেনাপ্রধান সম্প্রতি বাংলাদেশ সফর করে গেছেন। চীনের প্রতিরক্ষামন্ত্রী আমাদের সেনাবাহিনী প্রধানের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন। আসলে এ সফরটি বলা চলে 'পাওয়ার ব্যালেন্সিং'-এর অংশ।

রাষ্ট্রপতির সঙ্গে চীনের প্রতিরক্ষামন্ত্রী ওয়েই ফেঙ্গির সাক্ষাৎ

এবার করোনার টিকার কথায় আসি। চীন গত বছরের শেষদিকে বাংলাদেশকে টিকা দিতে চেয়েছিল। অথচ পররাষ্ট্রমন্ত্রীর বক্তব্য অনুসারে বাংলাদেশ একটি কোম্পানির চাপে ভারতের সেরাম ইনস্টিটিউট থেকে তিন কোটি ডোজ টিকা কেনার চুক্তি করে। ইতোমধ্যে দেড় কোটি ডোজের মূল্য বাংলাদেশ সরকার পরিশোধও করেছে। কথা ছিল, প্রতি মাসে ৫০ লাখ ডোজ হারে ছয় মাসে এ টিকা দেওয়া হবে। সে লক্ষ্যে ৫০ লাখ ডোজের প্রথম চালানটি বাংলাদেশে পৌঁছে জানুয়ারির শেষ সপ্তাহে। এর পর ২০ লাখ ডোজের দ্বিতীয় চালান আসে ফেব্রুয়ারিতে। দ্বিতীয় চালানের বাকি অংশ মার্চের প্রথম সপ্তাহে পৌঁছার কথা থাকলেও প্রতিশ্রুত টিকা আসেনি। এখন ভারতে করোনার যে বিস্তার আমরা দেখছি এবং একই সঙ্গে সেরাম ইনস্টিটিউট তাদের প্রত্যাশিত উৎপাদনও করতে পারেনি। অবশেষে ভারত সরকার টিকা রপ্তানি বন্ধ করে দেয়। অথচ স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুসারে, প্রথম ডোজের টিকা নিয়েছেন ৫৮ লাখ ১৮ হাজার ৪০০ মানুষ। তাদের মধ্যে দ্বিতীয় ডোজ নিয়েছেন ২৩ লাখ ২৬ হাজার ৮৬৬ জন। দ্বিতীয় ডোজের টিকা দিতেই অন্তত ১২ লাখ ঘাটতি রয়েছে।

এ অবস্থায় সরকারকে টিকার জন্য অন্য উৎস খুঁজতেই হবে। তাই করোনাভাইরাসের টিকার মজুদ গড়তে চীনের সঙ্গে একটি নতুন প্ল্যাটফর্মে যোগ দিচ্ছে বাংলাদেশ। দক্ষিণ এশীয় উদ্যোগ হলেও এখানে ভারত নেই ৬ইমার্জেন্সি ভ্যাকসিন স্টোরেজ ফ্যাসিলিটি ফর কভিড ফর সাউথ এশিয়া প্ল্যাটফর্ম গড়ে উঠেছে চীনের উদ্যোগে। বাংলাদেশ ও চীন ছাড়াও রয়েছে আফগানিস্তান, পাকিস্তান, নেপাল ও শ্রীলঙ্কা। সরকার টিকার জন্য ইতোমধ্যে রাশিয়ার সঙ্গেও চুক্তি করেছে। একই সঙ্গে চীনের টিকা পেতেও জোরালো প্রচেষ্টা চালাচ্ছে। আসলে এর বিকল্পও নেই। সরকারকে জনগণের সুরক্ষা নিশ্চিত করতেই হবে। কিন্তু সরকার যে টিকা কার্যক্রমে হোঁচট খেলো- এখান থেকে শিক্ষা নিতে হবে। এখনও বিপুল অধিকাংশ মানুষ টিকার বাইরে রয়ে গেছে, অথচ কেবল একটি দেশের ওপর নির্ভর করে বসে ছিল! এ রকম পরিস্থিতিতে কে আপনাকে শতভাগ টিকা দেবে? যা হোক, চীনের প্রতিরক্ষামন্ত্রী রাষ্ট্রপতির সঙ্গে সাক্ষাতে করোনার বিরুদ্ধে লড়াইয়ে চীন আমাদের পাশে থাকার ঘোষণা দিয়েছেন। কিন্তু মাঝে টিকা কার্যক্রমে যে গ্যাপ তৈরি হলো, দ্বিতীয় ডোজ টিকায় যে অনেকের অনিশ্চয়তা তৈরি হলো, এর দায় কে নেবে?

মনে রাখা দরকার, চীনের কাছে এ অঞ্চলটি অত্যন্ত গুরুত্বপূর্ণ। সে জায়গা থেকেই বাংলাদেশসহ এ অঞ্চলের দেশগুলোর সঙ্গে অব্যাহত যোগাযোগ রাখে বেইজিং। সাম্প্রতিক বছরগুলোতে চীন-বাংলাদেশ সম্পর্ক উন্নয়নের প্রচেষ্টা স্পষ্ট। কৌশলগত পারস্পরিক বিশ্বাস জোরদার করা এবং বেল্ট অ্যান্ড রোড ইনিশিয়েটিভ তথা বিআরআইর অধীনে দেশে চীনা সহযোগিতা বাড়ছে। এদিকে এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের দেশগুলোর মধ্যে বাংলাদেশকে গুরুত্বপূর্ণ অংশীদার বিবেচনা করে যুক্তরাষ্ট্র। স্বাভাবিকভাবেই ইন্দো-প্যাসিফিক স্ট্র্যাটেজি (ভারত মহাসাগরীয় কৌশল-আইপিএস) নিয়ে বাংলাদেশ সরকারের সঙ্গে আলোচনায় আগ্রহী যুক্তরাষ্ট্র। তবে বাংলাদেশের কৌশলী হতে হবে। যদিও বিআরআইর মূল বিবেচ্য হচ্ছে ব্যবসা, বিনিয়োগ ও অর্থনীতি। অন্যদিকে আইপিএসের লক্ষ্য নিরাপত্তা ও প্রতিরক্ষা। যখনই নিরাপত্তা ও প্রতিরক্ষার বিষয় আসবে, তখনই বাংলাদেশকে সেভাবে ভূ-রাজনৈতিক কৌশল নির্ধারণ করতে হবে।

লেখক: সাবেক নির্বাচন কমিশনার ও অবসরপ্রাপ্ত ব্রিগেডিয়ার জেনারেল

কনগ্রেশনাল প্রক্লেমেশনপ্রাপ্ত, এক্সিডেন্ট কেইসেস
ও ইমিগ্রেশন বিষয়ে অভিজ্ঞ যুক্তরাষ্ট্র
সুপ্রিম কোর্টের এটর্নী এট ল'



এটর্নী মঈন চৌধুরী
Moin Choudhury, Esq.
Hon. Democratic District Leader at Large, Queens, NY
মাননীয় ডেমোক্রেটিক ডিস্ট্রিক্ট লিডার এট লার্জ, কুইন্স, নিউইয়র্ক।
সাবেক ট্রাষ্টি বোর্ড সদস্য-বাংলাদেশ সোসাইটি, ইন্‌ক.
917-282-9256
Moin Choudhury, Esq
Email: moinlaw@gmail.com
Moin Choudhury is admitted in the United States Supreme Court and MI State only. Also admitted in the U.S. Court of International Trade located in NYC



এক্সিডেন্ট কেইসেস
বিনামূল্যে পরামর্শ
কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা
গাড়ী/ বিল্ডিং এ দূর্ঘটনা/ হাসপাতালে
বিকলাঙ্গ শিশুর জন্ম
ফেডারেল ডিজএবিলিটি
(কোন অগ্রিম ফি নেয়া হয় না)
Immigration



Timothy Bompart
Attorney at Law
(To Schedule Appointment Only)
Call:917-282-9256
E-mail: moinlaw@gmail.com
Moin Choudhury
Attorney at Law
Law offices of Timothy Bompart : 37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372
Manhattan Office By Appointment Only.
Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076
Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court.







ইমিগ্রেশন / এসাইলাম সেন্টার: গ্রীন কার্ড ও নাগরিকত্ব

কম্যুনিটির সবচেয়ে আলোচিত, পরিচিত এবং নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

লিগ্যাল নেটওয়ার্ক এ আসুন!

আমেরিকায় আইনানুগ বসবাস এনে দিতে পারে জীবনের প্রশান্তি। ইমিগ্রেশন/লিগ্যাল ইস্যুতে ছোট্ট একটি ভুলের জন্য অনেক বড় খেসারত অনেককেই দিতে হয়েছে। ঐ ভুলটি না করার জন্য কয়েক ডজন এটর্নী সিপিএ এবং আর্কিটেক্টদের সমন্বয়ে গড়া **লিগ্যাল নেটওয়ার্কের নিম্নোক্ত সেবা গ্রহন করুন:**

● নাগরিকত্ব, গ্রীনকার্ড, এসাইলাম, ম্যারেজ, ইনভেস্টমেন্ট, স্ট্যাটাস এডজাস্টমেন্ট, স্টপ ডিপোর্টেশন, এপ্লাই ফর সিটিজেনশিপ, অ্যাডভান্স প্যারোল, (রাজনৈতিক আশ্রয় প্রার্থীরা বিশেষ ব্যবস্থায় দেশে ঘুরে আসুন) ● ক্রিমিনাল (ষ্টেট/ফেডারেল) ● সিভিল লিটিগেশন: বিজনেস, ডিভোর্স, চাইল্ড সার্পোট/ কাস্টোডি, স্টপ ফর-ক্লোজার, (নিজ বাড়ী রক্ষা করুন), পার্টনারশীপ, বিজনেস এগ্রিমেন্ট, ল্যান্ডলর্ড/টেন্যান্ট, ● এক্সিডেন্ট কেইস: পারসোনাল ইনজ্যুরী/ স্লীপ এন্ড ফল ইত্যাদি ● ট্যাক্স ফাইল (ব্যক্তিগত এবং বিজনেস) ● ফাইল ফর কর্পোরেশন এবং নট ফর প্রফিট কোম্পানী, ● বুক কিপিং ও অন্যান্য ● বাড়ীর ভায়োলেশন রিমুভ, লিগ্যাল বেইজমেন্ট, প্রপার্টি কনভার্শন (এক ফ্যামিলি থেকে বহু ফ্যামিলি), রিমুভ ফাইন-সিটি/স্টেট এজেন্সীস।

ইদানীং ইমিগ্রেশন আইন সহ বিভিন্ন আইনের প্রয়োগ নিয়ে অনেক তর্কবিতর্ক হচ্ছে যার সাথে ইমিগ্র্যান্টদের ভাগ্য ওতপ্রোতভাবে জড়িত। এ সময়ে ইমিগ্র্যান্টরা কোন বিষয়েই কোন প্রকার ভুল এফোর্ড করে না। সুতরাং গ্রোসারি ষ্টোরের মতো গজিয়ে ওঠা মোহরী/ মাল্টি সার্ভিস দোকানে যাওয়ার আগে এবং এটর্নী নিয়োগের পূর্বে ইমিগ্র্যান্টদের সচেতন হওয়া খুবই জরুরী।

All Service Provided by Attornys Admittied in State & Federal Court, CPA, P.E, Architect and Licensed Professionals.

72-32 Broadway, Suite # 302, Jackson Heights, NY 11372, Tel: 917-722-1408 / 1409, Fax: 718-276-0294, Email: legalnetwork.us@gmail.com

যুক্তরাষ্ট্রে বাংলাদেশী মালিকানাধীন বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলরের উঠে আসার গল্প

রাজু আলীম: যুক্তরাষ্ট্রের ভার্জিনিয়ায় বসবাসরত ইঞ্জিনিয়ার আবুবকর হানিপকে বলা হয় 'ম্যাজিকম্যান। তার প্রতিষ্ঠিত পিপল এন টেক-এর মাধ্যমে প্রায় ৭ হাজারেরও বেশি বাংলাদেশীকে আমেরিকায় মিড লেভেল কিংবা সিনিয়র লেভেলের চাকরি দিয়েছেন। অড জব কিংবা এন্ট্রি লেবেলের জব থেকে মুক্তি দিয়েছেন। এবার তিনি দায়িত্ব নিলেন আইগ্লোবাল ইউনিভার্সিটির। এটি যুক্তরাষ্ট্রে বাংলাদেশী মালিকানাধীন প্রথম বিশ্ববিদ্যালয়। আর এই বিশ্ববিদ্যালয়ের মাধ্যমে ইন্ডাস্ট্রি এবং একাডেমির মধ্যে মেলবন্ধন ঘটানোর স্বপ্ন দেখছেন আবুবকর হানিপ।

কঠোর পরিশ্রম ও নিষ্ঠার মাধ্যমে ইতিহাসের অংশ হয়েছেন যুক্তরাষ্ট্রের ভার্জিনিয়ায় বসবাসরত 'ম্যাজিকম্যান' খ্যাত ইঞ্জিনিয়ার আবুবকর হানিপ। বাংলাদেশী-আমেরিকান হিসেবে এই প্রথম যুক্তরাষ্ট্রে একটি বিশ্ববিদ্যালয়ের মালিকানা অর্জন করেন তিনি।

এ বছরের শুরুর দিকে ভার্জিনিয়া স্টেটের ভিয়েনায় অবস্থিত 'আই গ্লোবাল ইউনিভার্সিটি' (ইনোভেটিভ গ্লোবাল ইউনিভার্সিটি তথা আইজিইউ)-এর সম্পূর্ণ দায়িত্ব গ্রহণ করেন তিনি। ২০০৮ সালে প্রতিষ্ঠিত বিশ্ববিদ্যালয়টি বিজ্ঞান, ব্যবসা ও প্রযুক্তি শিক্ষার জন্য দক্ষিণ, দক্ষিণ-পূর্ব এশিয়া, মধ্যপ্রাচ্য ও ইউরোপীয় শিক্ষার্থীদের কাছে সবচেয়ে কাঙ্খিত একটি শিক্ষাপ্রতিষ্ঠান হিসেবে সুপরিচিত।

ইঞ্জিনিয়ার আবুবকর হানিপ যুক্তরাষ্ট্রে 'পিপল এন টেক'র প্রতিষ্ঠাতা ও প্রধান নির্বাহী। এই ইনস্টিটিউটের মাধ্যমে আমেরিকান আইটি সেক্টরে গত দেড় দশকে ৭ হাজারের অধিক প্রবাসীকে উচ্চ বেতনে চাকরির ব্যবস্থা করেন ইঞ্জিনিয়ার হানিপ। পিপল এন টেকের কারণে হানিপ প্রবাসী বাংলাদেশীদের কাছে দারুণ সমাদৃত। এবার বিশ্ববিদ্যালয়ের দায়িত্ব গ্রহণ করে তিনি রীতিমতো সবাইকে চমকে দিয়েছেন। এই প্রতিষ্ঠানের মাধ্যমে বাংলাদেশের মেধাবী ছাত্রছাত্রীরাও বৃত্তি নিয়ে উচ্চশিক্ষা গ্রহণে যুক্তরাষ্ট্রে যাওয়ার সুযোগ পাবেন। এই বিশ্ববিদ্যালয় থেকে ইতিমধ্যে কৃতিত্বের সঙ্গে ডিগ্রি নেওয়া শিক্ষার্থীদের বড় একটি অংশ এশিয়া, ইউরোপ ও মধ্যপ্রাচ্যের বিভিন্ন দেশ থেকে এসেছেন। জানা গেছে, গত ১২ বছরে ৪ হাজারের বেশি ছাত্রছাত্রী উচ্চতর ডিগ্রি নিয়েছেন।

ঢাকার চ্যানেল আই কার্যালয়ে আলাপকালে তিনি জানালেন তার পরিকল্পনা ও চিন্তার কথা।

প্রশ্ন: আপনাকে কেন ম্যাজিকম্যান বলা হয়?

আবুবকর হানিপ: আমাকে ইউএসএতে অড জব করতে হয়েছে। সপ্তাহে ছয় দিন, ঘণ্টায় মাত্র ৫ ডলার, আমার কাছে মনে হলো আমি কেন এই কাজ করতে আসলাম। তখন বুঝলাম দক্ষতা বাড়াতে হবে। ভর্তি হলাম কম্পিউটার সায়েন্সে। আবার মাস্টার্স করলাম। তারপর একটা চাকরি পেলাম, বেতন পেলাম ৮৫ হাজার ইউএস ডলার, বছরে। তখন আমি ভেবে দেখলাম যে, শুধু প্রাতিষ্ঠানিক শিক্ষা থাকলেই হবে না। সাথে থাকতে হবে দক্ষতাও। সেই চিন্তা থেকেই আমি আমার সব পরিচিতদের মধ্যে কথা বলা শুরু করলাম যে, অড জব করার চেয়ে একটু দক্ষতা অর্জন করা ভালো। সবাইকে বললাম কিন্তু সাড়া দিলো একজন। তার একটা ট্যাক্সি ছিল, দক্ষতা বাড়লে নতুন যে চাকরিতে জয়েন করলেন তার বেতন আমার চেয়েও বেশি হয়ে গেল। এভাবে আস্তে আস্তে বাড়তে থাকলো বাংলাদেশি শিক্ষার্থীদের সংখ্যা। প্রায় তিন শতাধিক বাংলাদেশীকে পর্যায়ক্রমে দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ দেয়া শুরু করলাম। তখন প্রতিষ্ঠিত হলো পিপল এন টেক। এখন প্রায় সাত হাজার শিক্ষার্থী আমেরিকাতে ভালো চাকরি করে, তার মধ্যে ছয় হাজারেরও বেশি বাংলাদেশী।

প্রশ্ন: পিপল এন টেক এর মাধ্যমে তাহলে আপনি দক্ষতা বাড়ানোর কাজ করছেন? আগ্রহীরা আপনার সহায়তা কিভাবে পেতে পারে?

আবুবকর হানিপ: বেশ কয়েকভাবেই আমাদের রিচ করা সম্ভব। প্রথমত: যারা সাধারণ ডিগ্রি নিয়ে আমেরিকা যান, তাদের কোনো জব করতেই হয়। সেই জবে হয়তো প্রতি ঘণ্টায় আয় হয় ১০-১৫ ডলার অর্থাৎ বছরে ২০-৩০ হাজার ডলার। কিন্তু ওরাই যখন আমার প্রতিষ্ঠানে চারমাসের কোর্স (সপ্তাহে দুই দিন) করে তখন তারা যে চাকরিতে যোগ দেয় তার আয় বছরে দাঁড়ায় ৮০ হাজার থেকে ১ লাখ ইউএস ডলার। আমরা আসলে মুখে মুখে ছড়িয়ে পড়ি। কেউ একজন এখানে প্রশিক্ষণ নিয়ে ভালো কাজে যোগ দিলো, তখন সে আরেকজনকে বলল, সে আরেকজনকে, সে আরেকজনকে-এভাবেই ছড়ায়।

প্রশ্ন: কী ধরণের প্রশিক্ষণ আপনারা দেন?





আবুবকর হানিপ: যাদের আইটি সম্পর্কে কোনো ধারণাই নাই, তাদেরকে সফওয়ার টেস্টিং ট্রেনিং দেই। কখনো কখনো কোয়ালিটি এস্যুরেন্সের উপর ডেভলপ করি। বেসিক লেবেল অব কম্পিউটিং যদি কারও জানা থাকে, ইংরেজি মোটামুটি বলতে পারে, তাদেরকে আমরা সফটওয়ার ট্রেনিং দেই। এর পরে আছে ডাটাবেইজ এ্যাডমিনিস্ট্রেশন, প্রজেক্ট ম্যানেজমেন্ট প্রফেশনাল, ড্যাবঅপস, এডব্লিউএসসহ আরো অনেক কোর্স রয়েছে যেগুলো টেকনিক্যালি ডিমান্ডেবল।

প্রশ্ন: সফট স্কিল নিয়েও কি আপনারা কাজ করছেন?

আবুবকর হানিপ: ইউনিভার্সিটি থেকে যখন কেউ পাশ করে সে একাডেমিক নলেজ নেয় এবং একটা ডিগ্রি নেয়। কিন্তু জব করতে গেলে ইন্ডাস্ট্রি নলেজ দরকার পড়ে, প্রয়োজন হয় সফট স্কিলের, দরকার জব স্কিল এবং কনফিডেন্সের। সেই সাথে করপোরেট ইনভায়রনমেন্টে কিভাবে কাজ করবে সেসব বিষয়ে তার জানা দরকার। পিপল এন টেক এসব বিষয় মাথায় রেখেই তাদের ট্রেনিং প্যাকেজটা রেডি করেছে। এমনভাবে প্রশিক্ষণগুলো ডিজাইন করা যে মিড লেবেলে কাজ করে, প্রশিক্ষণ শেষেই সে সিনিয়র লেবেলে জবের জন্য এপ্লাই করার দক্ষতা অর্জন করবে।

প্রশ্ন: কী চিন্তা করে ইউএসএতে বাংলাদেশী মালিকানাধীন বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করলেন?

আবুবকর হানিপ: আমি এই যে সাত হাজারের মতো মানুষের কর্মসংস্থান সহায়তা করতে পেরেছি, তাদের বেশিরভাগই ব্যাচেলর ডিগ্রিধারী অথবা হাইস্কুল গ্রাজুয়েট। কিন্তু ম্যানেজার লেবেলের চারকিরর জন্য একটা আমেরিকান ডিগ্রি দরকার হয়। সেই জন্য এই ইউনিভার্সিটি দেয়া। আপনি দেখবেন বেশিরভাগ চাকরিতে জয়েন করার আগেই একজন স্টুডেন্টের কাঁধে লোনের ভার থাকে ১৮ থেকে ২০ লাখ টাকা। কারণ লোন নিয়ে তারা পড়াশুনা করে। প্রতিবছর এইচ১বি ভিসার মাধ্যমে ৮৫ হাজার ভিসা দেয়া থাকে, যার মধ্যে ৬৫ হলো ব্যাচেলর ডিগ্রি এবং বাকীগুলো সেখানকার স্থানীয় ডিগ্রিধারীরা পেয়ে যাচ্ছেন। আমার এই বিশ্ববিদ্যালয়ের মাধ্যমে ডিগ্রির পাশাপাশি, দক্ষতাবৃদ্ধিমূলক প্রশিক্ষণ পাবে। যার কারণে আমেরিকাতে চাকরি পেতে তার কোন সমস্যা হবে না। আমেরিকান স্টাইলে রেপ্লিকা শিক্ষার ব্যবস্থা আমাদের বিশ্ববিদ্যালয়ে দেয়া হচ্ছে।

প্রশ্ন: বাংলাদেশ থেকে যারা আমেরিকাতে যেতে চায় তাদেরকে কি পরামর্শ দেবেন?

আবুবকর হানিপ: আইটি কিন্তু পরিবর্তনশীল। কিন্তু বেশিরভাগ সময় দেখা যায় কি অনেক প্রতিষ্ঠানই তাদের কারিকুলাম পরিবর্তন করে না। আমরা ঠিক করেছি, সরকারি শিক্ষা ব্যবস্থায় যে কারিকুলাম দেয়া আছে তা তো থাকবেই, সেই সাথে থাকবে নতুন নতুন শিক্ষাও যাতে যুক্ত করা যায়, কারিকুলামে সেই সুযোগ রাখা হয়েছে। কেউ যদি চার বছরের কারিকুলামে ভর্তি হন, শুরু থেকেই যদি নেটওয়ার্কিং, ডাটাবেইজ, সফটওয়ার এসব শিক্ষা পাবে। শেষ বছরে সেই শিক্ষার্থীকে আমরা এসএমই বানাবো। অর্থাৎ সাবজেক্ট ম্যাটার এক্সপার্ট বানাবো। শিক্ষার্থীরা যে বিষয়ের উপর বেশি দক্ষতা অর্জন করতে চায়, তাদের ইচ্ছাকে প্রাধান্য দেয়া হবে। বাংলাদেশের শিক্ষার্থীরাও এসব কাজে যুক্ত হতে পারে। সকলকেই যে আমেরিকাতেই আসতে হবে এমন কোনো কথা নেই। এখন বাংলাদেশে ইন্টারনেট সেবা ভালো। দেশে বসেই আউটসোর্সিং এর মাধ্যমে কাজ করতে পারছে।

প্রশ্ন: বাংলাদেশকে নিয়ে আপনার চিন্তা কী?

আবুবকর হানিপ: আপনি জানেন যে বাংলাদেশে সরকারি-বেসরকারি মিলিয়ে ১৫৭টি বিশ্ববিদ্যালয় আছে। তাদের সকলের সাথে কাজ করতে চাই। মডেলটা শেয়ার করতে চাই, যাতে তারা চাইলে ফলো করতে পারে। এমনটা হলে আর কেউ বেকার থাকবে না বলে আমার বিশ্বাস। আমাদের দেশের শিক্ষা ব্যবস্থায় অনেক ইঞ্জিনিয়ার হয়ে যাচ্ছেন পুলিশ, অনেকে পুলিশ হতে ইচ্ছুক, হয়ে যাচ্ছেন প্রশাসক মানে বলতে চাচ্ছি, টা চেঞ্জ হয়ে যাচ্ছে। অথচ সরকার অনেক টাকা ভর্তুকি দিয়ে তাদের শিক্ষিত করছে। এটা নিয়ে কাজ করতে চাই। আরেকটা বিষয় হলো মেধাবীদের আমরা বেশিরভাগ সময় শিক্ষক হিসেবে রেখে দেই। কিন্তু এরাই যদি দুই বছর, তিন বছর ধরে ইন্ডাস্ট্রি এডুকেশন নিয়ে শিক্ষকতা শুরু করেন, তাহলে তারা আরো ভালো শিক্ষা দিতে পারবে। আমরা এই বিষয়টা নিয়েও কাজ করতে চাই। তৃতীয়ত একাডেমিক সেটিং যদি রিয়েল লাইফ রেপ্লিকার সাথে যুক্ত করতে চাই। আমি বিশ্বাস করি তাহলেই কেবল সম্ভব দক্ষ মানুষ তৈরি করা।

প্রশ্ন: পাশ করেই শিক্ষকতা পেশায় যুক্ত হওয়াদের আসলেই এই প্রশিক্ষণ খুব কাজে আসবে বলে মনে হয় আমারও

আবুবকর হানিপ: ট্রেইন দ্য ট্রেইনার (টিটিটি) যদি সবখানে করা যায়, তাহলে শিক্ষকরা নিজেদের আপডেট করলো, ইন্ডাস্ট্রিতে কী কী জিনিস আসে সেগুলো এডোপ করলো, শিক্ষার্থীদের সেভাবে ডেলিভার করলো। তাহলে বেশ ভালো হবে। এখন ঘরে বসেই এলএমএস, লার্নিং ম্যানেজমেন্ট স্কিল এর মাধ্যমে শিখছেন। এ সুযোগগুলো আমাদের এখানে আছে। যারা আমাদের এখানে আবেদন করবেন তাহলে আমাদের একাডেমিক থেকে সহায়তা করবে। ব্রেইন আর ড্রেইন নাই। আমি মনে করি ব্রেইন এগেইন। যদিও আমি আমেরিকাতে থাকি, তারপরও বাংলাদেশীদের জন্য চিন্তা করি। সেটাই আমার শক্তি। বাংলাদেশের জন্য কন্ট্রিবিউট করতে চাই আমি।

প্রশ্ন: ডিগ্রি কেন প্রয়োজন?

আবুবকর হানিপ: 'পিপল এন টেক এ আমরা মূলত অশিক্ষিত কিংবা অর্ধশিক্ষিত মানুষের স্কিল ডেভেলপের কাজ করে থাকি। কিন্তু উচ্চ ডিগ্রি থাকা সত্ত্বেও অনেকে ভালো চাকরি পেতে পারেন না। উচ্চ বেতনে চাকরি পাওয়ার জন্য আপনার বিশ্ববিদ্যালয় ডিগ্রি অবশ্যই প্রয়োজন। কিন্তু কেবল ডিগ্রিই আপনাকে চাকরির নিশ্চয়তা দেয় না। যেমনটা আমাকে দেয়নি ২০ বছর আগে। ব্যাচেলর ডিগ্রি কিংবা মাস্টার্স ডিগ্রি অর্জন করেও এন্ট্রি লেবেলের চাকরি করতে হয়। তখন একজন কোয়ালিফাইড ও এডুকেটেড ছাত্রও হতাশায় নিমজ্জিত হয়। আবার অনেকে ইঞ্জিনিয়ার হয়েও চাকরি করে পুলিশে কিংবা ভিন্ন পেশায়। যেখানে তার শিক্ষা খুব একটা কাজে লাগে না। মূলত এই পয়েন্টটাতেই কাজ করবে আইগোবাল ইউনিভার্সিটি। এই ইউনিভার্সিটি শুরু থেকেই ডিগ্রির পাশাপাশি স্কিল ডেভেলপমেন্টের কাজ করে। যাতে করে ডিগ্রি সম্পাদনের পর কেউ চাকরির জন্য বসে না থাকে কিংবা বাধ্য হয়ে এন্ট্রি লেবেল কিংবা অড জব না করে। মূলত ইন্ডাস্ট্রি এবং একাডেমির মধ্যে একটা ইকোসিস্টেম তৈরি করাই আমাদের মূল লক্ষ্য। আমাদের এখান থেকে ডিগ্রি নেওয়ার পর যেন কারও চাকরির অভাব না হয়।'

প্রশ্ন: বাংলাদেশের শিক্ষানীতি নিয়ে যদি কিছু বলেন?

আবুবকর হানিপ: বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নের তিনটি প্রধান ক্ষেত্র হচ্ছে রেমিট্যান্স, গার্মেন্টস ও এগ্রিকালচার। কিন্তু ইনফরমেশন টেকনোলজিও (আইটি) দেশের অর্থনৈতিক চেহারা আরও দ্রুত পাল্টে দিতে সক্ষম। এ জন্য বাংলাদেশের তরুণ প্রজন্মকে সঠিক আইটি শিক্ষায় শিক্ষিত করে তুলতে হবে। এ বছরের শুরুর দিকে ২৭ ফেব্রুয়ারী বিশ্ববিদ্যালয়টির উদ্বোধন করেন বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী ড. একে আবদুল মোমেন। অনুষ্ঠানে বাংলাদেশ থেকে পড়তে যাওয়া শিক্ষার্থীদের জন্য প্রতি বছর প্রায় ২ কোটি টাকার শিক্ষা বৃত্তি ঘোষণা করে কর্তৃপক্ষ। সেই সঙ্গে ড. আবদুল মোমেনের নামে ব্যাচেলর ও মাস্টার্স পর্যায়ে দুটি স্কলারশিপও দেওয়া হবে। এই স্কলারশিপের জন্য আবেদন করা যাবে www.igu.edu ওয়েবসাইটে।

প্রশ্ন: আগামী প্রজন্মের জন্য কিছু বলতে চাইলে কী বলবেন?

আবুবকর হানিপ: বাংলাদেশীদের জন্য বিশ্ববিদ্যালয়ে বিশেষ সুযোগ সুবিধা থাকবে। আমি বাংলাদেশকে ভালোবাসি। এই দেশের মানুষের জন্য কিছু করার চেষ্টা সব সময় করি। এই বিশ্ববিদ্যালয়েও বাংলাদেশী শিক্ষার্থীরা প্রাধান্য পাবে। এর মধ্যেই স্কলারশিপ ঘোষণা করা হয়েছে। সামনে আরও ঘোষণা আসবে। সুযোগ থাকলে আর সরকার চাইলে বাংলাদেশেও এই বিশ্ববিদ্যালয়ের একটি শাখা চালুর ইচ্ছা আছে।

প্রশ্ন: আপনাকে অনেক ধন্যবাদ।

আবুবকর হানিপ: আপনাকেও ধন্যবাদ।

গরমে শরীর ঠান্ডা রাখবে যেসব

(শেষের পাতার পর)

তাহলে দেখে নিন এই গ্রীষ্মকালে আপনার খাবারে কী কী অন্তর্ভুক্ত করবেন-

পানি

কেবলমাত্র পিপাসা পেলেই পানি পান করবেন, বিষয়টা এমন নয়। ডিহাইড্রেশন বা অতিরিক্ত ক্লান্তি থেকে বাঁচতে সারাদিন পানি পান করুন। এটি আপনার শরীরকে সতেজ রাখতে সহায়তা করবে।

ফ্রেশ জুস

গ্রীষ্মে ফলের রস খাওয়া স্বাস্থ্যের জন্য সত্যিই খুব উপকারি। ফলের রস গরমের তাপ থেকে স্বস্তি দিতে সহায়তা করে। তবে চিনিযুক্ত ফলের রস পান করা এড়িয়ে চলুন।

দই

প্রোটিন সমৃদ্ধ দই গরমে আমাদের স্বাস্থ্যের অনেক দিক থেকে উপকার করে। এতে থাকা প্রোটিন আমাদের ক্ষুধা কমায়, যার ফলে নোনতা এবং উচ্চ ক্যালোরিযুক্ত স্ন্যাকস খাওয়ার ইচ্ছা কমে। এর থেকে পাচনতন্ত্রকে সুস্থ রাখতে সহায়ক ব্যাকটেরিয়া প্রোবায়োটিকও মেলে।

তরমুজ

গ্রীষ্মকাল মানেই তরমুজের ছড়াছড়ি। গরমের তাপ থেকে স্বস্তি দেয় তরমুজ। এটি শরীরকে শীতল ও হাইড্রেট রাখে। তরমুজে প্রচুর পরিমাণে পানি থাকে। এছাড়াও, তরমুজে লাইকোপিন রয়েছে যা ত্বকের কোষকে সূর্যের ক্ষতিকর রশ্মির হাত থেকে রক্ষা করে।

টমেটো

টমেটোতে প্রচুর পরিমাণে অ্যান্টিঅক্সিডেন্ট এবং ভিটামিন সি রয়েছে। এ ছাড়াও, এতে লাইকোপিনের মতো উপকারি ফাইটোকেমিক্যালও রয়েছে, যা দীর্ঘস্থায়ী রোগ বিশেষত ক্যান্সার নিরাময়ে সহায়তা করে।

ফল ও শাকসবজি

গরমে স্বস্তি পেতে ফল ও শাকসবজি বেশি করে খান। ফল এবং শাকসবজি সহজে হজম হয় এবং সাধারণত জলের পরিমাণ বেশি থাকে। টাটকা ফল ও ভেজিটেবল স্যালাড আপনাকে হাইড্রেট এবং স্বাস্থ্যকর রাখতে সহায়তা করতে পারে।

শসা

গ্রীষ্মের জনপ্রিয় ফলের তালিকায় শসা অন্যতম। শসায় প্রচুর পরিমাণ পানি থাকার কারণে, এটি আমাদের শরীরকে ঠা-া রাখে। এতে ফসফরাস, জিঙ্ক, ক্যালসিয়াম ও আরও কয়েকটি খনিজ পদার্থের ভালো উৎস হিসেবে বিবেচিত হয়।

পুদিনা

এক গ্লাস পুদিনা জলে দুই ফোঁটা লেবুর রস মিশিয়ে পান করুন, স্বাস্থ্যের অনেক উপকার হবে। এটি লিভার পরিষ্কার এবং বিপাককে শক্তিশালী করে।

নিউইয়র্কে সর্বনিম্ন ফিতরা

(শেষের পাতার পর)

হতে পারে। স্থানীয় আলেম সমাজ ও বিভিন্ন মসজিদ পরিচালনা কমিটি সূত্রে এই তথ্য জানা গেছে। সংশ্লিস্টরা জানান, এই ফিতরা নির্দারণ করা হয় আটা, গম, ভুট্টা, বার্লি, খিজুর, কিসমিস প্রভৃতি দ্রব্যের মূল্যের উপর ভিত্তি করে। এইসব পণ্যের সাড়ে ৪ পাউন্ড ওজনের মূল্যেও সমপরিমান অর্থ ফিতরা হিসেবে গণ্য করতে হবে। সেই হিসেবে নিউইয়র্কে সর্বনিম্ন ১০/১২ ডলার ফিতরা নির্ধারণ করা হয়েছে।

ইতিমধ্যে নিউইয়র্কের বিভিন্ন মসজিদে ফিতরা ও যাকাতের অর্থ জমা নেয়া শুরু হয়েছে। আবার কেউ কেউ ফিতরার অর্থ দেশে গরিব আত্মীয়স্বজনের জন্য পাঠাচ্ছেন। মসজিদগুলো ফিতরার অর্থ গরিব-দুঃখীদের মাঝে বিতরণ করবে। যারা ফিতরা ও জাকাত পাওয়ার যোগ্য, কেবল তাদের মাঝেই তা বিতরণ করা হবে। পবিত্র ঈদুল ফিতরের নামাজের আগেই ফিতরা ও যাকাত আদায়ের তাগিদ রয়েছে।

যাকাত যে কেউ যেকোনো সময় দিতে পারেন। তবে রমজান মাসে যাকাত দিলে ৭০ গুণ বেশি সওয়াব পাওয়া যায় বলে হাদিসে উল্লেখ রয়েছে। এ কারণে অনেকেই রমজান মাসে জাকাত দেন।

চট্টগ্রাম সমিতি উত্তর আমেরিকা ইন্‌ক

Chittagong Association Of North America, Inc.

545 McDonald Ave Brooklyn, NY 11218

www.ecofficectgsamity.us • Email: info@ecofficectgsamity.us

Election Commission Office

সংশোধিত নির্বাচনী তফসীল ও আচরণবিধি ২০২১

সম্মানিত সদস্য ও সদস্যাবৃন্দ, সকল পক্ষের জোরালো আবেদনের পরিপ্রেক্ষিতে এবং গ্রীষ্মের ছুটি জনিত কারণে পরিবার স্বজন নিয়ে চট্টগ্রাম ভ্রমন পরিকল্পনার জন্য নির্বাচন ত্বরান্বিত করার সিদ্ধান্ত গ্রহণ করে নির্বাচন কমিশন যাহা ৬ই জুন রবিবার ২০২১ সনের পরিবর্তে আগামী ২৯শে মে রোজ শনিবার নতুন তারিখ ঘোষণার সিদ্ধান্ত গ্রহণ করে। একটি সুন্দর, সুষ্ঠু এবং সবার নিকট গ্রহণযোগ্য নির্বাচন উপহার দেওয়ার জন্য নির্বাচন কমিশন বদ্ধপরিকর। আপনাদের সাহায্য, সহযোগিতা এবং সক্রিয় অংশগ্রহণের মাধ্যমেই একটি প্রগতিশীল কমিটি গঠণ করা সম্ভব। আসুন আমরা সবাই মিলে উক্ত নির্বাচনকে সাফল্য মন্ডিত করে তুলি।

নির্বাচনের তফসিল

মনোনয়ন পত্র বিতরণ	:	৫ই মে, ২০২১, রোজ বুধবার ৬ই মে, ২০২১, রোজ বৃহস্পতিবার
মনোনয়ন পত্র দাখিল/গ্রহণ	:	৭ই মে ২০২১, রোজ শুক্রবার ৮ই মে ২০২১, রোজ শনিবার
মনোনয়ন পত্র বাছাই	:	১০ই মে, ২০২১ রোজ সোমবার
আপিলের সময়সীমা	:	১১ই মে, ২০২১ রোজ মঙ্গলবার
আপিলের শুনানীর রায় ও প্রার্থী প্রত্যাহারের শেষ সময়	:	১৫ই মে, ২০২১ রোজ শনিবার
চূড়ান্ত প্রার্থী তালিকা ঘোষণা	:	১৬ই মে, ২০২১ রোজ রবিবার

ভোট কেন্দ্র
চট্টগ্রাম ভবন
৫৪৫ ম্যাকডোনাল্ড এভিনিউ
ব্রুকলিন, নিউইয়র্ক ১১২১৮

মনোনয়ন পত্র বিতরণ ও দাখিল/গ্রহণের স্থানঃ
চট্টগ্রাম ভবন
৫৪৫ ম্যাকডোনাল্ড এভিনিউ
ব্রুকলিন, নিউইয়র্ক ১১২১৮

নির্বাচনঃ ২৯ শে মে, ২০২১ ইং, রোজ শনিবার

নির্বাচন সংক্রান্ত নিয়ামাবলীঃ

১. কার্যকরী কমিটি কর্তৃক অনুমোদিত ভোটার তালিকা অনুযায়ী ভোট গ্রহন করা হবে।
২. চট্টগ্রাম সমিতি উত্তর আমেরিকা ইন্‌ক এর গঠনতন্ত্রের ধারা ১৫:৩ অনুযায়ী আর্টিকেল ৩ মতে উত্তর আমেরিকায় বসবাসকারী নির্বাচনে অংশ্রগহণ করতে পারবেন। অবশ্যই ২ (দুই) বৎসর সমিতির সদস্য পদের মেয়াদ পূর্ণ হতে হবে। অন্য কোন রেজিষ্ট্রার্ড নন প্রফিট সংগঠনের সদস্য পদে বহাল থাকতে পারবে না।
৩. ভোট গ্রহনের সময় অবশ্যই আইডি কার্ড প্রদর্শন করতে হবে। আইডি কার্ড বলতে ড্রাইভিং লাইসেন্স/স্টেট আইডি/গ্রীন কার্ড ও পাসপোর্ট বুঝানো হবে।
৪. একজন প্রার্থী কেবল মাত্র একটি পদে প্রতিদ্বন্দীতা করতে পারবেন। যদি কেহ একাধিক পদে মনোয়নপত্র জমা দেন তাহলে ঐ প্রার্থীর সব মনোনয়ন পত্র বাতিল বলে গণ্য হবে এবং এই ক্ষেত্রে কোন প্রকার আপিল গৃহিত হবে না ।
৫. গোপন ব্যালটের মাধ্যমে শুধুমাত্র উপস্থিত ভোটারগনই ভোট দিতে পারবেন। তবে প্রিজাইডিং অফিসারেরসম্মুখে রক্ষিত বাক্সে ভোট প্রদান করতে হবে।
৬. নির্বাচন সংক্রান্ত সব বিষয়ে নির্বাচন কমিশনের সিদ্ধান্তই চুড়ান্ত বলে বিবেচিত হবে।
৭. মনোনয়ন ফরম মুল্য (প্রতিটি) ২০.০০ (বিশ) ডলার ধার্য করা হয়েছে।
৮. প্রার্থীগণ প্যানেলভিত্তিক অথবা স্বতন্ত্রভাবে নির্বাচনে অংশগ্রহন করতে পারবেন। প্রার্থীদের স্বশরীরে বৈধ পরিচয়-পত্র সহ নির্বাচন কমিশনের সম্মুখে উপস্থিত হয়ে মনোনয়ন পত্র জমা দিতে হবে। ব্যালট পেপাওে প্রার্থীর নাম প্যানেল ভিত্তিক, অক্ষর ভিত্তিক অথবা ক্রমিক সংখ্যায় হবে তা নির্বাচন কমিশন সিদ্ধান্ত দেবেন। উল্লেখ্য, প্রার্থীর মনোনয়ন জমা দেয়ার ক্ষেত্রে যদি কোন প্রার্থী জরুরী কারনে (প্রমান সাপেক্ষে) উপস্থিত হতে না পারেন, সেক্ষেত্রে ঐ প্রার্থী প্রতিনিধির মাধ্যমে মনোনয়ন পত্র জমা/দাখিল করতে পারবেন। উক্ত প্রতিনিধি অবশ্যই প্রার্থী কর্তৃক নোটারীর মাধ্যমে সার্টিফাইট হতে হবে।
৯. বাচাইকৃত সঠিক মনোনয়ন পত্রের তালিকা অফিসের নোটিশ বোর্ড ও সংবাদ পত্রের মাধ্যমে প্রকাশ করা হবে।
১০. ভোট গণনায় কোন প্রার্থীর অভিযোগ থাকলে তা বেসরকারী ফলাফল ঘোষনার পরবর্তী ৪৮ ঘন্টার মধ্যে নিম্নলিখিত ফি পরিশোধ পূর্বক ভোট পুনঃ গণনার জন্য নির্বাচন কমিশনের নিকট লিখিত আবেদন করতে পারবেন।
ক. ভোটের সংখ্যা ১০০০ জনের উর্ধ্বে ৩৫০০ ডলার
খ. ভোটের সংখ্যা ৫০০-১০০০ জন, ৩০০০ ডলার
গ. ভোটের সংখ্যা ১-৪৯৯ জন, ২৫০০ ডলার
১১. মনোনয়ন পত্র স্পষ্ট অক্ষরে ভোটার তালিকার নাম অনুযায়ী নাম পূরন করতে হবে। বোধগম্য বা যথাযথ না হলে মনোনয়ন পত্র বাতিল বলে গন্য হবে। প্রার্থীকে নির্বাচন কমিশনারের স্বাক্ষর ও সীল মোহরকৃত ফরমে আবেদন করতে হবে।
১২. নির্বাচন কেন্দ্রে প্রত্যেক প্যানেল থেকে একজন অথবা স্বতন্ত্র প্রার্থী থেকে একজন ত্রজেন্ট নিয়োগ করতে পারবেন। ত্রজেন্টগণ নির্বাচন শুরু হওয়ার অন্তত ২ ঘন্টা পূর্বে নির্বাচন কেন্দ্রে নিজ প্রার্থীর স্বাক্ষরকৃত নিয়োগপত্র সহ উপস্থিত থেকে তাহা কমিশনের/ প্রিজাইডিং অফিসারের নিকট দাখিল করতে হবে।
১৩. প্রয়োজনে প্রত্যেক ভোট দানের নিয়ামাবলী নির্বাচন কমিশন থেকে সংগ্রহ করতে পারবেন এবং ভোটারগণকে অবহিত করতে পারবেন।
১৪. নির্বাচনের দিন কেন্দ্রের ১০০ গজের ভিতর কোন প্রকার নির্বাচনী প্রচারনা, পোষ্টার লাগান বা লিফটেট বিতরন করা যাবে না।
১৫. নির্বাচনী কেন্দ্রে কোন প্রকার রেডিও/মাইক অথবা শব্দ উৎপাদনকারী যন্ত্র কোন প্রার্থী বা প্রার্থীর পক্ষে ব্যবহার সম্পূর্ণ নিষিদ্ধ।
১৬. নির্বাচনের দিন ভোট কেন্দ্রে প্রার্থী বা প্রার্থীর সমর্থকরা কোন রকম বিশৃঙ্খলা সৃষ্টি করলে তাৎক্ষনিকভাবে তা স্থানীয় আইন প্রয়োগকারী সংস্থাকে জানানো হবে।
১৭. নির্বাচনে কোন প্রার্থী কোন প্রকার প্রতীক ব্যবহার করতে পারবেন না। তবে প্রার্থীদের ছবি ব্যবহার করা যাবে। ভোটাররা ক্রস বা টিক চিহ্ন ব্যবহার করে ভোট প্রদান করবেন।
১৮. নির্বাচনের ভোট গ্রহন পদ্বতি ও নির্বাচন পরিচালনার কার্যক্রম নজরদারী করার জন্যে কমিশনের অনুমোদন সাপেক্ষে পর্যবেক্ষন নিয়োগ করা যাবে। তবে পর্যবেক্ষনগণ নিরপেক্ষ ভাবে শুধু ভোট গ্রহন অনুষ্ঠান পর্যবেক্ষন করতে পারবেন। কোন প্যানেল বা প্রার্থীর পক্ষে বা বিপক্ষে কোন প্রকার প্রচার, আলোচনা, সমালোচনা ও মতামত দিতে পারবে না।
১৯. একই ব্যাক্তি কেবল মাত্র একবারই ভোট করতে পারবেন। এক্ষেত্রে যদি (ভুল বশত) ভোটার তালিকায় কোন ব্যাক্তির নাম একাধিকবার হয়ে থাকে, তা গ্রহনযোগ্য হবে না।
২০. ভোট কেন্দ্রে নির্বাচনের ফলাফল চুড়ান্ত করা না গেলে সংগঠন কার্যালয়ে নির্বাচন পরবর্তী কর্মকান্ড চলবে। এই ব্যাপারে কমিশন সংশ্লিষ্ট সকলকে অবহিত করবেন।
২১. নির্বাচন কমিশন প্রিজাইডিং ও পোলিং অফিসার সদস্য হিসাবে অথবা সদস্য নন এমন ব্যাক্তিকে মনোয়ন দেয়া যাবে।

নির্বাচন কমিশন কর্তৃক ধার্যকৃত মনোয়ন ফি

পদের নাম	সংখ্যা	পরিমাণ (ইউএস ডলার)
সভাপতি	১	১০০০ ডলার
সিনিয়র সহ সভাপতি	১	৮০০ ডলার
সহ-সভাপতি	২	৭০০ ডলার
সাধারণ সম্পাদক	১	৮০০ ডলার
যুগ্ম সাধারণ সম্পাদক	১	৬০০ ডলার
সহ সাধারণ সম্পাদক	১	৫০০ ডলার
কোষাধ্যক্ষ	১	৭০০ ডলার
সাংগঠনিক সম্পাদক	১	৪০০ ডলার
দপ্তর সম্পাদক	১	৪০০ ডলার
শিক্ষা ও সাংস্কৃতিক সম্পাদক	১	৪০০ ডলার
সমাজ কল্যাণ সম্পাদক	১	৪০০ ডলার
প্রচার ও প্রকাশণা সম্পাদক	১	৪০০ ডলার
ক্রীড়া সম্পাদক	১	৪০০ ডলার
নির্বাহী সদস্য	৭	৩০০ ডলার

বিঃ দ্রঃ- (১) ভোটার তালিকায় কোন ধরনের ভুল সংশোধন করতে হলে আগামী ১৫ই মে ২০২১ বিকাল ৫টার মধ্যে যথাযথ প্রমানসহ নির্বাচন কমিশকে অবহিত করতে হবে। এরপর কোন ধরনের আবেদন গ্রহনযোগ্য হবে না। (২) ভোটার তালিকার অতিরিক্ত কপি (যদি কোন প্রার্থী চাই) নির্দিষ্ট ফি পরিশোধ পূর্বক গ্রহন করিতে পারিবেন। (৩) কভিড-১৯ ভাইরাস রোগের প্রকোপ, দূযোর্গ আবহাওয়া, ধর্মীয় আচার আচরণ, ভোটারদের সুবিধার্থে উপরোক্ত নির্বাচনী কার্যক্রম সময়সূচী পরিবর্তন-পরিবর্ধণশীল।

ধন্যবাদান্তে,
শাহজাহান মাহমুদ
প্রধান নির্বাচন কমিশনার, ফোনঃ (৬৪৬) ৫৭৫-৯৬৪৮

মুজিবুল হক
(৭১৮) ৪৯৬-১১৪৩

রতন চৌধুরী
(৬৪৬) ২৩৩-৮৮৬২

মোঃ জসীমউদ্দিন
(৬৪৬) ৭১৯-৫৭৭৮

মোহাম্মদ জয়নাল আবেদীন
(৯১৭) ৭০১-৫৭৪৮

AFFORDABLE SENIOR CARE OF NEW YORK LLC

ASC of NY

Licensed Home Health Care Agency

আমরা বাংলায় কথা বলি

আমাদের অফিস লোকেশন ব্রুকলিনের বাংলাদেশী অধ্যুষিত চার্চ ম্যাকডোনাল্ড এলাকায়

CDPAP

- বাড়িতে থেকেই পরিবারের সদস্যদের স্বাস্থ্য সেবা দিন
- আমরা দীর্ঘদিন ধরে বাংলাদেশী কম্যুনিটিকে সেবা দিয়ে আসছি।
- রোগীকে সেবা করার সম্পূর্ণ খরচ সরকার বহন করে।





Payment : As per wage parity $19.09

CDPAP প্রোগ্রামের আওতায় HHA /প্রশিক্ষণ ছাড়াই আপনার বৃদ্ধ, অসুস্থ বা শারিরীকভাবে অক্ষম মা-বাবা, শ্বশুর-শ্বাশুড়ি, আত্মীয়-স্বজন, পাড়া-প্রতিবেশীদের স্বাস্থ্য সেবা দিয়ে আয় করতে পারেন।

✓ প্রশিক্ষণ ও **HHA** সার্টিফিকেট থাকলে আপনি
আমাদের মাধ্যমে যেকোন রোগীকে স্বাস্থ্যসেবা দিতে পারেন।

✓ আপনি কি **HHA** অথবা **PCA** হিসেবে চাকুরী খুঁজছেন?
তাহলে আপনি আমাদের প্রতিষ্ঠানে সুযোগ সুবিধাসহ আকর্ষণীয় বেতনে চাকুরী করতে পারেন।

CDPAP
প্রোগ্রামের জন্য কোন সার্টিফিকেটের প্রয়োজন নেই।

রোগীর জন্য নিজ গৃহে সেবা পেতে অথবা রোগীকে সেবা দানের বিস্তারিত তথ্য জানতে বাংলায় কথা বলুন।

CDPAP Specialist: Tarin: 347-362-1525, OFF: 718-851-0325

Brooklyn OFFICE

338 East 5th Street, Brooklyn, NY 11218
(Church Ave & East 5 street)
Tarin: 718-851-0325

Jackson Heights OFFICE

37-15, 73rd Street, Jackson Heights Suite # 208
(Bangladesh Plaza)
Solaiman: 302-513-3837

Email: info@ASCofNY.com
www.affordableseniorcarenewyork.com/cdpap.html

Affordable Senior Care of New York, LLC is a Licensed Home Health Care Agency
by the New York State Department of Health

Office Hour : Mon.-Friday (9am-5pm)





জেবিবিএ'র ইফতার পার্টিতে করোনামুক্ত বিশ্ব কামনা

নিউইয়র্ক (ইউএনএ): পবিত্র রমজান উপলক্ষ্যে জ্যাকসন হাইটস বাংলাদেশী বিজনেস এসোসিয়েশন (জেবিবিএ) আয়োজিত ইফতার পার্টিতে মহামারী করোনা মুক্ত বিশ্ব কামনার পাশাপাশি প্রবাসী ও দেশবাসীর কল্যাণ কামনা করা হয়েছে। এছাড়াও অতি সম্প্রতি মৃত্যুবরণকারী জেবিবিএ কর্মকর্তা, সদস্য ও বিশিষ্ট ব্যক্তিদের বিদেহী আত্মার মাগফেরাত ও শান্তি কামনা করা হয়। সিটির জ্যাকসন হাইটসস্থ পালকি পার্টি সেন্টারে মঙ্গলবার (২৭ এপ্রিল) এই ইফতার ও দোয়া অনুষ্ঠানের আয়োজন করা হয়। খবর ইউএনএ'র।

অনুষ্ঠানের শুরুতে স্বাগত বক্তব্য রাখেন জেবিবিএ'র কোষাধ্যক্ষ ও ইফতার পার্টি আয়োজন কমিটির আহ্বায়ক সেলিম হারুন। এরপর পবিত্র কোরআন থেকে তেলাওয়াত ও বিশেষ মুনাজাত পরিচালনা করেন মওলানা ড. আনসারুল করীম। অনুষ্ঠানে শুভেচ্ছা বক্তব্য রাখেন এটর্নী মঈন চৌধুরী।

দোয়া পর্বে যাদের স্মরণ করে বিশেষ মুনাজাত করা হয় তারা হলেন- বাংলাদেশ সোসাইটির সভাপতি মরহুম কামাল আহমেদ, মরহুম ডা. নাসের আহমেদ, মরহুম কে এম হক সিপিএ, মরহুম আব্দুল হাই জিয়া, মরহুম মরহুম ইকবালুর রশীদ লিটন, মরহুম মোয়াজ্জিন মনির, মরহুম আজাদ বাকের ও ক্যাপ্টেন (অব) আব্দুল লতিফ। অনুষ্ঠানে বিশিষ্ট রাজনীতিক, ঢাকা সিটি করপোরেশনের সাবেক ডেপুটি মেয়র আব্দুস সালাম সহ কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গের মধ্যে সাপ্তাহিক পরিচয় সম্পাদক নাজমুল আহসান, বাংলা পত্রিকা সম্পাদক ও টাইম টেলিভিশন-এর সিইও আবু তাহের, সাপ্তাহিক জন্মভূমি সম্পাদক রতন তালুকদার, সাপ্তাহিক বাংলাদেশ প্রতিদিন এর নির্বাহী সম্পাদক লাবলু আনসার, বর্ণমালা.কম সম্পাদক মাহফুজুর রহমান, সাপ্তাহিক দেশ সম্পাদক মিজানুর রহমান ছাড়াও বিভিন্ন মিডিয়ার সম্পাদক ও সাংবাদিক, ইমাম কাজী কাইয়্যুম, বিশিষ্ট রাজনীতিক ও ব্যবসায়ী গিয়াস আহমেদ, মোস্তফা কামাল পাশা বাবুল, শোটাইম মিউজিক এর আলমগীর খান আলম প্রমুখ উপস্থিত ছিলেন।

এছাড়াও জেবিবিএ'র উপদেষ্টা এটর্নী মঈন চৌধুরী ও সিরাজুল হক কামাল, সভাপতি আবুল ফজল দিদারুল ও সাধারণ সম্পাদক মোহাম্মদ কামরুজ্জামান কামরুল সহ অন্যান্য কর্মকর্তাদের মধ্যে হারুণ ভূঁইয়া, জেড আলম জনি, মোহাম্মদ কাশেম, রাশেদ আহমেদ, মাহমুদ হোসাইন বাদশা, ফাহাদ সোলায়মান, হাসাস জিলানী

ভালো'র উদোগে ৫ শতাধিক মানুষের মাঝে খাদ্য বক্স বিতরণ

নিউইয়র্ক (ইউএনএ): মহামারী করোনাভাইরাস পরিস্থিতি সহ পবিত্র মাহে রমজান উপলক্ষ্যে ক্ষতিগ্রস্ত মানুষের পাশে দাঁড়িয়েছে নবগঠিত সামাজিক সংগঠন ভালো। সংগঠনের উদ্যোগে নিউইয়র্কবাসীদের মাঝে বিতরণ করা হচ্ছে ফ্রি হালাল খাবার। বিভিন্ন প্রতিষ্ঠান এবং ব্যক্তির সহযোগিতা ও অনুদানে বাস্তবায়িত হচ্ছে এই কর্মসূচী। খবর ইউএনএ'র।



উল্লেখিত কর্মসূচীর আওতায় গত ২৪ এপ্রিল শনিবার দুপুরে নিউইয়র্ক সিটির কুইন্সের জ্যামাইকার ১৭২-১৫ হিলসাইড এভিনিউতে প্রবাসী বাংলাদেশী সহ বিভিন্ন কমিউনিটির সর্বস্তরের ৫ শতাধিক মানুষের মাঝে খাদ্য বক্স বিতরণ করা হয়। ডেপুটি কুইন্স বরো প্রেসিডেন্ট রন্দা বিন্দা সহ সংগঠনের কর্মকর্তা ও স্বেচ্ছাসেবীদের মধ্যে শাহরিয়ার রহমান, মনজুর আহমেদ চৌধুী, আখতার রহমান টিপু, ফখরুল ইসলাম দেলোয়ার প্রমুখ এসময় উপস্থিত থেকে খাদ্য বক্স বিতরণ করেন।

সংশ্লিস্টরা জানান, পবিত্র রমজান মাস জুড়েই প্রতি সপ্তাহে ভালো'র উদ্যোগে নিউইয়র্ক সিটির বিভিন্ন স্থানে ক্ষতিগ্রস্ত নিউইয়র্কারদের মাঝে খাদ্য বক্স বিতরণ করা হবে।

নিরাপত্তা ও বিশ্বস্ততার প্রতীক

SECI সোনালী এক্সচেঞ্জ কোম্পানী ইন্‌ক
SONALI EXCHANGE CO. INC.
(সোনালী ব্যাংক লিমিটেড এর একটি অঙ্গ প্রতিষ্ঠান)
LICENSED AS INTERNATIONAL MONEY TRANSMITTER BY THE BANKING DEPARTMENT OF THE STATE OF NEW YORK, NEW JERSEY, GEORGIA, MARYLAND & MICHIGAN

সোনালী এক্সচেঞ্জ প্রবাসে আপনার সবচেয়ে পুরনো ও বিশ্বস্ত বন্ধু

ঘরে বসে এখন Apps এর মাধ্যমে দেশে টাকা পাঠানো যাবে। এই জন্য আই ফোন এবং এনড্রয়েড ফোনে প্লে ষ্টোরে গিয়ে ডাউনলোড করতে হবে SECI Sonali Exchange এর Apps টি

- যুক্তরাষ্ট্রে বাংলাদেশ সরকারের আর্থিক প্রতিষ্ঠান
- সর্বোচ্চ বিনিময় হার ও সর্বনিম্ন ফি।
- সরকারী নিরাপত্তায় আপনার প্রেরিত অর্থ সম্পূর্ণ নিরাপদ ও আয়কর মুক্ত।
- বাংলাদেশের সর্বত্র ক্যাশ পিক-আপ।
- যে কোন ব্যাংক একাউন্টে টাকা পৌঁছে যায় অতি দ্রুত।
- ঘরে বা অফিসে বসেও অনলাইনের মাধ্যমে রেমিটেন্স করা যায়। লগ ইন করুন: www.sonaliexchange.com

সোনালী এক্সচেঞ্জ এর মাধ্যমে রেমিটেন্স করুন, দেশের অর্থনৈতিক উন্নয়নে গর্বিত অংশীদার হউন।

রেমিটেন্স সংক্রান্ত তথ্যের জন্য নিম্নের যে কোন শাখায় যোগাযোগ করুন

ASTORIA 718-777-7001	ATLANTA 770-936-9906	BROOKLYN 718-853-9558	JACKSON HTS 718-507-6002	BRONX 718-822-1081
JAMAICA 347-644-5150	MANHATTAN 212-808-0790	MICHIGAN 313-368-3845	OZONE PARK 347-505-8670	PATERSON 973-595-7590

আমাদের সার্ভিস নিন - আপনাকে সেবা করার সুযোগ দিন

Immigrant Elder Home Care LLC

হোম কেয়ার



ঘরে বসেই প্রিয়জনদের সেবার মাধ্যমে অর্থ উপার্জন করুন

$২১ প্রতি ঘন্টা

নিউইয়র্ক ষ্টেটের হেলথ ডিপার্টমেন্টের সিডিপেপ/হোম কেয়ার প্রোগ্রামের মাধ্যমে আপনি ঘরে বসেই আপনার পিতা-মাতা শ্বশুড়-শ্বাশুড়ী, আত্মীয়-স্বজন ও প্রতিবেশীদের সেবা দিয়ে প্রতি সপ্তাহে অর্থ উপার্জন করতে পারেন।

কোন প্রশিক্ষণের প্রয়োজন নেই এবং আমরা কোন ফি চার্জ করি না।

আজই যোগাযোগ করুন:

গিয়াস আহমেদ, চেয়ারম্যান / সিইও /৯১৭-৭৪৪-৭৩০৮

Corporate Office	Long Island Office	Bronx Office	Ozone Park Office	Buffalo Office
37-05 74st, 2nd Fl	1 Blacksmith Lane	2148 Starling Ave.	175 B Forbell Street	642 Walden Avenue
Jackson Heights, NY 11372	Dix Hill, NY 11731	Bronx, NY 10462	Brooklyn, NY 11208	Buffalo, NY 14211
917-744-7308, 718-457-0813	718-406-5549	917-744-7308, 718-457-0813	Tel: 917-744-7308	Tel: 347-837-1162

প্রফেশনাল ভিডিওগ্রাফি ও ফটোগ্রাফির জন্য আজই আসুন



STAR Photography

শহরের সেরা ফটোগ্রাফার এবং ভিডিওগ্রাফার

হাই ডেফিনেশন কোয়ালিটি
কম দাম, দ্রুত ডেলিভারী
বিয়ে, জন্মদিন, বিজনেস পার্টি
কালচারাল প্রোগ্রামসহ সব অনুষ্ঠান

Please contact for all
Your Professional
Photography Like events
News Conference
Wedding Reception & Modelling

NEHER SIDDIQUEE
MBPS, MIFPO
917-476-6628, 718-371-8334
www.neherphotography.weebly.com

গ্রেটার বাফেলোর
বাংলাদেশী কমিউনিটি সহ
অন্যান্য খবর জানতে
বাফেলোর প্রথম
এবং
একমাত্র
বাংলা সংবাদপত্র
বাফেলো বাংলা
পড়ুন
www.buffalobangla.com

Homeopathy & Herbal
হোমিওপ্যাথিক এন্ড হারবাল
ডাঃ এস.কে.শর্মা
D.H.M.S (B.D) N.H.C (USA) Homeopathic Specialist

আপনি কি যে কোন জটিল কঠিন ও পুরাতন রোগে ভুগছেন, তাহলে একবার হোমিওপ্যাথিক ঔষধ ব্যবহার করে দেখুন। আমাদের এইখানে সম্পূর্ন গোপনীয়তা রক্ষা করা হয়।

*Migraine *বাত *হাঁপানি পীড়া *আঁচিল * অর্শ *টিউমার *Kidney Stone *অন্ডকোষের পীড়া *কর্ণের পীড়া *কাশি *কিডনীর পীড়া *চর্ম্ম পীড়া * টনসিলাইটিস *দন্তের পীড়া *ধবল বা শ্বেতী রোগ *নখের পীড়া *পক্ষাঘাত *Gall Bladder Stone *প্রস্রাবের পীড়া * প্রষ্টেট- গ্ল্যান্ডের পীড়া *Fatty Liver * ফুসফুসের পীড়া *ব্লাড-প্রেসার *ভগন্দর * মাথা ব্যাথা * লিভারের পীড়া *সায়েটিকা *সিষ্টাইটিস *স্বরভংগ *নাকে পলিপাস *হার্নিয়া *Blood Cholesterol *চুল পড়া *Fatty Heart *ব্রন *একজিমা * শোথ * টাক রোগ * রক্ত প্রস্রাব * জন্ডিস * অনিদ্রা *গ্র্যাষ্টিক *নিদ্রায় নাক ডাকা * পায়ের তলায় কড়া * মুখে দুর্গন্ধ * স্বপ্ন দোষ * হস্তমৈথুন শোক দুঃখ জনিত পীড়া ইত্যাদি।

মহিলাদের:* অনিয়মিত ঋতুস্রাব * স্তনের টিউমার * চুল পড়া * শ্বেতপ্রদর বা লিউকোরিহিয়া * ডিম্বাশয়ের টিউমার (Ovarian Cyst) * Endometriosis, * জরায়ুর টিউমার (Uterus Tumors), * বন্ধ্যাত্ব * ঋতুস্রাবে বিলম্ব ইত্যাদি।

শিশুদের:-শিশু দাঁত উঠিতে হাঁটিতে ও কথা বলিতে বিলম্ব, শিশুর একশিরা, শিশুর কোষ্ঠবদ্ধতা, শিশুর মুখদিয়া লালা পড়া, শিশু না খাইতে চাওয়া (Appetite Problems)

আপনি কি যৌন সমস্যায় ভুগছেন
*premature Ejaculation *Low Libido * Impotence
*পুরুষত্বহীনতা * শীঘ্রপতন *লিঙ্গ শিথিলতা

আমরা আমেরিকার যে কোন ষ্টেটে ডাকযোগে ঔষধ পাঠিয়ে থাকি।
37-15 73rd Street, Jackson heights, NY 11372.
Cell: 917-285-4804, Ph: 718-898-0939
www.vhvshop.com
Business Hours: Monday-Friday: 12:00PM-8:00PM, Saturday-Sunday: 12PM-5PM

স্বল্প খরচে অল্প সময়ে অত্যাধুনিক পদ্বতিতে, আমেরিকান ঔষধের সাহায্যে চিকিৎসা করা হয়।

পার্কচেস্টারে
অভিজ্ঞ বাংলাদেশি ডাক্তার

আমরা
সব ধরনের ইন্স্যুরেন্স
গ্রহণ করে থাকি

এখানে বাংলাদেশী মহিলা গাইনোকলজিষ্ট, কার্ডিওলোজী, গ্যাস্ট্রো এন্ট্রোলজী, ফিজিক্যাল থেরাপী, পেইন ম্যানেজমেন্ট সহ সব ধরনের চিকিৎসা সুবিধা রয়েছে

ডা. আতাউল চৌধুরী (তুষার) এম.ডি
মেডিসিন বিশেষজ্ঞ (বোর্ড সার্টিফাইড)

ডা. মঞ্জিলা রহমান
গাইনোকলজিষ্ট



TEL: 917-634-9600
917-634-9601
FAX: 888-776-0872

We Provide EKG, Echocardiogram, TLC Exam, Different blood test and much more

1268 White Plains Road, Bronx, NY 10602
E-mail: nyccommunitymedicalcare@gmail.com
Web: www.nyccommunitymedicalcare.com
372 East 204th Street, Bronx, NY 10467

ALL YOUR NEED REAL ESTATE BUYING & SELLING.



Tusher Bhuiyan
Licensed Real Estate Agent

▼ বাড়ী ক্রয়-বিক্রয় ব্যাপারে সব রকমের সহযোগিতা করে থাকি!
▼ অল্প ডাউন পেমেন্টে আপনিও বাড়ীর মালিক হতে পারেন!

Century 21
Tri-Boro Terrace Realty
31-08, Astoria Boulevard,
Astoria, New York, NY 11102
Business: (718) 721-2700, Ext. 19
Fax: (718) 721-7033
Cellular: (646) 732-9150
E-Mail: tusherb@aol.com

Each Office is Independently Owned and Operate

ফার্মেসী PHARMACY & SURGICAL STORE

Free Diabetic machine
সীমিত সময়ের জন্য 15% Off
Vitamins, Nutrition & Homeopathic

একই সাথে এখানে পাচ্ছেন ◆ ঔষধপত্র, মেডিক্যাল ও সার্জিক্যাল যন্ত্রপাতি। ◆ বিউটি এবং কসমেটিক্স। ◆ ইলেকট্রনিক্স, গৃহস্থালী মণিহারী, খেলনা সামগ্রী ও স্কুল সাপ্লাই।
আমরা ২৫ বছরের বেশি সময় ধরে নিষ্ঠার সাথে কমিউনিটিকে সেবা দিয়ে আসছি। সুতরাং আজই আসুন আপনার সুবিধামত অবস্থানে।
আমরা Medicade, Medicare Part D, Worker compensation সহ ইন্স্যুরেন্স প্লান গ্রহণ করি।

ASTORIA PHARMACY
30-14 30th Ave. Astoria, NY 11102
Ph: 718-278-3772
e-mail: rph@astoriapharmacy.com
www.astoriapharmacy.com

JACKSON HEIGHTS PHARMACY
71-34 Roosevelt Ave. Jackson Heights, NY 11372
Ph: 718-779-1444
e-mail: rph@jacksonheightspharmacy.com
www.jacksonheightspharmacy.com

LONG ISLAND CITY CHEMISTS
30-12 36th Ave. Long Island City, NY 11106
Ph: 718-392-8049
e-mail: licchem@yahoo.com
www.drugcabinet.com

OPEN
10 am - 10 pm
Monday to Friday
Saturday
10 am - 5 pm

হিলসাইডে বাংলাদেশী ডাক্তার

ডাঃ মোঃ কাওসার রশীদ

Diplomate American Board of Internal Medicine

❊ ফিজিক্যাল এক্সাম ❊ স্কুল ও কলেজের জন্য টীকা ❊ টিএলসি এক্সাম ❊ হজ্ব ও ওমরাহ যাত্রীদের জন্য টীকা ❊ ডায়াবেটিস ❊ উচ্চ রক্তচাপ ❊ থাইরয়েড ❊ এজমা ❊ বাতের ব্যথা ❊ চর্মরোগ ❊ যৌনরোগ এবং অন্যান্য সব ধরনের চিকিৎসা করা হয়।

আমাদের ক্লিনিকে সুলভ মূল্যে রক্ত পরীক্ষা, ইকেজি, স্পাইরোমেট্রি, প্রেগন্যান্সি, টিবি টেস্ট, কান ফুটো করা হয়।

We accept all major insuranPes including Medicare, Medicaid, Metro Plus, Health Plus, GHI, PHS, AETNA, OXFORD, HIP BC & BS, 1199, Union Plan এবং অন্যান্য যাদের ইন্স্যুরেন্স নেই তাদের জন্য হ্রাসকৃত মূল্যে চিকিৎসা করা হয়।

আমরা ১৮ বৎসর বয়স পর্যন্ত ছেলেমেয়েদের জন্য Child Health Plus ইন্স্যুরেন্স করতে সাহায্য করে থাকি।

সোম থেকে শুক্রবার ঃ সকাল ১০টা থেকে বিকেল ৬টা পর্যন্ত, শনিবার ঃ সকাল ১০টা থেকে বিকেল ৪টা পর্যন্ত।

168-32 Highland Ave. Jamaica, NY. F ট্রেনে 169th St. (South Side)

Tel: 718-657-8325, 718-657-7300

মেডিক্যাল অফিসে আসার পূর্বে এপয়েন্টমেন্ট করে নিন।

LAW OFFICES

OF

ANDREW MOULINOS

(Licensed Attorney)

মজিবুর রহমান

লাইসেন্সপ্রাপ্ত লিগ্যাল কনসালট্যান্স

718-545-2600, 917-834-9269

*Bankruptcy, Divorce
*Major Accident Cases
*Business, Incorporation
*Investment
*Estate, Litigation
*Landlord & Tenant Commercial
*Real Estate Closing
*Trade Disputes

Trade disputes and Investments involving Bangladeshi legal matters

যোগাযোগ : মুজিবুর রহমান ৯১৭-৮৩৪-৯২৬৯

23-52 31st. Street. Astoria. NY 11105

জ্যামাইকা ও গ্রীন পয়েন্টে বাংলাদেশী ডেন্টিস্ট



আমরা মেডিকেইড, মেট্রোপ্লাস, ফিডালিস কেয়ার, হেলথ্ ফার্স্ট, সিগ্না, এ্যাটনা, মেটলাইফ, গার্ডিয়ান, সেলিডেন্ট ও অন্যান্য Insurance এবং Union Plan গ্রহণ করে থাকি।

ডাঃ মাহফুজুল হাসান ডি.ডি.এস

DR. MAFUJUL HASAN D.D.S.

জ্যামাইকা অফিস


170-09, Hillside Ave,
Jamaica, NY-11432
Ph: 718-291-2710

গ্রীনপয়েন্ট অফিস

40-41, Green Point Ave,
Sunnyside, NY- 11104
Ph: 718-392-2858

KARNAFULLY TAX SERVICES INC

ENTAL



আমার পরিবারের সবার জন্য দাঁতের চিকিৎসার জন্য এস্টোরিয়ায় রয়েছে আমাদের ডেন্টাল অফিস। আমরা সর্বাধুনিক চিকিৎসা সরঞ্জাম ব্যবহার করি। মেডিকেইড গ্রহণ করা হয়।

We Do
Implant & Veneers

ডাঃ মোহাম্মদ নাঈম
ডাঃ ফেরদৌস হুসনে

অংঃড়ৎরধ খড়পধঃরড়হ
২৮-৫৭ ঝঃবরহধি ঝঃৎববঃ,
অংঃড়ৎরধ, ঘণ
ঘ ঃৎধরহ ঃড় ৩০ আব. ঝঃধঃরড়হ
ঞবষ: ৭১৮-২৬৭-০৫০০

Elmhurst Location
81-46 Baxter Ave.
Elmhurst, NY
#7 train to 82st. Station.
Tel: 718-478-1710

ARMAN CHOWDHURY, CPA

ARMAN CPA

- INDIVIDUAL INCOME TAX RETURN
- BUSINESS TAX RETURN
- NON-PROFIT TAX RETURN
- ACCOUNTING & BOOKKEEPING
- RETIREMENT AND INVESTMENT PLANNING
- TAX RESOLUTION SPECIALIST
- ISLAMIC HOME FINANCING

সঠিক ও নির্ভুলভাবে ইনকাম ট্যাক্স ফাইল করা হয়

AUTHORIZED e-file PROVIDER

7 DAYS OPEN

718-475-5686

http://ArmanCPA.com



87-54 168TH STREET, SUITE 201, JAMAICA, NY 11432
Email: armancpa@gmail.com | www.armancpa.com
TO 169 STREET

KARNAFULLY TAX SERVICES INC

কর্ণফুলী ইনকাম ট্যাক্স সার্ভিসেস
KARNAFULLY TAX SERVICES INC

We are Licensed by the IRS

CPA & Enrolled Agent

এর মাধ্যমে ট্যাক্স ফাইল করুন

ইনকাম ট্যাক্স

- Individual Tax Return (All States)
- Self Employed (taxi driver and vendor), /and Sole Proprietorship.
- Small Business
- Corporate Tax Return
- Partnership Tax Return
- Current Year / Prior Years' & Amended Tax Returns
- Individual Tax ID Numbers (ITIN)

AUTHORIZED IRS e-file PROVIDER

Direct Deposit

একাউন্টিং

- Payroll, W-2's, Pay Checks,
- Pay subs, Sales Tax, Quaterly & Year-end filings

NEW BUSINESS SETUP

- Corporation
- Small business (S-corp)
- Partnership
- LLC/SMLLC

ইমিগ্রেশন

- Petition for Alien relatives
- Apply for citizenship or Passport
- Affidavit of Support
- Condition Removal on Green Card
- Reentry Permit
- Adjustment of Status

Representation taxpayers IRS & State tax audit.

আমাদের ফার্মে রয়েছে অভিজ্ঞ
CPA & Enrolled Agent

Special Price for W2 File



Member of AICPA

Mohammed Hasem, EA, MBA
MBA in Accounting
IRS Enrolled Agent
Admitted to Practice before the IRS
IRS Certifying Acceptance Agent

NOTARY PUBLIC

IRS ENROLLED AGENT

Office Hours:
Monday - Saterday
10:00am - 8pm

Tax Preparation
fee pay by Cradit card

Ph: 718-205-6040, 718-205-6010, Fax : 718-424-0313

karnafullytax@yahoo.com, www.karnafullytax.com

37-20 74th Street. 2nd Floor. Jackson Heights



কাউন্সিলম্যান পদপ্রার্থী মির্জা মামুনের সমর্থকদের উদ্যোগে ইফতার মাহফিল

নিউইয়র্ক: সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট ১৮ থেকে কাউন্সিলম্যান পদপ্রার্থী মির্জা মামুনের সমর্থকদের উদ্যোগে ইফতার মাহফিল রোববার (২ মে) ব্রঙ্কসের বাংলাগার্ডেন রেস্টুরেন্টে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে স্টেট সিনেটর লুইস সিপুলভিদাসহ কমিউনিটির গন্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

ছেলেকে বাঁচাতে চিকিৎসকের পা

(প্রথম পাতার পর)

স্বাস্থ্যব্যবস্থা পুরোপুরি ভেঙে পড়েছে। ভয়াবহভাবে তৈরি হয়েছে অক্সিজেন-সংকট। হাসপাতালগুলোতে মিলছে না সিট ও প্রয়োজনীয় ওষুধ। এমন পরিস্থিতিতে বৃহস্পতিবার একটি ভিডিও প্রকাশ্যে এসেছে।

ভিডিওতে দেখা গেছে, করোনায় আক্রান্ত ছেলের জন্য রেমডেসিভির চেয়ে চিকিৎসকের পা জড়িয়ে ধরেছেন এক মা। ভারতের উত্তর প্রদেশের নয়ডায় ঘটনাটি ঘটেছে। জানা গেছে, রিঙ্কি দেবী নামে এক নারীর ছেলে করোনায় আক্রান্ত। নয়ডার সেক্টর ৫১-র এক হাসপাতালে আশঙ্কাজনক অবস্থায় ভর্তি তার ছেলে। প্রয়োজন জীবনদায়ী ওষুধ রেমডেসিভির। হাসপাতালের চিকিৎসকদের কাছে ছিল না সেই ওষুধ।

রিঙ্কি দেবীকে জানানো হয়, চিফ মেডিক্যাল অফিসারের কার্যালয়ে পাওয়া যাবে রেমডেসিভির। শুনে রিঙ্কি দেবী দৌড়ে যান সেখানে। কিন্তু সেখানেও দীর্ঘক্ষণ অপেক্ষা করে মেলেনি সেই ওষুধ। অবশেষে উপায় না পেয়ে ওই মা চিফ মেডিক্যাল অফিসারের পায়ে ধরে কাতর অনুরোধ করেন, আমার ছেলে মরতে বসেছে, আমায় ওষুধটা দেবেন দয়া করে।'

এ সময় চিফ মেডিক্যাল অফিসার দীপক ওহরি তার প্রেসক্রিপশন দেখেন। কিন্তু রেমডেসিভিরের মজুদ না থাকায় তাকে সাহায্য করতে পারেননি।

উল্লেখ্য, এই মুহূর্তে বিশ্বজুড়ে দৈনিক করোনায় আক্রান্তের হারে সবার ওপরে রয়েছে ভারত। দেশটিতে আট দিন ধরে তিন লাখের বেশি করে করোনা রোগী শনাক্ত হচ্ছেন। এর আগে ১৫ এপ্রিল থেকে ভারতে প্রতিদিন করোনায় আক্রান্ত হয় দুই লাখের বেশি জন। এ ছাড়া দেশটিতে এক সপ্তাহ ধরে দুই হাজারের বেশি মানুষ করোনায় মারা যাচ্ছে। গতকাল বৃহস্পতিবারও দেশটিতে মৃত্যু হয়েছে তিন হাজার ৬৪৫ জনের।







এখন আপনাদের আরো কাছে এবং ব্যাপক পরিসরে কাবাব কিং এর পার্শ্বে

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট

Bangla Travel
JACKSON HEIGHTS NEW YORK

আপনার নিশ্চিত ভ্রমনের বিশ্বস্ত আয়োজক

আমরা IATA অনুমোদিত
আমরা ARC AIRLINES REPORTING CORPORATION অনুমোদিত

KUWAIT AIRWAYS
Biman BANGLADESH AIRLINES
Emirates
ETIHAD AIRWAYS
QATAR AIRWAYS القطرية
DELTA AIR LINES
AmericanAirlines

সবচেয়ে কমদামের গ্যারান্টি আমরাই দিচ্ছি

$৬৪৯+
JFK-Dhaka-JFK Return



ঢাকা এয়ারপোর্টে আমাদের রয়েছে নিজস্ব Help Office
যারা ইমিগ্রেশন, লাগেজ পিকআপ সহ সকল সহযোগিতা করবে।

Mohammad B Hossain (Belal)
President & CEO



আমরা সকল এয়ারলাইন্সের টিকেট সরাসরি আমাদের অফিস থেকে ইস্যু করে থাকি।

বাংলাদেশ থেকে আসার টিকেট
সবচেয়ে কম দামে
আমাদের কাছেই পাবেন।

উত্তর আমেরিকার ট্রাভেল ব্যবসায়
সবচেয়ে অভিজ্ঞ ট্রাভেল টিম
শুধুমাত্র ডিজিটাল ওয়ান ট্রাভেল-এ
পাবেন, যারা সর্বদা আপনাদের সেবায় প্রস্তুত



আবু তাহের খান
ট্রাভেল কনসালটেন্ট
২৬ বছরের অভিজ্ঞ



কাঞ্চন
ট্রাভেল কনসালটেন্ট
১২ বছরের অভিজ্ঞ



পুষ্প
ট্রাভেল কনসালটেন্ট
৫ বছরের অভিজ্ঞ

7305 37th Road, Jackson Heights, NY 11372
(কাবাব কিং এর পার্শ্বে, ডাইভারসিটি প্লাজায়)

Phone: 917-396-4140, 917-592-7828

Price Can Be Change Anytime. digitalonetravel@gmail.com www.digitalonetravel.com OPEN 7 DAYS: 11AM -10PM *Terms & Condition may apply. See store for details.




ওয়াক ফর দবির চাচা কর্মসূচীতে বিএসিএ

নিউইয়র্ক: সারা বিশ্বে (ওয়াক ফর দবির চাচা ওয়াক ফর) বৈশ্বিক মহামারীতে অসহায় মানুষের পাশে দাঁড়ানোর প্রত্যয় নিয়ে হাঁটা এবং তহবিল সংগ্রহের অংশ হিসাবে নিউইয়র্কের সামাজিক সংগঠন বাংলাদেশী আমেরিকান কালচারাল এসোসিয়েশন (বিএসিএ) নিউইয়র্কের ব্রঙ্কসে বিপুল সংখ্যক মানুষের উপস্থিতি ওয়াক ফর দবির চাচা ওয়াক ফর (Walk with Dabir chaca) হিউমিনিটি প্রোগ্রাম পালন করেছে। এতে কমিউনিটির বিপুল সংখ্যক মানুষ উপস্থিত থেকে অনুষ্ঠানটি সফল করে তোলেন।

গত শনিবার (২৪ এপ্রিল) অনুষ্ঠানের প্রারম্ভে সংগঠনের সভাপতি আহবাব চৌধুরী খোকনের সঞ্চালনায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন কমিউনিটি নেতা নিউইয়র্ক স্টেট আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শাহিন আজমল, বাংলাদেশ স্পোর্টস কাউন্সিলের উপদেষ্টা জুনেদ আহমদ চৌধুরী, বাংলাদেশ সোসাইটি বোর্ড অব ট্রাষ্টি আব্দুল হাসিম হাসনু, পার্কচেষ্টার জামে মসজিদের যুগ্ম সম্পাদক লোকমান হোসেন লুকু, বাংলাদেশী আমেরিকান কালচারাল এসোসিয়েশন এর সহ সভাপতি কবি রেহানুজ্জামান, কাউন্সিল ম্যানপ্রার্থী মীর্জা মামুন রশিদ বাংলাদেশ ব্যবসায়ী সমিতির সাধারণ সম্পাদক সাইদুর রহমান লিকন, ফেঞ্চুগঞ্জ অর্গেনাইজেশন-এর সহ সাধারণ সম্পাদক শাহ বদরুজ্জামান রুহেল, বিএনপি নেতা সৈয়দ গৌছুল হোসেন জালালাবাদ এসোসিয়েশন এর সহ সভাপতি মনজুর চৌধুরী জগলু, সাংবাদিক মোহাম্মদ সাখওয়াত হোসেন সেলিম, সাংবাদিক মোনতাসির বিল্লাহ তোষার প্রমুখ। কর্মসূচী থেকে ডেনেশন সংগ্রহ করা হয়। -প্রেস বিজ্ঞপ্তি।





ঈদ মুবারক ঈদ মুবারক ঈদ মুবারক

পবিত্র ঈদুল ফিতর উপলক্ষে আমাদের সম্মানিত সকল ক্রেতাদের জানাই
ঈদুল ফিতরের আগাম শুভেচ্ছা




লেটেষ্ট ডিজাইনের শাড়ী,
থ্রিপিস, জুয়েলারী,
পাঞ্জাবী, লেহঙ্গো, লং
ড্রেস কালেকশন পেত
চলে আসুন
DESI WEARS
Inc-এ
ঈদ উপলক্ষে চলছে
বিশেষ
সেল



DESI WEARS Inc
37-13 74 Street, Jackson Heights, NY 11372, Tel: 718-406-9370


সঙ্কটকালীন
মেডিকেইড



ভাড়াটের
সুরক্ষা



খাদ্য
সহায়তা




সহায়তা।




COVID-19
পরীক্ষা,
টিকা ও সেবা



কোন ভয় নেই।




বিনামূল্যের
আইনি
সাহায্য




সকল নিউ ইয়র্কবাসী স্বাস্থ্য পরিচর্যা এবং সামাজিক পরিষেবা প্রাপ্ত হতে পারেন অভিবাসন স্থিতি, অর্থ পরিশোধের ক্ষমতা, অথবা কর্মসংস্থানের স্থিতি নির্বিশেষে।

nyc.gov/immigrants অথবা 311 এ কল করুন।



অভিবাসন এবং সরকারী সুবিধার ব্যবহার সম্পর্কে প্রশ্ন আছে?
ActionNYC কে 1-800-354-0365 নম্বরে কল করুন শহরের অর্থায়ন করা বিনামূল্যের এবং গোপনীয় অভিবাসন সংক্রান্ত আইনি সাহায্যের জন্য।

NYC Bill de Blasio মেয়র
Department of Health & Mental Hygiene Dave A. Chokshi, MD কমিশনার
Mayor's Office of Immigrant Affairs Bitta Mostofi কমিশনার



আমরা সবাই COVID-19 এর কারনে ক্লান্ত

কিন্তু COVID-19 এখনও শেষ হয়ে যায় নি।
আমাদের যুদ্ধও শেষ নয়।

তাহলে, এরপর কি?

সম্পূর্ণ টিকা না লাগিয়ে থাকলে, এমনকি কোন উপসর্গ না থাকলেও, মাঝে মধ্যেই পরীক্ষা করানোর চালিয়ে যান*

ঠাণ্ডা লাগা বা ফ্লু এর লক্ষণ দেখা দিলে অবিলম্বে পরীক্ষা করান

মাস্ক পরুন ও দূরত্ব বজায় রাখুন

এবং আপনার পালা আসলে, টিকা লাগান

COVID-19 ছড়ানোর প্রতিরোধ তখনই শুরু হবে যখন জানতে পারবো যে আমাদের এটি হয়েছে। পরীক্ষা আপনার জন্য বিনামূল্যে।

testandtrace.nyc দেখুন বা **212-COVID19** এ ফোন করুন

আপনি যদি COVID-19 এর বিরুদ্ধে সম্পূর্ণ* টিকা লাগিয়ে থাকেন, COVID-19 এর কোন উপসর্গ না থাকলে আপনার পরীক্ষা করানোর প্রয়োজন নেই। নির্দিষ্ট কিছু সেটিং এ হয়তো ভিন্ন ধরণের পরীক্ষা প্রয়োজনীয়তা থাকতে পারে।

NYC | Test & Trace Corps



ঈদ উদযাপন করুন বাড়িতে যেন COVID-19 ছড়িয়ে পড়া বন্ধ থাকে

- আপনাদের জমায়েত সীমিত রাখুন এবং শুধু পরিবারের সদস্যদের সাথে ঈদ-উল-ফিতর উদযাপন করুন।
- দলবদ্ধভাবে জমায়েত হলে, বয়স্ক ও দুর্বলদের রক্ষা করতে মুখে একটি আঁটসাঁট আবরণ পরুন।
- কোন গ্রুপগুলো বর্তমানে টিকা পাওয়ার যোগ্য, তা সহ **COVID-19** টিকাসমূহ সম্পর্কে আরো জানুন।

ঈদ মুবারাক!

আরো তথ্যের জন্য, **nyc.gov/health/coronavirus** দেখুন।

আপনি যদি একটি COVID-19 টিকা পাওয়ার যোগ্য হন, **877-829-4692** নম্বরে ফোন করে অথবা **nyc.gov/vaccinefinder** এ গিয়ে আপনার অ্যাপয়েন্টমেন্ট নিন।

NYC Health

Bill de Blasio
মেয়র

Dave A. Chokshi, MD, MSc
কমিশনার

DOC CELEBRATES CORRECTIONAL OFFICERS AND EMPLOYEES WEEK MAY 2ND - 8TH



NEW YORK'S **BOLDEST**

SERVING NYC SINCE 1895



MOHAMMED MUJUMDER

City Council District 18, Bronx

Let's Build Together

347-208-1510
Facebook : Mujumder for the Bronx
web : www.mujumdernyc.com

Stay Alert> Control The Virus

করোনা মহামারি মোকাবেলায় মাস্কের ব্যবহার বাধ্যতামূলক
তাই নিজে সচেতন হউন অন্যদের উৎসাহিত করুন

প্রিয় সম্মানিত ভাই ও বোনেরা,
আমি ২২ শে জুন ২০২১ সালের অনুষ্ঠিতব্য নিউইয়র্ক সিটি ডেমোক্র্যাটিক প্রাইমারী নির্বাচনে ব্রঙ্কসে অবস্থিত পার্কচেস্টার, ক্যাসেলহিল ও সাউন্ডভিউ এলাকা নিয়ে গঠিত নির্বাচনী এলাকা ডিস্ট্রিক্ট-১৮ থেকে কাউন্সিলম্যান পদপ্রার্থী।
পিছিয়ে পড়া এই কম্যুনিটির বাড়ির মালিক, ভাড়াটিয়া, টেক্সি চালক, ছোট ব্যবসায়ী, সরকারি হাউজিং-এ বসবাসকারী জনগণের মুখপাত্র হয়ে কম্যুনিটি হাউজিং, এপ্লয়মেন্ট, শিক্ষা ও বয়স্কদের সেবার মান উন্নয়নে আমি বদ্ধপরিকর।
আসছে ২২ শে জুন ডেমোক্র্যাটিক প্রাইমারী নির্বাচনে আমি আপনাদের ভোট প্রার্থনা করছি। সুতরাং আসুন একসাথে বিজয়ী হই।

Mohammed Mujumder
Candidate for City Councilman, District 18 Bronx.

Paid for by; Mujumder for the Bronx

TIZARAH



★ Grocery
★ Flowers
★ Halal Meat

110-24 Merrick Blvd, Jamaica NY 11433

একটি বাংলাদেশী প্রতিষ্ঠান

তিজারাহ্ গ্রোসারী এন্ড হালাল মিট

জ্যামাইকায়, ম্যারিক ব্লুবার্ডে গ্রোসারীর জগতে এক ঐতিহ্যবাহী নাম

প্রতিদিনই সবকিছু ফ্রেশ

Tel: 631-791-3072

BEST PRICE GUARANTEE

DELIVERY AVAILABLE




এখানে সর্বদাই তাজা হালাল মাংস ও চিকেন পাওয়া যায়

প্রতি সপ্তাহে প্লেনে আনা তাজা মাছ পাওয়া যায়

এখানে পাবেন সকল প্রকার মশলা, বাংলাদেশী তাজা ও ফ্রোজেন মাছ,
টাটকা শাক-সবজি এবং নিত্য প্রয়োজনীয় গ্রোসারী সামগ্রী

১৭ ই মে ট্যাক্স ফাইলিং-এর শেষ দিন

সময় শেষ হবার আগেই দ্রুত ট্যাক্স ফাইল করুন.....




Steven M. Levy CPA

আপনাদের ট্যাক্স ফাইলিং সুষ্ঠু ও নিখুঁতভাবে সম্পন্নের জন্য আমাদের সাথে রয়েছেন সার্টিফাইড পাবলিক একাউন্টেন্ট।

কোনো প্রফেশনালকে দিয়ে ট্যাক্স ফাইল করান
তাহলে সর্বাধিক রিফান্ড পাবেন এবং
ভবিষ্যৎ জটিলতা থেকেও রক্ষা পাবেন।

AUTHORIZED IRS e-file PROVIDER



We are Top 500 intuit Company

Southeast USA Income Tax Services

জ্যাকসন হাইটস:
74-09 37th Avenue, Suite# 206
Jackson Heights, NY 11372
Phone: 718-639-6207
Cell: 917-566-1612

জ্যামাইকাঃ
168-16 Hillside Avenue
Jamaica, NY 11432
Phone:718-487-4507
Cell:646-464- 5944

ব্রংক্স:
1445 Unionport Road, Bronx, NY.
পার্কচেস্টার ফ্যামিলি ফার্মেসির ভিতরে
Phone: 347-621-0378
718-427-5919

e-mail: usa.bd54@gmail.com



সাহিত্য সাময়িকী

স্বাধীনতা
রেজাউদ্দিন স্টালিন

নিজের ভাষায় পড়ি এবং লিখিও,
গাছ-গাছালির পাঠশালাতে শিখিও,
আমার মুখের অর্থ বোঝে
পিঁপড়ে এবং পাখিও।

কিং সলোমন বুঝতো যেমন ঘাসফড়িংয়ের মর্ম,
বুদ্ধ জানেন ফল পাবে সে যেমন তাহার কর্ম,
সব প্রাণী চায় স্বাধীনতা
মত প্রকাশের ধর্ম।

কথার উপর দুঠোঁট রেখে হাঁটছি,
সারাজীবন শব্দে সাঁতার কাটছি।

সিমেট্রি
সালেহীন সাজু

এখানে বসন্ত নয়, সন্ধ্যা নেমেছে বহু আগে
সারি সারি প্রস্তর ফলকে অস্পষ্ট নাম, অযত্নে
হয়তো খবর নেয় না কেউ বহুদিন ধরে, কিংবা খবর নেওয়ার
যারা ছিলো, তারাও কেউ আর অবশিষ্ট নেই,

মড়ক লাগা বসন্ত বনে, ভয় বাতাসে বাতাসে
সবুজ গালিচার নীচে যারা, তারা আজ ভয়হীন, বেদনাহীন
স্থানিক, কালিক সময় যেখানে থমকে গেছে,
বসন্তের রঙ কিংবা মৃত্যু ভয় এখন আর ছোঁয় না তাদের
সহস্রাব্দের গভীর ঘুম লেগে আছে ঘাসে ঘাসে,

বহুপথ হেঁটে-হেঁটে, তরু তলে ক্লান্ত পথিক বসে,
ভাবে, এ এক অদ্ভুত স্থান, একপাশে জীবন, ক্ষুধা, মৃত্যু ভয়
অন্যপাশে, অন্তরালে সকল সময় থমকে গেছে।

বিলাসী দুঃখ
শারমিন সুলতানা রীনা

তোমার অভাব নেই সুখের সংসার
তবুও বিলাসী দুখে এতো ছোটাছুটি

জীবনে কতটা লাগে সুখের বেসাতি
চলেছে ক্রমশঃ ছুটে অতৃপ্ত আত্মায়

পেয়েও হারিয়ে যায় বিস্মিত জীবন
কিসের অভাব ভেবে বিস্তীর্ণ আঙ্গিনা

পেয়েও চাওনা যাকে কিসের হেলায়
হারালে বিবেক বোধ তাড়িয়ে বেড়ায়

মানুষ মানুষ হও চাঁদের শিক্ষায়
চাঁদের বড়াই কিসে আলো অবকাশে

স্বপ্নগুলো উঁকি দেয়
সুফিয়ান আহমদ চৌধুরী

বৃষ্টিতে ভিজে কিশোরী কোমল পাতা
আকাশে ভাসে কালো মেঘের ভেলা
সারাদিন বৃষ্টির উৎসব, সারাদিন হল্লা

এমন দিনে ডাকে চঞ্চলে ঝাল চানাচুর
এমন দিনে জানালায় উঁকি দেয় কাজল চোখ
ডানা মেলে উড়ে বেড়ায় স্বপ্ন রঙিন দিন
এমন দিনে গড়ায় মন-মোহনায় মিঠে নিপুণ সুখ।

কদম ফুলের ঘ্রাণে উতলা পাড়া-গাঁও
গাছে গাছে নাচে আমাদের প্রিয় হলুদ টিয়া।

বুকের ভেতর তোলপাড় অবিরাম বাকবাকুমের ডাক
দূর বনে পেখম ছড়ায় আহ্লাদী ময়ূরী
কে যেনো ডাকে নির্জন পোহাতে চঞ্চল আঙুলে।

মেঘ কেটে গেলে রোদ নামে শিশুর নরম পায়
ঘুঙুরের শব্দে আসে কুহেলি কিশোরী
তার এলোচুলে দেখি খেলা করে সোনারঙ হাসি।

আয়না
রফিকুজ্জামান রণি

আয়নার সামনে দাঁড়াই না
আয়না কেবল ওপরটা দেখায়
ভেতরের সুখ, দুঃখ
কিংবা হিংস্রতা
কিছুই দেখায় না বাজারি আয়না
চুল-দাড়ি এলো মেলো?
থাক না!
চেহারায় পড়েছে বয়সের জং?
তাতে কী!
এ সব তো কেবল বাহির বৃত্তান্ত
বাহিরে নয়
একরক্তি ভেতর নিয়ে থাকতে চাই
বড় সাধ জাগে
একটা ভেতর-সুন্দর মানুষ দেখতে!

জীবনের খোঁজে
আহম্মদ হোসেন বাবু

বসন্ত বাতাসে ফাগুনের গন্ধ ভাসে,
বোশেখের দমকা হাওয়া ধাক্কা দেয় মনে;
তুলসীমঞ্চে ধ্যাননিমগ্ন নির্লোভ দুপুরে
সিংলীপাল জঙ্গলের পাশে এক তৃষ্ণার্ত প্রেমিক
কেদারনাথ মন্দিরের ঘন্টাধ্বনি শুনতে শুনতে
আর একটি নতুন জীবনের খোঁজে ছুটতে থাকে।

ছুটতে ছুটতে দেখে, ইরিধানে বইছে হাওয়া,
মনে হয় যেন বসন্ত বাতাস লেগেছে শরীরে;
বাঁশ ঝোপের আড়ালে ঢলে পড়া সূর্যটা তখনো উঁকি মারে।
গাভী হাতে এক কালো মেয়ে হেঁটে যায়, মাথায় ঘাসের বোঝা;
উড়ে যায় ডাহুক-পানকৌড়ি, আর সাদা বক পাখি;
আকাশের নীলে 'চোখ গেল', 'চোখ গেল' বলে ডেকেই চলেছে এক পাখি
'ডুব্ ডুব্' শব্দ করে জানিনা সে কোন পাখি ডাকে,
সেই সাথে বহুদূর হতে মনে হয়, কে যেন আমাকে ডাকে নাম ধরে।

দৌড়ে কাছে গিয়ে দেখি, ধানের জমিতে সেচ দিতে ব্যস্ত চাষী
তখনো ইটের ভাটার চিমনীর সাদা-কালো ধূঁয়া যায় দেখা,
তখনো ধানের পাতায় পাতায় বাতাসের খেলা
তখনো গোধূলি হয়নি শেষ;
তখনো পটোল ক্ষেতে কাঠবিড়ালী করে ছুটোছুটি,
তখনো কাঠঠোকরা ঠোঁট দিয়ে খুড়ছে ঘর-
বৃক্ষের কষ্টের চেয়েও, প্রজননের দাবী বড় ওর কাছে।
তখনো ধানক্ষেতে দাঁড়িয়ে আনমনা আমি-
চৈত্রের শেষেও ধানের পাতায়, শিশিরের স্পর্শে, বুকের ভেতরে
হাওয়া করে খেলা!
আমি নিসর্গের ডাকে ডুবে যেতে যেতে, খুঁজি নতুন জীবন॥

উদযাপন
মীম মিজান

এ কোন পথ?
নেমেই দেখি অন্তহীন এক সুড়ঙ্গ
যে সুড়ঙ্গটি দূরদৃষ্টে আনন্দময়
প্রবেশদ্বার তার আকর্ষণীয়
বাস্তবে শুরু থেকেই উদযাপনের পথ

এ উদযাপন কষ্টের
দুঃখের সাগরের আছড়ে পড়া ঢেউয়ের উচ্ছ্বাস
আপনজনের প্রিয় মুখের নিকৃষ্ট বাক্যের উপহারের
এ উদযাপন চোখের পানির ফুরিয়ে যাবার
অনাহার, অর্ধাহারে হাসিমুখের উদযাপন সমাজ-রাষ্ট্রের
অর্বাচীন দৃষ্টিভঙ্গির উদযাপন

যে পথে নেমেছি
প্রত্যয় করেছি অব্যাহত রাখার
সেই পথ ডেকে ডেকে বলছে
উদযাপন করো, দুঃখকে।



মিশিগানে নির্মাণ হচ্ছে স্থায়ী শহীদ মিনার

বাংলা পত্রিকা ডেস্ক: মোটর সিটি খ্যাত যুক্তরাষ্ট্রের মিশিগানে প্রথমবারের মতো নির্মিত হচ্ছে মহান ভাষা শহীদদের স্মরণে স্থায়ী শহীদ মিনার। হ্যামট্রাম্যাক সিটি কাউন্সিল ১৯৫২ সালের ভাষা শহীদদের সম্মানার্থে আন্তর্জাতিক মাতৃভাষা স্বীকৃতির অংশ হিসেবে শহরের জেসম্যান পার্কে শহীদ মিনার স্থাপনের অনুমতি দিয়েছে।

হ্যামট্রাম্যাক শহরে শহীদ মিনার স্থাপনে বাংলাদেশ কমিউনিটি অব মিশিগান উদ্যোগ গ্রহণ করে। গত ২৫ এপ্রিল হ্যামট্রাম্যাক সিটির হাই অফিসিয়ালরা বাংলাদেশী কমিউনিটির নেতাদের সঙ্গে নিয়ে ওই জায়গা নির্ধারণ করে আনুষ্ঠানিক ঘোষণা দেন।

ইতিমধ্যে শহীদ মিনারটির নকশা প্রণয়নের কাজ শুরু হয়েছে। ১৫ ফুট দৈর্ঘ্যের শহীদ মিনারটি প্রবাসী বাংলাদেশীরা সবাই মিলে তৈরি করবেন বলে জানান শহীদ মিনার বাস্তবায়নের নেপথ্যে থাকা মিশিগান এক্সপ্রেস ট্রেন নামক জনপ্রিয় ফেসবুক পেজের উদ্যোক্তা বদরুল হুদা নাজেল।

তিনি বলেন, বিভিন্ন সময় নানা ব্যক্তি বা রাজনৈতিক সংগঠন শহীদ মিনার তৈরির চেষ্টা করলেও তা আলোর মুখ দেখেনি। এবার সকল প্রবাসী ও কমিউনিটির নেতারা যৌথভাবে চেষ্টা করেছেন। প্রবাসীদের পক্ষ থেকে সিটি মেয়র কেরেন মাজেয়াস্কিস এবং সিটি ম্যানেজার ক্যাথি অ্যাঞ্জেরারকে বিশেষভাবে ধন্যবাদ জানানো হয়েছে।

এছাড়াও উদ্যোক্তারা কাউন্সিলম্যান কামরুল হাসান, কাউন্সিলম্যান নাইম চৌধুরী, কাউন্সিলম্যান সাদ আলমাসমারী, কাউন্সিলম্যান মোহাম্মদ আলসমিরি, ডিরেক্টর অব কমিউনিটি সেফটি ম্যাক্স গার্বারিনো, মেয়র ক্যান্ডিডেট কামাল রহমান, কাউন্সিলম্যান পদপ্রার্থী আরমানি সাদ, সাবেক কাউন্সিলম্যান আবু মুসাকে ধন্যবাদ জানান। শহীদ মিনারটির স্থপতি হিসাবে রয়েছেন টুনু ইসলাম।

মিশিগানে ৭০ হাজার প্রবাসী বসবাস করেন। এখানে বাংলাদেশ এভিনিউ রয়েছে, রয়েছে জাতির জনকের দুটি ম্যুরাল। মিশিগান প্রবাসীদের দীর্ঘদিনের একটি দাবি ছিল, স্থায়ী শহীদ মিনার। এটি যুক্তরাষ্ট্রের কোনো স্টেটে প্রথম কোনো বাংলাদেশী মিনার হতে যাচ্ছে। ২০২২ সালের একুশে ফেব্রুয়ারীতে প্রথমবারের মতো স্থায়ী শহীদ মিনারে মিশিগানে থাকা বাংলাদেশী প্রবাসীরা পুষ্পস্তবক অর্পণ

বিশ্বে করোনায় মৃত্যু ৩২ লক্ষাধিক

(প্রথম পাতার পর)

ছয় হাজার ৪৫১ জন।

বিশ্বে করোনায় আক্রান্তদের মধ্যে সুস্থ হয়েছে ১৩ কোটি ৭৪ হাজার ৩৫৩ জন এবং বর্তমানে আক্রান্ত অবস্থায় রয়েছে এক কোটি ৯৫ লাখ ২০ হাজার ২৭ জন।

বিশ্বে করোনায় আক্রান্তদের মধ্যে সুস্থ হওয়ার হার ৯৮ শতাংশ এবং মারা যাওয়ার হার দুই শতাংশ। সারাবিশ্বে বর্তমানে করোনায় আক্রান্তদের মধ্যে গুরুতর অবস্থায় রয়েছে এক লাখ ১১ হাজার ৯৩৭ জন এবং বাকিদের অবস্থা স্থিতিশীল।

বিশ্বে করোনায় ক্ষতিগ্রস্ত দেশের তালিকায় সবার ওপরে রয়েছে যুক্তরাষ্ট্র। সে দেশে এখন পর্যন্ত করোনাভাইরাসে আক্রান্ত হিসেবে শনাক্ত হয়েছে তিন কোটি ৩১ লাখ ৪৬ হাজার আট জন এবং মারা গেছে পাঁচ লাখ ৯০ হাজার ৭০৪ জন। বিশ্বে করোনায় ক্ষতিগ্রস্ত দেশের তালিকায় যুক্তরাষ্ট্রের পর যথাক্রমে রয়েছে ভারত, ব্রাজিল, ফ্রান্স, রাশিয়া, তুরস্ক, ব্রিটেন, ইতালি, স্পেন ও জার্মানি। ভারতে এখন পর্যন্ত করোনাভাইরাসে আক্রান্ত হিসেবে শনাক্ত হয়েছে এক কোটি ৯৫ লাখ ৪৯ হাজার ৬৫৬ জন এবং মারা গেছে দুই লাখ ১৫ হাজার ৫২৩ জন।

†দশটিতে গত ২৪ ঘণ্টায় করোনাভাইরাসে আক্রান্ত হিসেবে শনাক্ত হয়েছে তিন লাখ ৯২ হাজার ৫৬২ জন এবং মারা গেছে তিন হাজার ৬৮৮ জন। এর আগের দিন দেশটিতে করোনাভাইরাসে আক্রান্ত হিসেবে শনাক্ত হয়েছিল চার লাখ দুই হাজার ১১০ জন এবং মারা গেছে তিন হাজার ৫২২ জন।

ভারতের পরের অবস্থানে থাকা ব্রাজিলে মোট আক্রান্ত হয়েছে এক কোটি ৪৭ লাখ ২৫ হাজার ৯৭৫ জন এবং মারা গেছে চার লাখ ছয় হাজার ৫৬৫ জন।

TODAY'S DENTAL
86-30 Broadway, 2nd Fl, Elmhurst, NY 11373.
Corner of Broadway & Justice Ave
Tel: 718-760-5500
আমরা সব ধরনের ইন্সুরেন্স গ্রহন করে থাকি।
দাত ও মাড়ির সর্বাধুনিক সুচিকিৎসার জন্য
আপনাদের সেবায়
ডাঃ কাজী জাফরি সাত্তার
ডাঃ এ. এ. আব্দুল কাদের ডিডিএস (ইউনিক ডেন্টাল)
আমরা বাংলায় কথা বলি
REQUEST A FREE CONSULTATION
HOW TO REACH US
718-760-5500
Top of Grand Ave Station
By Train - M, R Train
By Bus - Q 53, Q 58, Q 60 Queens Blvd.







একসিডেন্ট ও ইনজুরি কেইসেস
অভিজ্ঞ আমেরিকান ট্রায়াল আইনজীবি দ্বারা পরিচালিত
আইনী প্রতিষ্ঠান
LAW OFFICES OF
SURDEZ & PEREZ, P.C.
SURDEZ & PEREZ, P.C.
We Specialize in Personal Injury and Negligence Cases
Call us:
718-482-7766, 917-562-1368
প্রয়োজনে আমরাই পৌঁছে যাব আপনার কাছে
পরামর্শের জন্য ফি লাগে না
Free Consultation
কেবলমাত্র কেইসে সাফল্য লাভের পরই আমরা ফি গ্রহণ করে থাকি
আমাদের কার্যক্রম ও পরামর্শের ক্ষেত্রসমূহ:
• গাড়ী দুর্ঘটনা • বার্ণ ইনজুরি
• বাস,ট্রেন অথবা মোটর সাইকেল • নির্মাণ কাজে দুর্ঘটনা
• ব্রেইন ইনজুরি • পিছলে পড়ে গেলে
• এলিভেটর একসিডেন্ট • লেড পয়জনিং
• স্কুল লায়াবিলিটি • কুকুর কামড়ালে
• খেলার মাঠে দুর্ঘটনা • ডাক্তারের ভুল চিকিৎসা
আমাদের বৈশিষ্ট্যসমূহ:
অভিজ্ঞতা সম্পন্ন ট্রায়াল এটর্ণী দ্বারা পরিচালিত একটি আইনী প্রতিষ্ঠান। সততা ও নিষ্ঠা। ক্লায়েন্টের পক্ষে রায়ের জন্য দক্ষতার সাথে সর্বাত্মক চেষ্টা। দ্রুত কেস সেটেলমেন্টের নিশ্চয়তা
যে কোন পরামর্শের জন্য যোগাযোগ করুন
Mohammed Ali
718-482-7766
917-562-1368
alimd@surdezlaw.com
alimd1040@yahoo.com
32-72 Steinway Street, Suite# 401
Astoria, NY 11103
www.surdezperezlaw.com



জ্যাকসন হাইট্স কাজী অফিস
সম্পূর্ণ নিরিবিলি পরিবেশে নিউইয়র্ক সিটি কর্তৃক রেজিস্টার্ড কাজীর মাধ্যমে শরিয়ত সম্মতভাবে বিবাহ সম্পন্ন সহ নিউইয়র্ক সিটি'র 'ল' মোতাবেক ম্যারেজ সার্টিফিকেট ও মুসলিম কাবিননামা প্রদান করা হয়।
বিস্তারিত তথ্যের জন্য ঃ ৭১৮-৬১৮-৪০৯৩
৪১-২২ ৭৫ স্ট্রিট, ১ম তলা, এলমহার্স্ট, নিউইয়র্ক ১১৩৭৩



গান শিখুন
বাংলাদেশ কমিউনিটির সঙ্গীত অঙ্গনে অতি পরিচিত মুখ
সবিতা দাস
উচ্চাঙ্গ সঙ্গীতসহ সব ধরনের নৃত্য, গান ও তবলা শিক্ষা দেয়া হয়। বাংলা শিক্ষা ফ্রি
বহ্নিশিখা সঙ্গীত নিকেতন
৩৫-১৮, ৩৩ স্ট্রীট, এস্টোরিয়া, নিউইয়র্ক ১১১০৬
যোগাযোগঃ (৭১৮) ৭২১-৩৬৫১, ৭১৮-৮১০-৬৮৫৮

মুসলিম কাজী অফিস
ISLAMIC MARRIAGE SOLEMNIZER (NYC/S. REGISTERED)



ইসলামী শরীয়ত মোতাবেক বিয়ে পড়ানো ও নিউইয়র্ক সিটির 'ল' অনুযায়ী ম্যারেজ সার্টিফিকেট ও কাবিন নামা দেয়া হয়।
মাওলানা ক্বারী মোহাম্মদ রহমতউল্লাহ মজিদী
এম, এম, বিএস-সি (অনার্স) এম,এস-সি (ভূগোল)
খতিব : ম্যানহাটন ডাউনটাউন ক্যানাল স্ট্রীট জুমা মসজিদ
ইমাম : বায়তুল ইসলাম মসজিদ এন্ড কমিউনিটি সেন্টার, ব্রুকস
ম্যারেজ রেজিস্ট্রার : নিউইয়র্ক স্টেট, ইউএসএ।
পরিচালক : এম, সেতারা ট্রেড ইন্টারন্যাশনাল লিঃ (বাংলাদেশ)। বাংলাদেশ থেকে হজ্ব ও ওমরার বুকিং চলছে।
গ্রুপ ভিত্তিক/বাসায় গিয়ে 'বিশুদ্ধ কোরআন শিক্ষা' দেওয়া হয়।
যোগাযোগঃ ৬৮-১৫, ৩৮ এভিনিউ, ২য় তলা, উডসাইড, নিউইয়র্ক ১১৩৭৭ (৭- ট্রেন, ৬৯ সাবওয়ে-এর অর্থরুক উত্তরে)
ফোনঃ 347-612-7397, 718-565-8219

ওয়াশিংটন ডিসি বিএনপি'র দোয়া মাহফিল অনুষ্ঠিত



ওয়াশিংটন ডিসি: 'দু'টি ঘাতক ব্যাধিতে আক্রান্ত বাংলাদেশ। একটি মহামারী করোনা, অপরটি শেখ হাসিনা।' এমন মন্তব্য করেছেন বিশিষ্ট সাংবাদিক ও রাজনীতি বিশ্লেষক মুশফিকুল ফজল আনসারী। শনিবার ওয়াশিংটন ডিসি বিএনপি'র উদ্যোগে সাবেক প্রধানমন্ত্রী ও বিএনপি চেয়ারপার্সন বেগম খালেদা জিয়ার রোগমুক্তি কামনায় অনুষ্ঠিত এক দোয়া ও ইফতার মাহফিলে তিনি এ কথা বলেন।

ওয়াশিংটন ডিসি বিএনপি'র আহবায়ক হাফিজ খান সোহায়েলের সভাপতিত্বে ও ইঞ্জিনিয়ার জাকির হোসেনের পরিচালনায় অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে জাস্টনিউজ সম্পাদক ও জাতিসংঘ সংবাদদাতা মুশফিকুল ফজল আনসারী বলেন, করোনা আক্রান্ত হয়ে বাংলাদেশের মানুষ বিনা চিকিৎসায় মারা যাচ্ছে। কর্মহীন, সহায় সম্বলহীন মানুষ অনাহারে অর্ধাহারে মানবেতর জীবন যাপন করছে। অপরদিকে শেখ হাসিনার স্বৈরাচারী যাঁতাকলে পিষ্ঠ হয়ে অধিকার বঞ্চিত মানুষ লড়ে যাচ্ছে অধিকার আদায়ের সংগ্রামে। এই রমজানেও জনগণের উপর চলছে জেল, জুলুম, হুলিয়া। থেমে নেই গুম খুন। হাসিনার অপশাসনের ভাইরাস ঢুকেছে প্রশাসনের সর্বত্র। পুলিশ বাহিনী ইমানদারীর সাথে পালন করছে দলীয় আনুগত্য।

বিভেদ ও অনৈক্য পেছনে ফেলে দেশরক্ষার আন্দোলনে সামিল হওয়ার আহবান জানিয়ে তিনি বলেন, বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান দলকে সুদৃঢ় ও ঐক্যবদ্ধ করার কাজে তার সবচেষ্টা নিবেদন করেছেন। আপনারাও তাঁর সঙ্গে মতের আদান প্রদানের সুযোগ পাচ্ছেন। তিনি বলেন, পদ-পদবীর জন্য বিভাজন নয়, বরং বৃহত্তর স্বার্থে সবাইকে ঐক্যবদ্ধ হতে হবে। এ ক্ষেত্রে ত্যাগিদেরও মূল্যায়ন করতে হবে।

যুক্তরাষ্ট্রের স্টেট ডিপার্টমেন্টকে উদৃত করে তিনি বলেন, সারা দুনিয়া জানে বেগম খালেদা জিয়া রাজনৈতিক প্রতিহিংসার শিকার। সম্প্রতি প্রকাশিত স্টেট ডিপার্টমেন্টের মানবাধিকার রিপোর্টে বলা হয়েছে রাজনীতি থেকে সরিয়ে দিতেই তাকে অভিযুক্ত করা হয়েছে।

এতে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন ভার্জিনিয়া বিএনপির আহবায়ক জাহির খান ও যুগ্ম আহবায়ক নেসার আহমেদ, ওয়াশিংটন ডিসি বিএনপির আহবায়ক কমিটির সিনিয়র সদস্য শহীদ শাহাদাত সরোয়ারদী, মিয়া মোঃ মজনু, তৌহিদুল ইসলাম তুহিন, দেওয়ান মঈনউদ্দিন বিপ্লব, মোহাম্মদ মোশাররফ হোসেন, মোহাম্মদ সালাহ উদ্দিন ভূঁইয়া, জাহিদ খান, আরিফ ইসলাম, মোখলেসুর রহমান লিটন, জাহাঙ্গীর খান, আতিকুর রহমান শিপু, গাজী কামরুল ইসলাম, আব্দুল মুক্তাদির, ইঞ্জিনিয়ার সেলিম আহমেদ, নূর হোসেন বাহাদুর, মোহাম্মদ সিরাজ, মিসেস মাসুমা আক্তার মেরিন ও সৈয়দ সালেহ মনসুর পরশ প্রমুখ।

বেগম খালেদা জিয়ার পরিপূর্ণ সুস্থতা, তারেক রহমানের জন্য আল্লাহর বিশেষ রহমত, করোনার ভয়াবহতা থেকে পরিত্রাণ ও গণতান্ত্রিক আন্দোলনে নিহতদের মাগফিরাতসহ সকল মুসলিম উম্মার জন্য মহান আল্লাহর সাহায্য কামনা করে দোয়া পরিচালনা করেন হাফেজ মাওলানা কৌশিক আহমেদ। -প্রেস বিজ্ঞপ্তি।

মনোনয়নপত্র বিক্রয় শুরু

(শেষের পাতার পর)



মনোনয়নপত্র বিক্রয় শুরু হয়েছে। নির্বাচন কমিশন ঘোষিত তফসীল অনুযায়ী গত শনিবার (১ মে) প্রথম দিনে বিপুল পরিমাণ মনোনয়নপত্র বিক্রয় করেন নির্বাচনে অংশগ্রহণের প্রার্থীবৃন্দ মাঝে।

এসোসিয়েশনের নির্বাচন কমিশন সূত্রে জানা গেছে, জ্যাকসন হাইটসের পালকি পার্টি সেন্টারে প্রধান নির্বাচন কমিশনার মোঃ হাছান চৌধুরী, নির্বাচন কমিশনার আবু তালেব চৌধুরী চান্দু ও নির্বাচন কমিশনার এডভোকেট নিজাম উদ্দিন আহমেদের উপস্থিতিতে মনোনয়নপত্র ক্রয় করেন মীর কাদের রাসেল নিজেই ২৫টি ফরম ক্রয় করন। এছাড়াও মহিউদ্দিন চৌধুরী খোকন ১টি, আবুল কাসেম (চট্টলা) ১টি, মাসুদ সিরাজী ২টি, অদুদ ১টি, আবু তাজের ২টি, মনির আহমেদ ২টি মনোনয়নপত্র ক্রয় করেন।

এসময় প্রধান নির্বাচন কমিশনার মোঃ হাছান চৌধুরী বলেন, আসন্ন নির্বাচন অনুষ্ঠিত হবে সুন্দর, নিরপেক্ষ, স্বচ্ছ ও গণমুখী নির্বাচন। প্রবাসী চট্টগ্রামবাসীর আশার সেই চট্টগ্রাম সমিতি আবার প্রাণবন্ত হয়ে উঠবে। করোনা-কে জয় করে আবার সেই ঐতিহ্যবাহী বার্ষিক বনভোজন, বৈশাখী মেলা, জাতীয় সকল অনুষ্ঠান অনুষ্ঠিত হবে চট্টগ্রাম সমিতি ভবনে। পূর্ণ হবে সকলের আশা। আগামী ৩০ মে রোববার অনুষ্ঠিতব্য নির্বাচনে তিনি সকল প্রবাসীর সার্বিক সহযোগিতা কামনা করেন।

বাংলাদেশী মেডিকেল গ্রুপ



ডাঃ আতাউল ওসমানি
এম.ডি
ফ্যামিলি মেডিসিন বিশেষজ্ঞ
৭১৮-৬৩৬-০১০০

ডাঃ ফেরদৌস খন্দকার
এম.ডি, এফএসিপি
মেডিসিন বিশেষজ্ঞ

Brooklyn
20 Arlington Place
(Across the Fulton St.)
(Betw. Bedford & Nostrand Ave)
Brooklyn, NY 11216
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

Jackson Heights
70-17 37th Avenue
(Betw. 70 & 71st Street)
East Side of BQ Express Way
Jackson Heights, NY 11372
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

আমরা সব ধরনের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি

উইকেন্ড মাক্তাব ও আফটার স্কুল

আল্লাহ্‌র অশেষ মেহেরবাণীতে নিউইয়র্কের সাউথ জ্যামাইকায় আপনার সন্তানের ধর্মীয় শিক্ষার জন্য আল-মানসুর কালরচারাল সেন্টারে সুব্যবস্থা হয়েছে, তাই পাবলিক স্কুলগামী ৯৮ভাগ মুসলিম শিক্ষার্থীকে আফটার স্কুল ও উইকেন্ড মাক্তাবের মাধ্যমে প্রয়োজনীয় জাগতিক শিক্ষার পাশাপাশি অত্যাবশ্যকীয় ধর্মীয় শিক্ষালাভের সুযোগ করে দেয়াই আমাদের লক্ষ্য ও উদ্দেশ্য।

ফুলটাইম হিফ্‌জুল কোরআন ক্লাস

ইহা একটি পূর্ণাঙ্গ সিলেবাস সম্বলিত ৫ বছরের কোর্স যেখানে কায়দা-কোর্‌আন শিক্ষার পাশাপাশি দোয়া, আক্বীদা, আখ্‌লাক, ফিক্‌হ ও হাদীস এবং ইসলামিক ইতিহাস শিক্ষা দেয়া হয়।

সামার ক্লাস
সামার ভ্যাকেশনের সাথে সামঞ্জস্য রেখে সম্পূর্ণ একটি সিলেবাস।
সপ্তাহে ৪ দিন, জুলাই ০২-আগস্ট ৩০।
সকাল ১০:৩০ - দুপুর ১:৩০

বৈশিষ্ট্য সমূহঃ
বিজ্ঞ আলেমদের তত্ত্বাবধানে পরিচালিত
অভিজ্ঞ শিক্ষক মন্ডলী
সিলেবাস ভিত্তিক শিক্ষা ব্যবস্থা
শিক্ষাদানের ভাষা ইংরেজী
সেমিষ্টার ভিত্তিক শিক্ষা ব্যবস্থা
ছেলে মেয়েদের আলাদা সুব্যবস্থা
ভর্তি চলছে!

সম্মানিত সচেতন অভিভাবক! আপনার সন্তানের ধর্মীয় অনুভূতি জাগরণে আপনাকেই নিতে হবে সঠিক সিদ্ধান্ত, আর তা বাস্তবায়ন ও সার্বিক সহযোগিতায় আমরা দৃঢ় প্রতিজ্ঞাবদ্ধ।

পরিচালক ঃ শায়েখ মুফ্‌তি মোহাম্মদ আব্দুল্লাহ্‌
প্রাক্তন ইমাম, নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট কারেকশনাল সার্ভিস।

Al-Mansoor Cultural Center
Learning • Reflecting • Celebrating • Growing
ভর্তি চলছে
Tel: 718-475-0904
646-545-1943
646-545-7924
107-57 154 Streeet, Jamaica, NY 11433

ঢাকায় পড়তে গিয়ে লাশ হয়ে ফিরলেন মুনিয়া

ঢাকা ডেস্ক: কুমিল্লা থেকে উচ্চ শিক্ষার জন্য রাজধানী ঢাকায় এসে অবশেষে লাশ হয়ে ফিরলেন কলেজছাত্রী মোসারাত জাহান মুনিয়া। মঙ্গলবার (২৭ এপ্রিল) ঢাকা মেডিকেল



কলেজ হাসপাতালে মুনিয়ার মরদেহ ময়নাতদন্ত শেষে বিকালে ওই কলেজ ছাত্রীর মরদেহ কুমিল্লা নগরীর বাগিচাগাঁও এলাকায় তার বড় বোনের বাসায় নিয়ে আসা হয়। এসময় উৎসুক মানুষ বাসাটির আশপাশে ভিড় জমায়। এতে সেখানে শোকাবহ পরিবেশের সৃষ্টি হয়। এদিকে মঙ্গলবার বাদ আসর তার মরদেহ নগরীর টমছমব্রিজ কবরস্থানে দাফন করা হয়। মুনিয়া নগরীর মনোহরপুর এলাকার উজির দীঘির পাড়ের বাসিন্দা বীর মুক্তিযোদ্ধা মৃত সফিকুর রহমানের মেয়ে। এ ঘটনায় এলাকার বিভিন্ন মহলে শোকের ছায়া নেমে আসে।

এদিকে পুলিশ কর্তৃক ওই কলেজছাত্রীর মরদেহ উদ্ধারের পর তার বড় বোন নুসরাত জাহান বাদি হয়ে রাজধানীর গুলশান থানায় মামলা দায়ের করেছেন। আর এ ঘটনাটিকে পরিকল্পিত হত্যাকান্ড বলে দাবি করে প্রধানমন্ত্রীর কাছে জড়িতদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানিয়েছে কলেজছাত্রীর পরিবার।

জানা যায়, নগরীর মনোহরপুরের উজির দীঘির দক্ষিণপাড় এলাকার বাসিন্দা মৃত বীর মুক্তিযোদ্ধা ও শহর আওয়ামী লীগের সাবেক সহ-সভাপতি সফিকুর রহমানের মেয়ে মোসারাত জাহান মুনিয়া রাজধানীর মিরপুর ক্যান্ট. পাবলিক স্কুল অ্যান্ড কলেজের শিক্ষার্থী। এবার এ প্রতিষ্ঠান থেকে তার এইচএসসি পরীক্ষা দেওয়ার কথা ছিল। এর আগে সে কুমিল্লা নগরীর বাদুরতলা এলাকার ওয়াইডব্লিউসিএ নামক একটি স্কুল থেকে ৫ম শ্রেণি পর্যন্ত লেখাপড়া করে। পরে সে নগরীর নজরুল এভিনিউ এলাকার মডার্ন হাইস্কুলে ৬ষ্ঠ শ্রেণিতে ভর্তি হয়ে ৮ম শ্রেণি পর্যন্ত লেখাপড়া করে এবং সর্বশেষ রাজধানীর মিরপুর মনিপুরী স্কুল অ্যান্ড কলেজ থেকে এসএসসি পাস করে। পরিবারে এক ভাই ও দুই বোনের মধ্যে সে সবার কনিষ্ঠ।


মঙ্গলবার বিকালে ঢাকা থেকে কুমিল্লায় ফিরে নগরীর বাগিচাগাঁও এলাকায় অরণী নামক ভবনের ফ্ল্যাটে সাংবাদিকদের সাথে কথা বলতে গিয়ে কান্নায় ভেঙ্গে পড়েন মুনিয়ার বড় বোন নুসরাত জাহান। তিনি বলেন, দুই বছর আগে থেকে এক শিল্পপতীর সঙ্গে মুনিয়ার সম্পর্ক হয়। ওই সম্পর্কের পর তাদের মধ্যে অনেক কিছুই হয়েছে। তাকে রিকভার করে নিয়ে আসছিলাম। সে বেশ কিছুদিন আমার কাছে ছিল। এরপর গত দুইমাস আগে ঐ শিল্পপতী মুনিয়াকে বিভিন্ন প্রলোভন দেখায়। তাকে বিয়ে করবে, তাকে অনেক ভালোবাসে। সে বলছে- তাকে এখানে সেটেল করতে পারবে না, দেশের বাইরে সেটেল করবে। এমন প্রলোভনের পর আমার বোন আমার কথা

শুনে নাই। আমার বোনের অগাধ বিশ্বাস থেকে সে তার কাছে গিয়েছে। তাকে বাসা ভাড়া করে রেখেছে। কিন্তু গত কিছুদিন ধরে মুনিয়ার মন খারাপ। এরপর বিয়ের কথা ঐ ছেলেকে বলেছিল। এ নিয়ে তাদের মধ্যে মনোমালিন্য হয়েছে।

কালকে মুনিয়া ফোন করে বলে- আমাকে মেরে ফেলবে। আমাকে ধোঁকা দিয়েছে। আপু তুমি তাড়াতাড়ি ঢাকায় আসো, আমার অনেক বড় বিপদ। আমার যে কোন সময় একটা দুর্ঘটনা ঘটতে পারে। বিষয়টি জেনে ঢাকায় রওয়ানা দেই এবং যেতে যেতে তাকে অনেক ফোন দেওয়া হয়, কিন্তু সে আর ফোন ধরেনি। পরে বাসায় গিয়ে দরজা নক করলেও সে খুলেনি। এসময় বাসার মালিককে ডেকে ঘরের তালা ভেঙ্গে তাকে ঝুলন্ত অবস্থায় দেখতে পাই। ওই বাসায় ঐ শিল্পপতীর আসা-যাওয়া করেছে সিসিটিভির এমন ফুটেজ পুলিশ পেয়েছে। ৪টি ডায়েরিতে মুনিয়ার লিখিত অনেক এভিডেন্স (তথ্য প্রমাণ) পাওয়া গেছে। এসব ডায়েরিতে অনেক এভিডেন্স আছে। দুটি মোবাইল ফোনসহ অন্যান্য এভিডেন্স পুলিশ নিয়ে গেছে। বাসায় তার সাথে অনেক ছবি ছিল, সিমটম ছিল।

তিনি আরো বলেন, আমার কি গেছে, তা শুধু আমি বলতে পারব। মাননীয় প্রধানমন্ত্রীর কাছে ভিক্ষা চাচ্ছি। আমার বাবা একজন মুক্তিযোদ্ধা। সরকার থেকে আমরা কিছুই নেই নাই। ওনার কাছে আমার এতিম বোনের বিচারটা ভিক্ষা চাই। সুষ্ঠু বিচার চাই।

এ বিষয়ে মুনিয়ার বড় ভাই আশিকুর রহমান সবুজ সাংবাদিকদের বলেন, আমার বোন মুনিয়া সুইসাইড করার মতো মেয়ে না। আমরা মনে করছি এটি পরিকল্পিত হত্যাকান্ড। আমি আপনাদের মাধ্যমে মাননীয় প্রধানমন্ত্রীর কাছে জানাতে চাই, আমরা মধ্যবিত্ত পরিবারের সন্তান। আমার বাবা একজন মুক্তিযোদ্ধা। তিনি মৃত্যুর আগ পর্যন্ত বঙ্গবন্ধুর আদর্শ ধারণ করে আওয়ামী লীগের রাজনীতি করেছেন। প্রধানমন্ত্রীর কাছে আমাদের আকুল আবেদন, পরিকল্পিত এই হত্যাকান্ডের সাথে জড়িতদের দৃষ্টান্তমূলক শাস্তি চাই।



প্রাণনাশের হুমকি, মুনিয়ার বোনের জিডি

ঢাকা ডেস্ক: বসুন্ধরা গ্রুপের ব্যবস্থাপনা পরিচালকের বিরুদ্ধে করা মামলার বাদী নুসরাত জাহান তানিয়া গুম, খুনের হুমকি পাচ্ছেন বলে থানায় অভিযোগ করেছেন। কুমিল্লার কোতোয়ালি থানায় শনিবার (১ মে) তিনি এ বিষয়ে সাধারণ ডায়েরি করেছেন। সাধারণ ডায়েরিতে (জিডি) নুসরাত জাহান তানিয়া উল্লেখ করেন, মামলা তুলে নিতে তাকে কয়েকটি মোবাইল নম্বর থেকে হুমকি দেওয়া হচ্ছে।

ঢাকার গুলশানের একটি ফ্ল্যাট থেকে কলেজ ছাত্রী মোসারাত জাহান মুনিয়ার ঝুলন্ত লাশ উদ্ধারের ঘটনায় গুলশান থানায় মামলা করেছেন তানিয়া। মামলায় বসুন্ধরার এমডি'র বিরুদ্ধে আত্মহত্যার প্ররোচনার অভিযোগ আনা হয়েছে। মামলা তুলে নেয়া এবং মীমাংসা করতে মোবাইল ফোনে হুমকি পাচ্ছেন বলে জিডিতে অভিযোগ করেছেন নুসরাত।

রাজধানীর গুলশানে অভিজাত ফ্ল্যাট থেকে উদ্ধার মোসারাত জাহান মুনিয়ার মরদেহ উদ্ধারের পর আত্মহত্যার প্ররোচনার অভিযোগ করে মামলা করেছিলেন মুনিয়ার বড় বোন নুসরাত জাহান। গুলশান থানায় করা মামলায় আসামি করা হয় বসুন্ধরা গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক (এমডি) সায়েম সোবহান আনভীরকে। এবার মুনিয়ার বড় বোন খোদ নিজের জীবনের নিরাপত্তা চেয়ে থানায় সাধারণ ডায়েরির আবেদন করেছেন।

কুমিল্লা কোতোয়ালি থানার ওসি আনোয়ারুল হক বলেন, অভিযোগ খতিয়ে দেখতে একজন পরিদর্শককে (অপারেশন) দায়িত্ব দেওয়া হয়েছে। তদন্তের পর ব্যবস্থা নেওয়া হবে।

সাধারণ ডায়েরিতে বলা হয়েছে, মামলা পর বিবাদি পক্ষের কিছু ব্যক্তি তাকে (বাদি) ও পরিবারের সদস্যদের মামলা তুলে নিতে এবং সমঝোতায় আসতে চাপ দিচ্ছে। মামলা যদি তুলে নেয়া না হয় তবে টাকার বিনিময়ে তাকে অথবা তার স্বামীসহ পরিবারের অন্য সদস্যদের যেকোন ভাবে বিপদে ফেলা হবে। দরকার হলে যেকোন অঘটন ঘটিয়ে খুন করে মরদেহ গুম করে দেয়া হবে।

সাধারণ ডায়েরিতে আরও বলা হয়, মামলা প্রত্যাহার করা না হলে মিথ্যা মামলা দিয়ে হয়রানি ও নাজেহাল করার হুকমিও দিয়েছে বিবাদি পক্ষ। হুমকিদাতারা যেকোন সময় তাকে অথবা তার পরিবারের সদস্যদের কুমিল্লাসহ দেশের যেকোন স্থানে আক্রমণ করে খুন বা জখম করবে। এ অবস্থায় তারা চরম নিরাপত্তাহীনতায় আছে।

গত মাসের ১ তারিখে রাজধানীর গুলশানের ১২০ নম্বর রোডের একটি বাড়ি ভাড়া নেন মোসারাত জাহান মুনিয়া। বাসাটির ভাড়া ছিল ১ লাখ টাকা। বাসায় একাই থাকতেন মুনিয়া। গত ২৬ এপ্রিল সোমবার সন্ধ্যায় বাসার তিন তলার ফ্ল্যাট থেকে গলায় ওড়না প্যাঁচানো অবস্থায় তার ঝুলন্ত লাশ উদ্ধার করে পুলিশ। ঢাকা মেডিকেল কলেজ (ঢামেক) হাসপাতালে ময়নাতদন্ত শেষে তার মরদেহ কুমিল্লায় নেওয়া হয়। পরে মা-বাবার কবরের পাশে তাকে দাফন করা হয়। এ ঘটনায় মামলার পর মঙ্গলবারই বসুন্ধরা গ্রুপের এমডি সায়েম সোবহান আনভীরের বিদেশে যাত্রায় নিষেধাজ্ঞা দিয়েছে আদালত।

আনভীরের বিদেশ যাতায়াতের ওপর নিষেধাজ্ঞা চেয়ে আদালতে আবেদন করেন আত্মহত্যায়প্ররোচনা মামলার তদন্ত কর্মকর্তা গুলশান থানার পরিদর্শক মোল্লা আবুল হাসান। আবেদনে সাড়া দিয়ে আনভীরের বিদেশ যাত্রায় নিষেধাজ্ঞা দেন ঢাকার মুখ্য মহানগর হাকিম আদালতের বিচারক শহিদুল ইসলাম। সেই সঙ্গে বিচারক আগামী ৩০ মের মধ্যে তদন্ত করে আদালতে প্রতিবেদন জমা দেয়ার আদেশ দেন তিনি।

Sale ! Sale!! বিশেষ মূল্যহ্রাস Sale ! Sale!!



এয়ার লাইন্সের অভিজ্ঞ প্রাক্তন কর্মচারিদের ব্যবস্থাপনায় নিউইয়র্কের বাঙ্গালী অধ্যুষিত জ্যাকসন হাইটস-এ অবস্থিত

ইউনাইটেড ট্রাভেলস ইনক

Umra Hajj-এর টিকেট ও Vissa-এর জন্য যোগাযোগ করুন

ভ্রমন জগতে একটি বিশ্বস্ত নাম

UNITED TRAVELS INC.



37-22 73rd Street, Suit#1C, Jackson Heights, NY- 11372. Tel: 718-899-7799, 718-899-7796, Fax: 347-612-4030

নিউইয়র্কের বাইরের স্টেট থেকেও সহজে টিকিট পেতে হলে যোগাযোগ করুন

After office Please Con Abdul Latif Bhuiyan Cell: 646-

Biman, Emirate, Eithihad Kuwait, Qatar & Soudia সহ বিশ্বের সকল সকল এয়ার লাইন্সের টিকেট বিক্রয় হয়।

বিরাট মূল্যহ্রাস

নিউইয়র্কের সবচেয়ে পুরনো এবং বিশ্বস্ত ট্রাভেল এজেন্ট

Concorde Travels

কনকর্ড ট্রাভেল

২৬ বছর থেকে আপনাদের সেবায় নিয়োজিত

আসন সংখ্যা সীমিত

আজই আপনার আসন সংরক্ষণ করুণ







সউদিয়াতে উমরার জন্য বিশেষ সেল চলছে

সবচেয়ে কমদামে ঢাকা-নিউইয়র্ক আসার টিকেট সেল করা হয়

Emirates السعودية SAUDIA الاتحاد ETIHAD KUWAIT AIRWAYS TURKISH AIRLINES QATAR AIRWAYS القطرية

37-47 73rd St, Suite # 211 (King Plaza), Jackson Heights, NY 11372

Tel : 212-563-2800, 347-448-6175, Cell : 917-355-7374 | Email : concordtravel@aol.com

দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন সফল এটর্নী



Sheikh Salim
Attorney at Law

Accident Cases, Medical Malpractice & Legal Malpractice

এটর্নী আপনার বাসায় যাবেন, ইভিনিং এবং উইকএন্ডে এপয়েন্টমেন্টের সুযোগ

- কন্সট্রাকশন দুর্ঘটনা
- স্ক্যাফোল্ড বা মই থেকে পড়ে দুর্ঘটনা
- লেড বিষ সম্বন্ধীয়
এক প্রতিবেদনে ফ্রান্সের স্বাস্থ্যমন্ত্রীর সূত্রে বলা হয়েছে, বি.১.৬১৭ নামক এ ধরনের খোঁজ কয়েক দিন আগেই মিলেছে। প্রথম ভারতীয় ধরন ধরা পড়ে দক্ষিণ পশ্চিম ফ্রান্সের এক নারীর। সম্প্রতি ভারতে এসেছিলেন তিনি। গত বুধবার এ তথ্য নিশ্চিত করে ফ্রান্সের স্বাস্থ্য মন্ত্রণালয়। আক্রান্ত বাকি দুজনও নতুন ভ্যারিয়েন্ট নিয়ে ফ্রান্সে যান। তারা দক্ষিণ-পূর্ব ফ্রান্সের বাসিন্দা।

ফ্রান্সে করোনা সংক্রমণ রোধে এক মাসের কঠোর লকডাউনের ঘোষণা করা হয়। আগামী ১৯ মে থেকে বেশ-কিছু বিধিনিষেধ মেনে মিউজিয়াম, সিনেমা হল ও থিয়েটার খুলবে। প্রেসিডেন্ট ইমানুয়েল ম্যাক্রোঁ জানিয়েছেন, দেশে যেসব ক্যাফে রেস্তোরাঁ আছে, তা এবার ধীরে ধীরে খোলা হবে। চার ধাপে ধীরে ধীরে সবকিছু ফের স্বাভাবিক করা হবে। অর্থনীতি বাঁচাতেই এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে জানিয়েছেন ম্যাক্রোঁ।

ব্রাজিলে মৃত্যু ৪ লাখ ছাড়াল: ব্রাজিলে করোনাভাইরাসে আক্রান্ত হয়ে মোট মৃতের সংখ্যা ৪ লাখ ছাড়িয়েছে। বিশ্বজুড়ে মৃতের সংখ্যায় শীর্ষে থাকা যুক্তরাষ্ট্রের পরই দেশটির অবস্থান। সংক্রমণ রোধে কড়াকড়ি শিথিল ও ধীরগতির টিকাদান কর্মসূচির কারণে সামনের মাসগুলোতে মৃতের সংখ্যা আরও বাড়তে পারে বলে সতর্কতা দিয়েছেন বিশেষজ্ঞরা।

খবরে বলা হয়, ব্রাজিলে গত বৃহস্পতিবার করোনায় ৩ হাজার ১ জন লোকের মৃত্যু হয়েছে বলে স্বাস্থ্য মন্ত্রণালয় জানায়। এর ফলে মহামারীর শুরু থেকে এখন পর্যন্ত দেশটিতে মোট মৃতের সংখ্যা ৪ লাখ ১ হাজার ১৮৬ জনে দাঁড়িয়েছে।

চলতি বছরে ব্রাজিলে করোনার সংক্রমণ এত ভয়াবহ ছিল যে পুরো দেশের স্বাস্থ্য ব্যবস্থা ভেঙে পড়েছিল। এমনকি এক মাসের মধ্য ১ লাখের মতো মানুষের মৃত্যু ঘটে। সে সময় প্রতিদিন ৪ হাজারের বেশি মানুষের মৃত্যু হয়। এপ্রিলের শুরুতে তা কিছুটা নেমে আসে। তখন অনেক স্থানীয় সরকার সংক্রমণ রোধে আরোপিত লকডাউন শিথিল করে দেয়। তবে সংক্রামক রোগ বিশেষজ্ঞরা বলছেন, কড়াকড়ি শিথিল করায় সামনের মাসগুলোতে মৃতের সংখ্যা আরও বেড়ে যাবে। শুধু টিকা দিয়ে সংক্রমণ রোধ করা যাবে না। তাদের মতে, প্রতিদিন ২ হাজারের বেশি মানুষের মৃত্যু হতে থাকবে। মহামারীবিদ পেদ্রো হাল্লাল বলেন, গত বছরের মতো একই ভুল করতে যাচ্ছে ব্রাজিল। কভিড-১৯ নিয়ে জাতীয় পর্যায়ের গবেষণায় নেতৃত্ব দেওয়া এই বিশেষজ্ঞ বলেন, এখন কী করছে ব্রাজিল? ফের কড়াকড়ি শিথিল করে দিল এবং মৃতের সংখ্যা প্রতিদিন ২ হাজারে স্থির করতে যাচ্ছে, যেন শুধু একটা রোগে প্রতিদিন ২ হাজার মানুষ মারা যাওয়া স্বাভাবিক ঘটনা।

মমতার হাতেই পশ্চিম

(প্রথম পাতার পর)

নন্দীগ্রামে হেরে যাওয়ার পর কি মুখ্যমন্ত্রী হতে পারবেন? এ প্রশ্নের উত্তর রয়েছে ভারতের সংবিধানের অনুচ্ছেদ ১৬৩ এবং ১৬৪ ধারাতেই। সে অনুযায়ী, মমতা বন্দ্যোপাধ্যায়কে যদি তার দলীয় আইনপ্রণেতারা মুখ্যমন্ত্রী হিসেবে নির্বাচিত করেন, তাহলে তিনি মুখ্যমন্ত্রী হিসেবে দায়িত্ব পালন করতে পারবেন। কিন্তু এ সময়ের পর থেকে ৬ মাস বা ১৮০ দিনের মধ্যে কোনো একটি আসন থেকে নির্বাচিত হয়ে আসতেই হবে তাকে। যদি তিনি এ সময়ের মধ্যে নির্বাচিত হয়ে আসতে না পারেন, তাহলে আর মুখ্যমন্ত্রী থাকতে পারবেন না।

তাই ৬ মাস সময়ের মধ্যে তার দলের কোনো আইনপ্রণেতা যদি নিজের আসন ছেড়ে দেন এবং সেই আসনে মমতা নির্বাচিত হয়ে আসতে পারেন, তাহলে তিনি অব্যাহতভাবে দায়িত্ব পালন করে যেতে পারবেন।

বিজেপি আসনের নিরিখে তিন অঙ্কে শুধু উঠতে পারেনি তা-ই নয়, তাদের ভোট শতাংশও কমেছে। একেবারেই অপ্রাসঙ্গিক হয়ে গেছে কংগ্রেস-সিপিএম-আইএসএফের সংযুক্ত মোর্চা। ভোট শতাংশের হার বলে দিচ্ছে যে, শুধু সংখ্যালঘু ভোট নয়, হিন্দু-পিছলে বর্গ আর বর্ণ হিন্দুদের ভোটও মমতা বন্দ্যোপাধ্যায় পেয়েছেন। ভোটের আগে গত এক বছরে ১৪৮ জন তৃণমূল নেতা দল বদলে বিজেপিতে গিয়ে প্রার্থী হয়েছিলেন। তাদের মধ্যে ২০ শতাংশই জিততে পারেননি। ভারতীয় গণমাধ্যমের হিসাবে, নিজের হাতেগড়া নেতা শুভেন্দু অধিকারী নন্দীগ্রামে প্রায় দুই হাজার ভোটের ব্যবধানে হারিয়েছেন মমতা বন্দ্যোপাধ্যায়কে। এই পরাজয় মেনে নিয়েছেন মমতা। তবে তিনি এর বিরুদ্ধে আদালতে যাওয়ার ঘোষণাও দিয়েছেন। রোববার (২ মে) বিকাল নাগাদ একটি বার্তা সংস্থার তরফে দেয়া রিপোর্টকে উদ্ধৃত করে খবর প্রকাশ হয় যে, নন্দীগ্রামে বিজয়ী হয়েছেন মমতা। এ খবর সংবাদ শিরোনাম হয় সব মিডিয়ায়। কিন্তু সন্ধ্যার আগে আগে এ খবর নিয়ে দেখা দেয় বিভ্রান্তি, যখন নির্বাচন কমিশন নন্দীগ্রামে শুভেন্দু অধিকারীকে বিজয়ী ঘোষণা করে। পরে বলা হয়, নির্বাচন কমিশনের ফল মেনে নিয়েছেন মমতা বন্দ্যোপাধ্যায়।

এবার নির্বাচনী প্রচারে একুশবার পশ্চিমবঙ্গে এসেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। অমিত শাহ-জেপি নাড্ডারা বাংলাকে সেকেন্ড হোম বানিয়েছিলেন। কিন্তু উত্তর প্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ, মন্ত্রী স্মৃতি ইরানি, প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং- এই বাহিনীকে নামিয়েও বিজেপি বাংলার নেত্রীকে সার্বিকভাবে পর্যুদস্ত করতে পারলো না। নন্দীগ্রামে হারলেও জাতীয় রাজনীতিতে প্রাসঙ্গিক হলেন মমতা বন্দোপাধ্যায়। ২০২৪ সালের লোকসভা ভোটে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির বিকল্প মুখ হিসেবে মমতাকেই বিরোধীরা তুলে ধরলে বিস্ময়ের কিছু থাকবে না বলে বিশ্লেষকরা বলছেন।

এই ভোটে মমতার তৃণমূলের বিরুদ্ধে বিজেপির অভিযোগ ছিল দুর্নীতি, তোলাবাজি, সিন্ডিকেট রাজ এবং মমতার তোষামোদি নীতির। যাকে বলা হয় সংখ্যালঘু তোষণ। কিন্তু রাজ্যের সংখ্যালঘু সম্প্রদায় শুধু যে মমতাকে সমর্থন করেছে তা নয়, মমতা সমর্থন পেয়েছেন সব শ্রেণির। তোলাবাজি, দুর্নীতির অভিযোগ তলিয়ে গেছে বিজেপির বহিরাগত নেতাদের আনাগোনায়। বিজেপিকে বাংলার দল বলে মেনে নিতে পারেনি বাংলার মানুষ। সেই সঙ্গে বিজেপি সম্ভবত বুঝতে পারলো, জাঁকজমকপূর্ণ সভা, হেলিকপ্টার, চার্টার্ড ফ্লাইটের বাইরেও নির্বাচন জিততে চাই একটা সক্রিয় সংগঠন। ভাড়াটে সৈনিক নিয়ে যুদ্ধ করা যায়, যুদ্ধ জেতা যায় না।

নিজে নেতৃত্ব দিয়ে টানা তিনবার দলকে জিতিয়েছেন মমতা। তাতেই হ্যাট্রিক মুখ্যমন্ত্রী হতে পারেন পশ্চিমবঙ্গ তৃণমূলের সুপ্রিমো। যেখানে তিনি ক্ষমতায় টিকে থাকবেন কিনা, তা নিয়েই আশঙ্কা সৃষ্টি হয়েছিল, সেখানে ভূমিধস জয় দিয়ে তাক লাগিয়ে দিয়েছেন সবাইকে। স্বাভাবিকভাবেই তার মুখজুড়ে প্রস্তুত হাসি। তবে নন্দীগ্রামে শুভেন্দুর কাছে হেরে কিছুটা হোঁচট খেয়েছেন তিনি। ভারতের এ সময়ের সবচেয়ে প্রভাবশালী, শক্তিধর বিজেপির দাপটকে উড়িয়ে দিয়েছেন মমতা। তাই অভিনন্দন বার্তায় ভাসছেন তিনি। তাকে বিভিন্ন দলের শীর্ষ নেতারা অভিনন্দন বার্তায় 'টাইগ্রেস অব বেঙ্গল' বলে আখ্যায়িত করেছেন। এর কারণ, মমতাকে পশ্চিমবঙ্গে ক্ষমতার মসনদ থেকে উৎখাতের জন্য সর্বশক্তি নিয়োগ করেছিল বিজেপি। এক্ষেত্রে আঞ্চলিকতা, ধর্মীয় রাজনৈতিক মেরুকরণের চেষ্টা হয়েছে। কিন্তু সব কিছুকে নস্যাৎ করে দিয়েছেন মাটির মেয়ে ক্যারিশম্যাটিক মমতা। নির্বাচনের ফল গণনা শুরু হয় রোববার সকাল থেকেই। স্বাভাবিকভাবেই এদিকে তাকিয়ে ছিল প্রতিবেশী দেশগুলো। কারণ, এখানকার রাজনীতির সঙ্গে আবর্তিত হয় এ অঞ্চলের আন্তঃরাজনীতি। পুরোদিন শ্বাসরুদ্ধকর এক অবস্থা বিরাজ করে। প্রথমদিকে প্রাপ্ত খবরে বলা হয়, নিজের হাতেগড়া শুভেন্দু অধিকারী (যিনি ডিগবাজি দিয়ে বিজেপিতে যোগ দিয়েছেন) এগিয়ে ছিলেন কয়েক হাজার ভোটের ব্যবধানে। তার বিপরীতে মমতা পিছিয়ে পড়েন। পুরো রাজ্যের বিজয়ের খবর আসতে থাকলেও মমতার এমন খবরে অনেকেরই কপালে চিন্তার ভাঁজ পড়ে। কিন্তু সেই চিন্তার রেখা বেলা বাড়ার সঙ্গে সঙ্গে মিইয়ে যেতে থাকে। আস্তে আস্তে সেই মুখে হাসি ফুটে ওঠে। ভারতীয় গণমাধ্যমের খবরে ফলাও করে প্রচার করা হয় মমতা বিজয়ী হয়েছেন নন্দীগ্রামে। এরপর রাজ্যের জয় পাকাপোক্ত হওয়ার পর ঘর থেকে বেরিয়ে হেঁটে অফিসে গিয়েছেন মমতা। কিন্তু সন্ধ্যায় মেলে আরেক খবর। এবার নির্বাচন কমিশন ঘোষণা করে নন্দীগ্রামে মমতা নন, জিতেছেন শুভেন্দু অধিকারী। মমতা সেটা মেনে নিয়েছেন। তবে তিনি এ ফলের বিরুদ্ধে আদালতে যাওয়ার ঘোষণা দিয়েছেন। নির্বাচন কমিশন থেকে পরে বলা হয়, ভোট পুনঃগণনা হবে। রাত বাড়ার বাড়ার সঙ্গে সঙ্গে আবার জানানো হয়, ভোট পুনঃগণনা হবে না। শুধু এই হেভিওয়েট আসনটি ঘিরে এদিন সবার চোখ ছিল সতর্ক।

রোববার ভারতের মোট ৫টি রাজ্যের ভোটের ফল গণনা করে ফল ঘোষণা করা হয়। এগুলো হলো- পশ্চিমবঙ্গ, পুদুচেরি, তামিলনাড়ু, কেরালা ও আসাম। এর মধ্যে সবারই দৃষ্টি ছিল পশ্চিমবঙ্গে। কারণ, অনেক। এই রাজ্যে মোট আসন আছে ২৯৪টি। এর মধ্যে কোনো দলকে সরকার গঠনের জন্য সংখ্যাগরিষ্ঠতা পেতে কমপক্ষে ১৪৮টি আসন পেতে হয়। সেই হিসেবে ২১৫ আসনে জিতে ভূমিধস বিজয় অর্জন করেছে মমতার দল তৃণমূল কংগ্রেস। আর বিজেপি পেয়েছে মাত্র ৭৫টি আসন। দুটি আসনের দু'জন প্রার্থী মারা যাওয়ায় সেখানে নির্বাচন হয়নি। এমন জয়ে কার না আনন্দ হয়! কিন্তু সেই আনন্দে মিছিল না করার জন্য নেতাকর্মীদের অনুরোধ করেছেন মমতা। বলেছেন, করোনা মহামারিকালে স্বাস্থ্যবিধি মানতে। করোনা মোকাবিলা হবে তার সরকারের প্রধান অগ্রাধিকার।

সর্বশেষ পাওয়া তথ্যমতে, আসামে মোট ১২৬ আসন। তার মধ্যে ১২২ আসনে নির্বাচন হয়েছে। এতে ৫৬ আসনে এগিয়ে ছিল বিজেপি। দ্বিতীয় স্থানে ছিল কংগ্রেস। তারা পেয়েছে ২৯ আসন। এখানে সরকার গঠন করতে ৬৪ আসনে সংখ্যাগরিষ্ঠতা প্রয়োজন হয়। ফলে যদি কোনো দল এই সংখ্যক আসন পেতে ব্যর্থ হয় তাহলে আসামে হতে পারে ঝুলন্ত পার্লামেন্ট।

তামিলনাড়ুতে মোট আসন ২৩৪টি। এখানে কোনো দলকে সরকার গঠন করতে প্রয়োজন ১১৮ আসন। এর মধ্যে ডিএমকে ১২০ আসন পেয়ে নির্বাচিত হয়েছে। ফলে তারা একক সংখ্যাগরিষ্ঠতা অর্জন করেছে। দ্বিতীয় অবস্থানে আছে এআইএডিএমকে। তারা পেয়েছে ৮০টি আসন। আর বিজেপি পেয়েছে মাত্র ৩টি আসন।

কেরালা রাজ্যে মোট আসন ১৪০টি। সরকার গঠন করতে হলে এখানে কোনো দলকে কমপক্ষে ৭১টি আসনে বিজয়ী হতে হয়। এখানে কমিউনিস্ট পার্টি অব ইন্ডিয়া (সিপিআইএম) পেয়েছে ৫৮টি আসন। কংগ্রেস পেয়েছে ২৫ আসন। এই রাজ্যে বিজেপি কোনো আসনই পায়নি।

পুদুচেরিতে বিধানসভার মোট আসন ৩০টি। তবে নির্বাচন হয়েছে ২১টি আসনে। এখানে সরকার গঠন করতে হলে কমপক্ষে ১৬টি আসনে বিজয়ী হতে হয়। কিন্তু এআইএনআরসি জোট ৮ আসন পেয়ে এগিয়ে আছে। এই জোটে রয়েছে বিজেপি। অন্যদিকে মাত্র ৩টি আসন নিয়ে বিজেপির পিছনে অবস্থান করছে কংগ্রেস।

কুইন্সে বাংলাদেশী

(শেষের পাতার পর)

পুলিশ জানায়, প্রথমে স্বামী এবং পরে স্ত্রীকেও আটক করা হয়। আটককৃত স্বামীর নাম সালাউদ্দিন। চট্টগ্রামের মিরসরাইয়ে তার বাড়ি। দুই বছর আগে বাংলাদেশে গিয়ে বিয়ে করেন তিনি। স্ত্রীকে নিউইয়র্কে আনার পরই তাদের মধ্যে কলহ দেখা দেয়। গত ২৮ এপ্রিল বাসা থেকে আহত অবস্থায় সালাউদ্দিনকে উদ্ধার করে এস্টোরিয়ার মাউন্ট সিনাই হাসপাতালে ভর্তি করে পুলিশ। এরপর স্ত্রীর অভিযোগের পেক্ষিতে তাকে আটক করা হয়। স্ত্রী পুলিশের কাছে দাবী করেন, স্বামীর নির্যাতনে তাকে এল্মাহার্ট হাসপাতালে ভর্তি হতে হয়েছে। পরে স্বামীকে নির্যাতনের ঘটনায় স্ত্রীকেও আটক করে পুলিশ। টাকা

ROOM FOR RENT

One bedroom is available for rent Shared Bathroom and Eat in Kitchen . Location : 34th avenue and 32nd street. Nearest train: (N,W,R). Rent : $1200 per month (Negotiate able and All utilities included). For details Please call: 929-288-2183 or 929-500-6386.
মে-০৩/১০

রুম ভাড়া

সুন্দর ভদ্র পরিবেশে কর্মজীবী পুরুষদের জন্য বেড-বিছানা ইউটিলিটি, ইন্টারনেটসহ দোতালায় বড় বারান্দাসহ বড়রুম ভাড়া দেয়া হবে। সি ট্রেনে শেফার্ড এভিনিউর পাশে ৪৩০ এসেক্স স্ট্রীট ব্রুকলীন। যোগাযোগ অথবা ম্যাসজ রাখুন: ৬৩১-২৩০-০২৩০ অথবা ৭১৮-৩৪৮-৮৪২২.
মে-০৩/১০

বাসা ভাড়া

ব্রঙ্কস পার্কচেস্টার সাবওয়ের কাছে ৬ ট্রেনে ১৩-৪২ Pugsleyএভিনিউ সেমিবেসমেন্টে ১, ২, ৩ বেডরুমের বাসা ভাড়া দেয়া হবে। প্রয়োজনে শুধু রুমও দেয়া হবে।
৭১৮-৮৬৪-৭৩৬৭

স্টুডিও রুম ভাড়া

১২৫ স্ট্রীট হিলসাইড এভিনিউ ঠিকানায় স্বামী-স্ত্রী বা কর্মজীবি মহিলাকে স্টুডিও রুম ভাড়া দেওয়া হবে। যোগাযোগ: ৭১৮-৪৯৬-৯৯০২
এ-১৯/২৬

বাসা ভাড়া

সানিসাইড, ৪৬ স্ট্রীট এবং ৪৮ এভিনিউ অধূমপায়ী মুসলিম পরিবারের জন্য ২য় তলা সম্পূর্ণ নতুনভাবে তৈরি করা দুই বেড রুম বাসা ভাড়া দেয়া হবে। মোট ভাড়া ২০০০ ডলার। যোগাযোগঃ ৯১৭-৫৬২-১৩৬৮
এ-১৯/২৬

WANTED

We are looking for a meat store helper. Store in 160-02 Hillside Ave, Jamaica NY. Good pay based on experience. Contact: 646 610 1983 / 646 248 3437
এ-১৯/২৬

বেসমেন্ট ভাড়া

কুইন্সের জ্যামাইকার ১৬৪ স্টীট এবং ৮৪ এভনিউতে হিলের উপর ২ বেড রুমের বেসমেন্ট (সম্পূর্ণ নতুন) পহেলা এপ্রিল/পহেলা মে থেকে ভাড়া হবে। যোগাযোগ: ৯১৭-৩৫৯-৩৭২৮ (বিকেল ৩টার পর)
মা-২৯/এ-০৫

আবশ্যক

ডেলওয়ারের উইলমিংটনে একটি বাংলাদেশী রেস্টুরেন্টে তন্দুরী শেফ আবশ্যক। অভিজ্ঞতা না থাকলেও চলবে। থাকা খাওয়া ফ্রি। বেতন আলোচনা সাপেক্ষে। যোগাযোগ: ৩০২-৩০০-৯৮১৬ (মিঃ খসরু)।
মা-২৯/এ-০৫

রুম ভাড়া

এস্টোরিয়ায় দুই বেডরুমের এপার্টমেন্টের একটি আলাদা রুম স্বামী-স্ত্রী অথবা একজন মহিলার কাছে ভাড়া দেওয়া হবে। যোগাযোগ: ৩৪৭-৮৯৮-৮৩৮৩
মা-২৯/এ-০৫

বাসা ভাড়া

ওজনপার্কের সাবওয়ে এ, সি ট্রেন এবং বি-১৩, কিউ-৮ বাস স্টপেজের কাছে দ্বিতীয় তলায় ৪ বেডরুম এবং এক বেডরুমের সেমি বেসমেন্ট বাসা এপ্রিল/মে মাস থেকে ভাড়া হবে। ঠিকানা: ৬৩৫ ক্রিসেন্ট স্ট্রীট, ব্রুকলীন। যোগাযোগ: মনির। ফোন: ৯১৭-৯৩৯-৭৩১০
মা-২৯/এ-০৫

বাসা ভাড়া

ব্রুকলীনে লিন্ডেন এবং হেগম্যান এর উপর তিন বেডরুম এর সেমিবেসমেন্ট বাসা ভাড়া দেয়া হবে। যাতায়াতঃ ৩ ট্রেন পাঁচ মিনিট, ৮৩ বাস বাড়ির সামনে এবং এ এবং সি ট্রেন ট্রান্সফার নিতে পারবে।
যোগাযোগঃ ৩৪৭-৮৫৮-১২৮৬।
মা/২২/২৯

বাড়ী ভাড়া

কলেজ পয়েন্ট এলাকায় ২ বেডরুম, লিভিং রুম, কিচেন, ফুল বাথরুম। ফুললি রেনোভেটেড, সুন্তর পরিবেশ। যোগাযোগ: ৯১৭-৭৪৯-৪১৪৩
মা-২২/২৯

এপার্টমেন্ট ভাড়া

জ্যামাইকার ৮৭-৩৩ ১৮৮ স্ট্রীট-এ ২ বেডরুমের এপার্টমেন্ট এপ্রিল মাস থেকে ভাড়া হবে। যোগাযোগ: ৩৪৭-৬০৩-৩১৯৮ অথবা ৩৪৭-৫৫৮-৬৭৭৪
মা-২২/২৯

এপার্টমেন্টে ভাড়া

এস্টোরিয়ার ক্রিসেন্ট স্ট্রীট এবং ৩৮ এভিনিউর একটি এপার্টমেন্টে একটি রুম ভাড়া হবে। কিচেন ও বাথরুম শেয়ার করতে হবে। যোগাযোগ: ৯১৭-৬৪০-৬১১৩
মা-২২/২৯

আবশ্যক

একটি পোলট্রি ফার্মে পার্ট টাইম কাজের জন্য পুরুষ অথবা মহিলা কর্মী আবশ্যক। যোগাযোগ: ৭১৮-৮২০-২৪৩৪
মা-২২/২৯

বেসমেন্ট ভাড়া

জ্যামাইকার হলিসে ৯৪-৩০ ১৯৯ নিউইয়র্ক-১১৪২৩ এ সুন্দর পরিবেশে হিলসাইড এভিনিউর কাছে একটি সুন্দর সেমি বেসমেন্ট (টু বেডরুম, বাথরুম কিচেন) পহেলা এপ্রিল থেকে ভাড়া হবে। যোগাযোগ:

বাসা ভাড়া

ব্রঙ্কসের থ্রসনেক এলাকায় (১০৩৭ কুইন্সি এভিনিউ) ১ বেড রুমের একটি ওয়াকিং বেসমেন্ট ভাড়া হবে। বিএক্স-৪০ এবং বিএক্স ৪২ বাস স্টান্ড সংলগ্ন। যোগাযোগ: ৯১৭-৫৮৭-৯৬১৬
মা-১৫/২২

বাসা ভাড়া

কুইন্স-এর ইস্ট এলমহার্স্ট সংলগ্ন ২৬-৩৬ ৯২ স্ট্রীট ঠিকানায় দুই বেডরুমের একটি বাসা ভাড়া হবে। এক ব্লকের মধ্যে কিউ-৪৯, কিউ-৭২, কিউ-১৯ বাসের যোগাযোগ ব্যবস্থা আছে। যোগাযোগ: ৬৪৬-৮৯৭-৯৮৩৪
মা-১৫/২২

LOOKING

Looking for groom Bride live in Bangladesh Short divorced, Age: 30, Occupation: IT department & completing MBA. Contact: 1 (347)-642-2865
মা-০৮/১৫

আবশ্যক

নিউইয়র্কের ৯১ ফার্স্ট এভিনিউতে একটি গ্রোসারী দোকানে কাজের জন্য অভিজ্ঞতা সম্পন্ন লোকের প্রয়োজন। যোগাযোগ: ৬৪৬-২৪৫-০৩৬৫
এ-১২/১৯

রুম ভাড়া

ব্রুকলীনের সি ট্রেন সাবওয়ে এবং শেফাড় এভিনিউর পাশে ৪৩০ এসেক্স স্ট্রীটে সুন্দর, ভদ্র পরিবেশে কর্মজীবি পুরুষদেও জন্য বেড-বিছানা সহ পৃথক রুম, কিচেনের সাথে ডাইনিং রুমে চেয়ার-টেবিল ও ইন্টারনেটের সুবিধায় ভাড়া হবে। যোগাযোগ: ৬৩১-২৩০-০২৩০ অথবা ৭১৮-৩৪৮-৮৪২২.
মা-১৫/২২/২৯

সেভেন ইলেভেনে লোক আবশ্যক

কুইন্সের বে সাইটে একটি সেভেন ইলেভেনে রাতের শিফটে কাজ করার জন্য একজন লোক আবশ্যক। কাজ সপ্তাহে ৫দিন।
যোগাযোগ: ৩৪৭-৭৪৪-৫৯৮৯

পাত্রী চাই

আমেরিকায় বসবাসরত ও প্রতিষ্ঠিত সম্ভ্রান্ত মুসলিম পরিবারের সন্তান, ৫ ফুট ৬ ইঞ্চি, সুদর্শন, এমবিএ ডিগ্রীধারী পাত্রের জন্য পাত্রী চাই।
যোগাযোগ: ৯২৯-৫৩০-৫২৯৩।
ই-মেইল: 3800rahman@gmail.com

বেসমেন্ট ভাড়া

জ্যামাইকা ১৭০ স্ট্রীট ও ৯০ এভিনিউতে ১ বেড রুমের বেসমেন্ট ভাড়া হবে।
যোগাযোগঃ ৯১৭-৩৭৯-৪১২৫

জ্যামাইকা মুসলিম সেন্টার সংলগ্ন বাসা ভাড়া

এপ্রিল মাস থেকে জ্যামাইকা মুসলিম সেন্টার ও কাওরান বাজার সুপার মার্কেট সংলগ্ন স্ট্রিটে বাসা ভাড়া হবে। সম্পূর্ণ নতুন কাজ করা ৩ বেড রুম এবং ২ ফুল বাথ রুম। পৃথক লিভিং, ডাইনিং ও কিচেন রয়েছে। যোগাযোগ: ৯০৮-২৭৪-১০০৬ অথবা ৯২৯-৪০৫-১৭৮৬
মা-১৫/২২/২৯

HELP ANTED

Need Office Assistant/Secretary Real Estate office, Queens, New York. English/Computer must. Contact: 917-523-4451. Email: MKSKARN@gmail.com
N-16/23

রুমমেট আবশ্যক

জ্যামাইকার হাইল্যান্ড এভিনিউ এর উপরে E and F ট্রেন সাবওয়ের খুব কাছে তিন বেডরুমের একটি বাসার দুই বেডরুম আলাদা বাথরুম সহ ভাড়া হবে জানুয়ারী ২০২১ সাল থেকে। ভাড়া আলোচোনা সাপেক্ষ্য।
যোগাযোগঃ ৭১৮-২০০-৮৮০০.
ন-১৬/২৩

স্টারলিং হোমিও কর্ণার ব্রঙ্কস

ডা. বিশ্বজিৎ চৌধুরী
DHMS (BD) BMBS (Ind) NHC (USA)
Homeopathic Consultant
সম্পূর্ণ পার্শ্বপ্রতিক্রিয়া মুক্ত হোমিও ঔষুষের মাধ্যমে নানা প্রকার জটিল রোগ আরোগ্য সাধ্য।
স্বল্পমূল্যে জার্মানী ও আমেরিকান ঔষুধ দ্বারা চিকিৎসা করা হয়
2140 Starling Avenue, Bronx, NY 10462
Ph: 347-595-4631
Mon-Sat. (2pm-8pm)
Sunday Closed

HOUSE FOR SALE

3543 Whillett Avenue,
Bronx, NY 10467
2 FAM, Cash $399,000/-
106-38 Guy R Brewer Blvd.
Jamaica, Queens, NY
One Fam + Store. Cash $499,000/=
234 East 92nd Street, Brooklyn,
3 Fam, $889,000/= Cash
Call: 917-523-4451
mkskarn@gmail.com

بسم الله الرحمن الرحيم

পাত্র চাই

New York- এ পিতা-মাতার সঙ্গে বসবাস করেন। (U.S.A. Citizen) পাত্রী Bachelor in Biomedical Engineer, From City College, CUNY, and Master in Biomedical Engineer, From Penn Univercity, Philadelphia বর্তমানে পেশাগত কাজে কর্মরত। পাত্রীর জন্য ৩২+ বয়সের যোগ্য পাত্র যোগাযোগ করুন।
Mobile Tel. No 646-591-4696
Res: 718-931-2509
e-mail: moondhs@gmail.com

বিনামূল্যে হেলথ ইন্স্যুরেন্স চান

আপনি কি বিনামূল্যে নিউইয়র্ক ষ্টেট অনুমোদিত হেলথ ইন্স্যুরেন্স পেতে চান? তাহলে আমাদের সাথে যোগাযোগ করুন। আমরা আপনাকে হেলথফাস্ট, ফিডালিস কেয়ার, মেট্রোপ্লাস, ইউনাইটেড হেলথ কেয়ার সহ অন্যান্য ইন্স্যুরেন্স প্লান পেতে সহায়তা করব!
শেখ সিরাজ, বাংলাদেশ সেন্টার
Bangladesh Center Inc
ফোন: ৯১৭-৫৪৭-৬৮৩২

সিকিউরিটি ক্যামেরা

আপনার বাসা, অফিস বা কর্মস্থল সিকিউরিটি ক্যামেরা লাগিয়ে নিরাপদ করুন।
ঘরে-বাইরে, কাছে-দূরে যেখানেই থাকুন আপনার সম্পদ ফোনের পর্দায় দেখুন।
আমরা সবচেয়ে কম খরচে অল্প সময়ে সিকিরিটি ক্যামেরা লাগাই। আজই যোগাযোগ করুন।
ফোন : 917-455-5308
ইমেইল: techlifeusa@gmail.com
Tech Life USA : 179-51 Hillside AV, Jamaica, NY-11432

কাজী অফিস

(সিটি কর্তৃক রেজিষ্ট্রিকৃত)

কাজী মোঃ বেলাল হোসেন
ইউএস এয়ারফোর্সের অধীনে কুয়েতস্থ আমেরিকান এ্যাম্বাসির প্রাক্তন দোভাষী অফিসার
বর্তমান ইমাম : বাইতুন নূর মসজিদ, ওজপনপার্ক।
ইসলামী শরীয়ত অনুযায়ী বিবাহ পড়ানো এবং নিউইয়র্ক সিটির ল' মোতাবেক ম্যারেজ সার্টিফিকেট ও মুসলিম কাবিননামা প্রদান করা হয়। ইংরেজী, আরবী এবং বাংলায় বিবাহ অনুষ্ঠান পরিচালনা করা হয়। সপ্তাহে ৭ দিন খোলা। নিউইয়র্ক সিটির প্রতিটি এলাকায় সেবা প্রদান করা হয়।
যোগাযোগ: **201-839-7579**
৮৮-১৯ লিবার্টি এভিনিউ, ওজনপার্ক, নিউইয়র্ক-১১৪১৭







এস্টোরিয়া ওয়েলফেয়ার সোসাই-টি'র ইফতার

(শেষের পাতার পর)

পরিস্থিতিতে স্বাস্থ্যবিধি মেনে পবিত্র নরমজান উপলক্ষ্যে এই দুই মিডিয়া হাউসের বার্তা কক্ষে শুক্রবার সন্ধ্যায় ইফতার পার্টির আয়োজন করা হয়।

ব্যতিক্রমী এই অনুষ্ঠানে স্বাগত বক্তব্য বাংলা পত্রিকা'র সম্পাদক ও টাইম টেলিভিশন-এর সিইও আবু তাহের স্বাগত বক্তব্য রাখেন। এছাড়াও মিডিয়া দুটির পক্ষ থেকে শুভেচ্ছা বক্তব্য রাখেন সাংবাদিক শেখ সিরাজুল ইসলাম। এস্টোরিয়া ওয়েলফেয়ার সোসাইটি ইউএসএ'র পক্ষ থেকে শুভেচ্ছা বক্তব্য রাখেন সংগঠনের উপদেষ্টা দেওয়ান শাহেদ চৌধুরী ও এবাদ চৌধুরী, সভাপতি সোহেল আহমেদ, সাধারণ সম্পাদক জাবেদ উদ্দিন সহ অন্যান্য কর্মকর্তা।

ইফতার পার্টিতে টাইম টেলিভিশন ও বাংলা পত্রিকার বিশেষ প্রতিনিধি সালাহউদ্দিন আহমেদ, টাইম টেলিভিশন-এর বার্তা সম্পাদক এম এ আহাদ, নিউজ প্রেজেন্টার সামিয়া মুন, অনুষ্ঠান উপস্থাপক ডেভিড সরকার।

এস্টোরিয়া ওয়েলফেয়ার সোসাইটির কর্মকর্তাদের মধ্যে কয়েস আহমেদ, এমদাদ রহমান তরফদার, শামসুল ইসলাম, আবু সোলেমান, মীর জাকির, মো: নূরুল হক প্রমুখ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে আবু তাহের তার বক্তব্যে মহামারী করোনার সময়ে এস্টোরিয়া ওয়েলফেয়ার সোসাইটির কর্মকান্ডের ভূয়সী প্রশংসা করে বলেন, এক সময় এই এস্টোরিয়া ছিলো বাঙালীদের এলাকা। নানা কারনেই আজ সেই এস্টোরিয়া থেকে অনেকে অন্যতম চলে গেছেন। তারপরও অনেক বাঙালী রয়েছেন যারা সুখে-দু:খে এস্টোরিয়ায় বসবাস করছেন। তারা এখনো এস্টোরিয়াকে উর্বর করে চলেছেন। তিনি বলেন, বাংলা পত্রিকা ও টাইম টেলিভিশন অতীতের মতো আগামী দিনেও প্রবাসী বাংলাদেশী কমিউনিটির পাশে থাকবে।

এস্টোরিয়া ওয়েলফেয়ার সোসাইটির কর্মকর্তারা তাদের বক্তব্যে এস্টোরিয়াবাসী সহ কমিউনিটির কল্যাণে বাংলা পত্রিকা ও টাইম টেলিভিশন-এর ভূমিকার প্রশংসা এবং এই মিডিয়া দুটি নিরপেক্ষভাবে দায়িত্ব পালন করছেন অভিমত ব্যক্ত করেন।

স্বাভাবিক জীবনে ফিরতে শুরু করেছে নিউইয়ক

(শেষের পাতার পর)

সবকিছু খুলে দেয়া হবে। তিনি এক সংবাদ সম্মেলনে সিটির করোনা পরিস্থিতি তুলে ধরে বলেন, আশা করা যাচ্ছে দিনে দিনে পরিস্থিতির উন্নতি হচ্ছে এবং আমরা স্বাভাবিক জীবনে ফিরতে যাচ্ছি।

মাস্ক নিয়ে নতুন নির্দেশনা সিডিসি'র

এদিকে মাস্ক নিয়ে নতুন নির্দেশনা দিয়েছে সিডিসি। এ নির্দেশনায় সিডিসি জানিয়েছে, পুরোপুরিভাবে ভ্যাকসিন নেয়া ব্যক্তিরা বাইরে খাওয়া দাওয়া এবং ছোট সমাবেশে জমায়েত হলে মুখে মাস্ক পরতে হবেনা। এর আগে সিডিসি জানিয়েছিল, ভ্যাকসিন নেওয়া কিংবা না নেওয়া উভয়েই মাস্ক ছাড়া কোথাও জড়ো হতে পারবেন না। মঙ্গলবার সিডিসি পরিচালক রোচেল ওয়ালেনস্কি জানান, যুক্তরাষ্ট্রে এখনো পর্যন্ত প্রায় ১৪১ মিলিয়ন মানুষ ভ্যাকসিনের অন্তত একডোজ পেয়েছেন। আর দেশের মোট জনসংখ্যার ৩০ ভাগ নিয়েছেন ভ্যাকসিনের উভয় ডোজ। তিনি জানান, গত সাতদিনে যুক্তরাষ্ট্রে আক্রান্ত, মৃত্যু এবং হাসপাতালে ভর্তি উভয়ই কমেছে। গত সাতদিনে মাত্র ৫ হাজার ১শ কভিড নিয়ে হাস-পাতালে ভর্তি হয়েছেন।

অপরদিকে, প্রেসিডেন্ট জো বিডেন সকল আমেরিকানকে করোনভাইরাসের ভ্যাকসিন দেওয়ার আহ্বান জানিয়ে বলেছেন, পুরোপুরি ভ্যাকসিন নেয়া ব্যক্তিদের কিছু নির্দিষ্ট বিধিনিষেধ হ্রাস করে সিডিসির নতুন নির্দেশনা আমেরিকানদের আস্তে আস্তে স্বাভাকিত জীবনে ফিরে যাওয়ার ইংগিত দিচ্ছে। মঙ্গলবার হোয়াইট হাউসে বক্তৃতায় বাইডেন বলেন, ভ্যাকসিন নিলে নিরাপদে বাইরে যাওয়া যাবে, আরও বেশি কাজ করা যাবে। স্বাভাবিক জীবনে ফিরে আসার জন্য সবাইকে ভ্যাকসিন দেয়ার পরামর্শ দেন তিনি।

এনওয়াইসি ভ্যাকসিন বাস

(শেষের পাতার পর)

লাগবে না। শুধুমাত্র একটি পরিচয়পত্র সাথে আনতে হবে। তবে অ্যাপয়েন্ট করেও যে কেউ ভ্যাকসিন নিতে পারবেন। এজন্য vax4nyc.nyc.gov ওয়েবসাইটে যোগযোগ করতে হবে।

উল্লেখিত কর্মসূচীর অধীনে বাংলাদেশীদেশী অধ্যুষিত জ্যাকসন হাইটসের ডাইভারসিটি প্লাজায় চলছে মডার্না ভ্যাকসিন প্রদান। বুধবাবার থেকে শনিবার পর্যন্ত প্রতিদিন বেলা সাড়ে ১২টা থেকে সন্ধ্যা ৮টা পর্যন্ত চলে এই

CHEF WANTED
শেফ আবশ্যক
জরুরী ভিত্তিতে একজন দক্ষ শেফ আবশ্যক। বাফেলোতে মনোরম পরিবেশে নতুন রেষ্টুরেন্টে কাজ করার জন্য, কারী, তান্দুর অভিজ্ঞতা সম্পন্ন। অতী সত্বর যোগাযোগ করুন।
করিম: (917) 435-7084

টাইম ইনকাম ট্যাক্স সার্ভিসেস
আইআরএস অনুমোদিত e-file
• ট্যাক্স সার্ভিসেস
• নির্ভূল ট্যাক্স ফাইলিং
• নূন্যতম ফি
Our Services
> Individual Tax / Business Tax
> Self-employed Tax Include Taxi Driver & Vendor
> Corporate Tax/partnership Tax
> Small Business/vendor License, Individual tax ID Application.
Immigration
> Asylum/Citizenship application
> Petition for Relative/Affidavit of support
> Green Card / Work Authorization Renew
> Re-Entry Permit / travel Documents
All Kinds of Immigration Services
Kaysar Rahman, Tax Practitioner
37-50 74th St, 1st FL, Jackson Heights, NY 11372
Tel: 718-708-2456 Email: timetax2019@gmail.com

দালাল দ্বারা প্রতারিত হবেন কেন?
বাফেলোতে বাড়ি কেনা-বেচায়



নতুন প্রজন্মের বিশ্বস্ত লাইসেন্সড সেলস পার্সন
রাফি সাফওয়ান
ঝামেলামুক্ত সহযোগিতা দিচ্ছে
সিদ্ধান্ত নেয়ার পূর্বে যোগাযোগ করুন :
267-992-3201
Park Realty
of Western New York
155 Summer St
Buffalo, NY 14222

মুসলিম কাজী অফিস
Imam & Khatib
Bangla Bazar Jame Masjid
1351 Odell St, Bronx, NY 10462
ইসলামী শরীয়ত মোতাবেক বিয়ে পড়ানো হয় এবং নিউইর্ক সিটি ল অনুযায়ী ম্যারিজ সার্টিফিকেট ও কাবিন নামা দেয়া হয়।
Quazi Moulana Abul Kashem Eahea
Ba (Hons), MA (Bangla)- Kamil-Hadith, Tafsir, Fiqh
Marriage Registrar New York State
(Muslim Nikah & Marriage Solemnization NYC)
Tel: 347-208-9055
Email:abuleahea@gmail.com

হাউজ কিপিং জব করতে চাই
হাউজ কিপিং জব (যেমন- সুইপ ও মপ করা, রান্নায় সাহায্য করা) করতে ইচ্ছুক। ঘন্টায় ৫/১০ ডলার বেতন পেলেই চলবে। যোগাযোগ: গডফ্রে রোজারিও (প্রাক্তন অফিস সহকারী, বাংলাদেশ সুপ্রীমকোর্ট)।
ফোন: ৩৪৭-৮৪৯-৭৫৪৯
৩৪৭-৮৪৯-৭৫২৩

মুসলিম কাজী অফিস



নিউইয়র্ক সিটি কর্তৃক রেজিস্ট্রিকৃত
কাজী মাওলানা ওবায়দুল হক
ইমাম ও খতিব পার্কচেষ্টার ইসলামিক সেন্টার
ইসলামী শরীয়ত অনুযায়ী বিবাহ পড়ানো এবং নিউইয়র্ক সিটির ল মোতাবেক ম্যারেজ সার্টিফিকেট ও মুসলিম কাবিননামা প্রদান করা হয়। সপ্তাহে ৭ দিন খোলা।
পরামর্শের জন্য যোগাযোগ করুন ৩৪৭-৩২০-৭২১৮
13-75 Virginia Avenue, Bronx, New York 10462

MATRIMONIAL SERVICE
কাজী অফিস (NYC Registered)
GET MARRIED ISLAMIC WAY BY
KAZI MOWLANA MD. ABUL KHAIR
IMAM & KHATUB
MASJID AL-ABRAR CULTURAL CENTER USA INC.
70-50, Broadway (Basement), Jackson Heights, NY 11372.
Phone: 646-732-7125, 929-277-7444









দলে বিশৃংখলা মেনে নেয়া হবে নাঃ আব্দুস সালাম

(শেষের পাতার পর)

চেয়ারম্যান তারেক রহমান সহ দলীয় নেতৃবৃন্দের জন্য দোয়া কামনা করা হয়েছে।

দীর্ঘ প্রায় এক যুগ ধরে যুক্তরাষ্ট্র বিএনপির কমিটি না থাকলেও অতি সম্প্রতি গঠিত 'স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন কমিটি'র ব্যানারে অয়োজিত ইফতার পার্টিতে প্রধান অতিথি ছিলেন বিএনপি চেয়ারপার্সনের উপদেষ্টা ও কেন্দ্রীয় বিএনপি গঠিত 'স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন জাতীয় কমিটি'র সদস্য সচিব আব্দুস সালাম। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন কেন্দ্রীয় বিএনপি'র সহ আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক, জনপ্রিয় কণ্ঠশিল্পী বেবী নাজনীন ও কেন্দ্রীয় জাসাস এর সাধারণ সম্পাদক, চিত্রনায়ক হেলাল খান ও বিএনপি নেতা আশিকুর রহমান।

শনিবার বিকেলে নিউইয়র্কের লাগোর্ডিয়া ম্যারিয়ট হোটেলের বলরুমে আয়োচিত ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠানে পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করেন মওলানা ওয়ালিউল্লাহ এবং বিশেষ দোয়া পরিচালনা করেন মওলানা আবুল কালাম। অনুষ্ঠানে ইফতার গ্রহনের পর বিএনপি নেতা আব্দুস সালাম ও বেবী নাজনীন সহ একাধিক নেতার সম্মানে প্ল্যাক প্রদান করা হয়। এছাড়াও 'স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন জাতীয় কমিটি' কর্তৃক প্রকাশিত স্মরণিকা যুক্তরাষ্ট্র বিএনপি নেতৃবৃন্দর কাছে হস্তান্তর করা হয়।

'স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন কমিটি' যুক্তরাষ্ট্রের নব মনোনীত আহ্বায়ক জিল্লুর রহমান জিল্লুর সভাপতিত্বে অনুষ্ঠিত ব্যতিক্রমী এই অনুষ্ঠান পরিচালনা করেন কমিটির সদস্য সচিব মিজানুর রহমান ভূইয়া মিল্টন। অনুষ্ঠানে যুক্তরাষ্ট্র বিএনপি'র প্রতিষ্ঠাতা সভাপতি ডা. মজিবুর রহমান মজুমদার, কেন্দ্রীয় যুবদলের প্রতিষ্ঠাতা সদস্য কামাল সাঈদ মোহন, বিএনপি নেতা গিয়াস আহমেদ, শরাফত হোসেন বাবু, আলহাজ সোলায়মান ভূইয়া, মোস্তফা কামাল পাশা বাবুল, জসিম ভূইয়া, আব্দুস সবুর, নিয়াজ আহমেদ জুয়েল, যুবদলের সভাপতি জাকির এইচ চৌধুরী ও সাধারণ সম্পাদক আবু সাঈদ আহমদ, কেন্দ্রীয় জাসাস নেতা গোলাম ফারুক শাহীন, যুক্তরাষ্ট্র জাসাস সভাপতি আবু তাহের সহ আড়াই শতাধিক দলীয় নেতা-কর্মী, সমর্থক ও শুভানুধায়ী উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে আব্দুস সালাম বলেন, বিএনপিতে কোন বিশৃংখলা মেনে নেয়া হবে না। যারা শৃঙখলা ভঙ্গ করবেন তাদের বিরুদ্ধে সাংগঠনিক ব্যবস্থা নেয়া হবে। তিনি জানান, যুক্তরাষ্ট্র কমিটির জয়েন্ট কনভেনর আখতার হোসেন বাদলের বিরুদ্ধেও ব্যবস্থা নেয়া হবে। বলেন, দল করতে হলে দলের নিয়ম-শৃংখলা মেনে চলতে হবে। চেন অব কমান্ড মানতে হবে। তিনি যত বড় নেতাই হোন, যে কেউ হোন। উল্লেখ্য, গত সপ্তাহে দলীয় একটি ইফতার পার্টিতে সদ্য গঠিত 'স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন জাতীয় কমিটি'র ব্যাপারে আখতার হোসেন বাদল জনাব আব্দুস সালামের সাথে 'উদ্ধত ও অসদাচারণ' করেন বলে অভিযোগ উঠেছে।

বেবী নাজনীন বলেন, আমাদের মা, গণতন্ত্রের মা আজ আওয়ামী সরকারের কাছে বন্দী। তিনি নির্যাতনের শিকার। আমরা তার মুক্তি চাই এবং তিনি যেখানে চিকিৎসা নিতে চান সেখানেই চিকিৎসা করাতে দিতে হবে।

হেলাল খান বলেন, স্বাধীনতার ঘোষক শহীদ জিয়ার দল বিএনপির নেতা-কর্মী আর দেশের জনগণ আজ আওয়ামী লীগ সরকারের রোশানলে। ঐক্যবদ্ধভাবে এই সরকারের হাত থেকে সবাইকে বাঁচাতে হবে।

জিল্লুর রহমান জিল্লু তার বক্তব্যে যুক্তরাষ্ট্রে 'স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন কমিটি' গঠন করায় আব্দুস সালাম সহ কেন্দ্রীয় নেতৃবৃন্দের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন এবং ঐক্যবদ্ধভাবে যুক্তরাষ্ট্র বিএনপিকে আরো শক্তিশালী করার জন্য দলীয় নেতা-কর্মীদের প্রতি আহ্বান জানান। তিনি বলেন, আমরা আশা করছি আগামী দিনে যুক্তরাষ্ট্র বিএনপি'র পূর্নাঙ্গ কমিটি হবে।

মিজানুর রহমান ভূইয়া মিল্টন তার বক্তব্যে শহীদ জিয়া ও বেগম খালেদা জিয়ার প্রতি গভীর শ্রদ্ধা জানিয়ে বলেন, তারেক রহমানের নেতৃত্বে বিএনপি এগিয়ে যাবে। তিনি 'স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন কমিটি' দেয়ার জন্য কেন্দ্রের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন এবং ইফতার মাহফিল সফল করায় সবাইকে ধন্যবাদ জানান।

উল্লেখ্য, নির্ধারিত অতিথির চেয়ে অতিরিক্ত অতিথি হওয়ায় এবং যুক্তরাষ্ট্রে গঠিত 'স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন কমিটি'র পদ-পদবী ও নামের তালিকা নিয়ে অনেকের মধ্যে ক্ষোভ থাকায় অনুষ্ঠানের এক পর্যায়ে খানিকটা উত্তেজনার সৃষ্টি হয়। এসময় কেন্দ্রীয় নেতা আব্দুস সালামের আহ্বানে পরিস্থিতি শান্ত হয়। এব্যাপারে দলীয়ভাবে পূনর্বিন্যাস করা হবে বলে আহ্বায়ক জিল্লুর রহমান জিল্লু জানান।



বাংলা পত্রিকা
প্রান্তিক পৃষ্ঠা
The Weekly Bangla Patrika
বাংলা পত্রিকা | The Weekly Bangla Patrika // Monday // May 3 // 2021

বাংলাদেশী রুমার জুরিস ডক্টর ডিগ্রি অর্জন



বাংলা পত্রিকা ডেস্ক: যুক্তরাষ্ট্র প্রবাসী বাংলাদেশী জান্নাতুল মাওয়া রুমা জুরিস ডক্টর ডিগ্রি অর্জন করেছেন। নিউইয়র্ক ষ্টেট বার পরীক্ষায় কৃতিত্বের সঙ্গে পাশ করে আইনজীবী হিসেবে যাত্রা শুরু করলেন রুমা। তিনি বাংলাদেশের কক্সবাজারের সন্তান। তার গ্রামের বাড়ি কক্সবাজারের চকরিয়া উপজেলার কাকারা ইউনিয়নের পুলের ছড়া। জানা গেছে, জান্নাতুল মাওয়া রুমা ম্যাসেচুসেটস ষ্টেটের স্প্রিংফিল্ডের ওয়েস্টার্ন নিউ ইংল্যান্ড ইউনিভার্সিটি থেকে জুরিস ডক্টর ডিগ্রি অর্জন করেন। তিনি যুক্তরাষ্ট্রের সুপ্রিম কোর্টসহ ৩৬টি ষ্টেটে পেশাগত দায়িত্ব পালন করতে পারবেন। রুমা ছাড়াও আরো ৯ জন বাংলাদেশী-আমেরিকানের গোটা যুক্তরাষ্ট্রে আইনজীবী হিসেবে পেশাগত দায়িত্ব (বাকি অংশ ৩৭ পাতায়

যুক্তরাষ্ট্র আলোর পথে: ক্ষমতালাভের ১০০ দিন পর কংগ্রেসে বাইডেন



বাংলা পত্রিকা ডেস্ক: যুক্তরাষ্ট্রে করোনার ক্ষতি কাটিয়ে উঠতে এবং অর্থনীতিকে চাঙা রাখতে এক লাখ ৮০ হাজার কোটি ডলারের আরও একটি প্রণোদনা প্যাকেজের ঘোষণা দিয়েছেন প্রেসিডেন্ট জো বাইডেন। দায়িত্ব গ্রহণের ১০০ দিনের মাথায় কংগ্রেসের যৌথ অধিবেশনে দেয়া ভাষণে তিনি এ ঘোষণা দেন তিনি। বাইডেন বলেন, অন্ধকার কাটিয়ে যুক্তরাষ্ট্র এখন আলোর পথে।

চলতি বছরের ২০ জানুয়ারী যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট হিসেবে শপথ নেয়ার পর জো বাইডেনের সবচেয়ে বড় চ্যালেঞ্জ ছিল করোনা মহামারি মোকাবিলা। প্রথম ১০০ দিনে ১০ কোটি মানুষকে টিকার দেয়ার লক্ষ্য নির্ধারণ করে ইতিমধ্যে বিরাট সাফল্য দেখিয়েছেন তিনি। তিনি বলেন, করোনাভাইরাস সংক্রমণের মহামারীতে হাজার হাজার আমেরিকান নাগরিকের জীবনহানি ও দেশের অর্থনৈতিক অবস্থা দুর্বল হয়ে পড়লেও যুক্তরাষ্ট্র সামনে এগিয়ে চলছে। এখন পর্যন্ত ২২ কোটিরও বেশি আমেরিকান নাগরিক অন্তত একটি করে টিকার ডোজ নিয়েছেন। তিনি বলেন, যুক্তরাষ্ট্রের প্রায় ৪০ হাজার ফার্মাসি ও সাত শ'র বেশি কমিউনিটি হেলথ কেয়ার সেন্টারে করোনাভাইরাস সংক্রমণরোধী টিকা সহজেই পাওয়া যাচ্ছে। এ ছাড়া করোনার ক্ষতি কাটিয়ে উঠতে জনগণকে দিয়েছেন একাধিক অর্থনৈতিক প্রণোদনা। এক মাসের কম সময়ের ব্যবধানে দুটি নতুন প্যাকেজের ঘোষণা দিয়েছেন বাইডেন। বুধবার (২৮ এপ্রিল) কংগ্রেসের যৌথ অধিবেশনে নতুন করে কর্মজীবী, শিক্ষার্থী এবং পরিবারগুলোর জন্য আরও এক লাখ ৮০ হাজার কোটি ডলার বিনিয়োগের ঘোষণা দেন তিনি।

প্রতিনিধি পরিষদের একটি কক্ষে রাখা বক্তব্যে বাইডেন বলেন, ১০০ দিন পর আমি জাতিকে বলতে পারি যে, যুক্তরাষ্ট্র আবারও এগোচ্ছে, বিপদকে সম্ভাবনায় পরিণত করছে, সংকটকে করছে সুযোগে। যুক্তরাষ্ট্র এখন উড়তে প্রস্তুত। আমেরিকা সামনে আগাচ্ছে। ঝুঁকিকে সম্ভাবনায় পরিণত করেছে। সংকটকে সুযোগে পরিণত করেছে। বাধাকে শক্তিতে পরিণত করেছে।

এসময় জো বাইডেন জানান, তার প্রশাসনের প্রথম ১০০ দিনেই ১৩ লাখ নতুন চাকরি তৈরি হয়েছে, যা আগের যেকোনও প্রেসিডেন্টের তুলনায় রেকর্ড। করোনা মহামারির ধাক্কা সামলে চলতি বছর যুক্তরাষ্ট্রের অর্থনীতি ছয় শতাংশ বাড়বে বলেও জানান এ ডেমোক্র্যাট নেতা।

প্রেসিডেন্ট জো বাইডেন তাঁর ভাষণে আরো বলেন, পিছিয়ে পড়া শ্রমজীবি ও মধ্যবিত্ত আমেরিকানদের উন্নতিতে তিনি নতুন অর্থনৈতিক পরিকল্পনা করছেন। এই লক্ষ্যে এক দশমিক আট ট্রিলিয়ন ডলারের সরাসরি সহায়তার ঘোষণা দিয়েছেন তিনি।

প্রথম প্রেসিডেন্সিয়াল ভাষণে বাইডেন আবার আফগানিস্তান থেকে আমেরিকান বাহিনী প্রত্যাহারের ঘোষণা দেন। তিনি বলেন, আফগানিস্তানের যুদ্ধ প্রজন্মের পর প্রজন্মের চালিয়ে নেয়ার জন্য ছিল না। নয় এগারোর সন্ত্রাসীদের শাস্তির জন্যই যুক্তরাষ্ট্র আফগানিস্তানে গিয়েছে। চীন ও অন্যান্য দেশের সাথে যুক্তরাষ্ট্র ২১ শতকে প্রতিযোগিতার মধ্যে রয়েছে বলে ভাষণে জানান বাইডেন। এই লক্ষ্যে দেশটিতে আরো নতুন নতুন কর্মক্ষেত্র ও বিনিয়োগ তৈরির কথা জানান তিনি।

এছাড়া ভাষণে বাইডেন বলেন, তিনি চীনের প্রেসিডেন্ট শি জেনপিংকে জানিয়েছিলেন ইউরোপে ন্যাটোর উপস্থিতির মতোই ইন্দো-প্যাসেফিক অঞ্চলেও জোরদার আমেরিকান সামরিক উপস্থিতি থাকবে। তবে সংঘর্ষ সৃষ্টির জন্য নয় বরং সংঘর্ষ রোধ করতেই এই উপস্থিতি থাকবে। একই সাথে রাশিয়ার সাথে কোনো উত্তেজনা চান না বলে জানান তিনি। বরং উভয়ের স্বার্থে মার্কিন-রুশ সহযোগিতার সম্ভাবনার কথা বাইডেন তার ভাষণে বলেন।

অপরদিকে ইরান ও উত্তর কোরিয়ার পরমাণু কর্মসূচিতে বিশ্বের জন্য হুমকির সম্ভাবনা রোধ করতে কূটনীতিক পন্থায় যুক্তরাষ্ট্র কাজ করে চলছে বলে জানান বাইডেন।

শেতাঙ্গ আধিপত্যবাদকে সন্ত্রাসবাদ বললেন বাইডেন

শেতাঙ্গ আধিপত্যবাদকে 'সন্ত্রাসবাদ' বলে আখ্যায়িত করেছেন প্রেসিডেন্ট জো বাইডেন। ইউএস কংগ্রেসে তার প্রথম জয়েন্ট অ্যাড্রেসে শেতাঙ্গ আধিপত্যবাদ নিয়ে নিজের অবস্থান স্পষ্ট করেন তিনি। বাইডেন বলেন, অবশ্যই যুক্তরাষ্ট্রকে এই আভ্যন্তরীণ সন্ত্রাসবাদ মোকাবেলায় সচেষ্ট থাকতে হবে।

বক্তব্যে বাইডেন আফগানিস্তান থেকে আমেরিকা সেনা প্রত্যাহার নিয়ে কথা বলছিলেন। তিনি বলেন, বিদেশী সন্ত্রাসীরা দেশ থেকে বহু দূরে অবস্থান করছে কিন্তু শেতাঙ্গ আধিপত্যবাদীরা দেশের জন্য বড় হুমকি হয়ে উঠছে। বাইডেন আরো বলেন, আমাদের গোয়েন্দারা যুক্তরাষ্ট্রের জন্য সবথেকে ভয়ানক সন্ত্রাসীদের চিহ্নিত করেছে। তাদেরকে আমরা এড়িয়ে যেতে পারি না।

শেতাঙ্গ আধিপত্যবাদ হচ্ছে সন্ত্রাসবাদ। বাইডেন যেখানে বসে এই বক্তব্য দিয়েছেন, মাত্র তিন মাস পূর্বেই সেখানে ডোনাল্ড ট্রাম্পপন্থী সমর্থকরা হামলা চালিয়েছিল। বাইডেন বলেন, শেতাঙ্গ আধিপত্যবাদ এক ধরণের সন্ত্রাসবাদ এবং আমরা একে ছাড় দেবো না। আমেরিকানদের উচিৎ এখন এক হয়ে নিজেদের আত্মার শুদ্ধি করা।

উল্লেখ্য, গত বছর নভেম্বরে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট নির্বাচনে ক্ষমতাসীন প্রেসিডেন্ট ও রিপাবলিকান দলীয় প্রার্থী ডোনাল্ড ট্রাম্পকে পরাজিত করে সাবেক ভাইস প্রেসিডেন্ট ও ডেমোক্রেট দলীয় প্রার্থী জো বাইডেন নির্বাচিত হন। নির্বাচনে জয় লাভের পর ২০ জানুয়ারী যুক্তরাষ্ট্রের ৪৬তম প্রেসিডেন্ট হিসেবে শপথ নেন তিনি। সূত্র : বিসিসি, আলজাজিরা ও সিএনএন

সৈয়দ ইলিয়াস খসরুর কৃতজ্ঞতা প্রকাশ



নিউইয়র্ক: টাইম টেলিভিশন-এর বানিজ্যিক বিভাগের পরিচালক, নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাবের কার্যকরী সদস্য সৈয়দ ইলিয়াস খসরু এক বিবৃতিতে জানিয়েছেন, গত বছর মার্চ মাসে আমি কোভিডে আক্রান্ত হয়ে দীর্ঘদিন হাসপাতালে লাইফ সাপোর্টে থাকার পর মহান আল্লাহর অসীম রহমত এবং আপনাদের সকলের দোয়ার বরকতে সুস্থ হয়ে বাসায় ফিরে আসি। কিন্তু দুর্ভাগ্যজনকভাবে আমার দুটো কিডনিই অচল হয়ে যায়। আমি সপ্তাহে তিনদিন ডায়ালিসিস করে কোন মতে জীবন্মৃত অবস্থায় বেঁচে ছিলাম।

কিন্তু মহান আল্লাহপাক আমার উপর দয়াবান থাকায় আমার কনিষ্ঠ পুত্র সৈয়দ নাহিদ ইলিয়াসের কিডনি আমার দেহে প্রতিস্থাপনের উপযুক্ত হওয়ায় সে তার একটি কিডনি এই পবিত্র রমজান মাসে আমাকে উপহার দেয়। গত সপ্তাহে নিউ-ইয়র্ক ইউনিভার্সিটি হাসপাতালে আমার প্রাণপ্রিয় সন্তানের দেয়া একটি কিডনি আমার শরীরে সফলভাবে প্রতিস্থাপিত হয়। বর্তমানে আমি হাসপাতাল থেকে রিলিজ হয়ে বাসায় অবস্থান করছি। ডাক্তাররা বলেছেন- অচিরেই আমি আবার স্বাভাবিক জীবনে ফিরে যেতে পারবো।

বিবৃতিতে তিনি বলেন, আমি মনে প্রাণে বিশ্বাস করি ডাক্তার একজন ওসিলামাত্র। মহান আল্লাহপাকের অসীম রহমত এবং আপনাদের সকলের দোয়া আমাকে একটা অনিশ্চিত জীবন থেকে স্বাভাবিক জীবনের পথে ফিরিয়ে এনেছে। আমার এই নতুন জীবনের যাত্রাপথে আপনাদের সকলকে ব্যক্তিগতভাবে আমি, আমার পরিবার পরিজন, আমার বন্ধু, শুভানুধ্যায়ী এবং টাইম টেলিভিশন ও বাংলা পত্রিকা পরিবারের পক্ষ থেকে সীমাহীন কৃতজ্ঞতা প্রকাশ করছি।

আপনাদের এই আকাশছোঁয়া ঋণ আমার পক্ষে কোনদিন শোধ করার নয়। শুধু বিণীতভাবে আরজ রাখছি আপনারা যেন আগেকার মত আগামীতেও আমাকে আপনাদের দোয়ায় রাখেন যেন আল্লাহপাক আমার শরীরটা সুস্থ রাখেন এবং তিনি যেন আমাকে আমার কমিউনিটি এবং বন্ধু পরিজন, শুভানুধ্যায়ী সকলকে আরো বেশী করে খেদমত করার সুযোগ দান করেন।

সৈয়দ ইলিয়াস খসরুর জন্য দোয়া

নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাবের পুনঃর্মিলনী ২৭ জুন

নিউইয়র্ক: যুক্তরাষ্ট্র প্রবাসী বাংলাদেশীদের প্রথম প্রেসক্লাব নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাবের কার্যকরী পরিষদের সভা অনুষ্ঠিত হয়েছে। গত ২৬ এপ্রিল সোমবার বিকেলে জ্যাকসন হাইটসে এই সভা অনুষ্ঠিত হয়। প্রেসক্লাবের সভাপতি ডা. ওয়াজেদ এ খানের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় সাধারণ সম্পাদক মনোয়ারুল ইসলাম, যুগ্ম সম্পাদক আলমগীর সরকার, অর্থ সম্পাদক মোমিন মজুমদার এবং কার্যকরী সদস্য এবিএম সালাহউদ্দিন আহমেদ উপস্থিত ছিলেন।

সভায় মহামারী করোনাভাইরাস পরিস্থিতি পর্যালোচনা সহ সাংগঠনিক বিভিন্ন বিষয়ে আলোচনার পর লং আইল্যান্ডের একটি পার্কে পূর্নমিলনী অনুষ্ঠান আয়োজনের সিদ্ধান্ত হয়। আগামী ২৭ জুন রোববার এই অনুষ্ঠানের আয়োজন করা হবে। কার্যকরী পরিষদের সহযোগিতায় এই কর্মসূচী বাস্তবায়নের জন্য এবিএম সালাহউদ্দিন আহমেদকে আহবায়ক ও আলমগীর সরকারকে সদস্য সচিব নির্বাচিত করা হয়।

এছাড়াও সভায় ক্লাবের কার্যকরী পরিষদের অন্যতম সদস্য অসুস্থ সৈয়দ ইলিয়াস খসরুর দ্রুত সুস্থতা সহ দেশ ও প্রবাসে মহামারী করোনায় আক্রান্তদের আরোগ্য কামনায় বিশেষ দোয়া মুনাজাত করা হয়। মুনাজাত পরিচালনা করেন মোমিন মজুমদার। -প্রেস বিজ্ঞপ্তি।



সাফওয়ান ট্রাভেল
এন্ড মাল্টি সার্ভিসেস কর্পোরেশন
Safwan Travel & Multi Services Corp.



Mohammed Abdul Khaleque
MLT A.D. (CUNY Bronx Community College)

IATA Accredited Approved Travel Agent

AUTHORIZED e-file PROVIDER

২০ বছরের বেশি ইনকাম ট্যাক্স ফাইলের অভিজ্ঞতা সম্পন্ন

Design, Printing, Flyer, Business Card, Banner, Poster & more!

We Provide
- Individual Tax
- Corporation Tax
- Partnership Tax
- Non-profit Tax
- Gift Tax
- Sale & Payroll Tax
- IRS & State Tax audit Representation
- Immigration
- Accounting
- Bookkeeping
- Business License
- Business Incorporation

লিগ্যাল মাধ্যমে সর্বোচ্চ ট্যাক্স রিটার্নের নিশ্চয়তা এবং বিনামূল্যে পরামর্শ দেওয়া হয়

দেশে যাওয়ার পথে ওমরাহ্ পালনের সুযোগ

এয়ার লাইন্স টিকেট সেল সর্বনিম্ন মূল্যে! ৬৪৯+

নাক্টার শাড়ী ঘর



Special Eid-Sale

ঈদ উপলক্ষে ৫০% পর্যন্ত ছাড়

শাড়ী, সালোয়ার,কামিজ, বোরকা, পানজাবী, বেড সিট, হেজাব, লুঙ্গী এবং অন্যান কাপড়ের বিশাল সমাহার

এয়ার লাইন্স টিকেট ও নির্ভূল ট্যাক্স ফাইলিং এর জন্য একটি নির্ভরযোগ্য বিশ্বস্ত প্রতিষ্ঠান।

Phone: 347- 621- 4940,718-300-7429

1217 White Plains Road , Bronx , NY 10472



মৌলভীবাজারে কেশবচরে শতাধিক পরিবারের মধ্যে রমজান উপলক্ষ্যে খাদ্য সামগ্রী বিতরণ

বাংলা পত্রিকা ডেস্ক: মৌলভীবাজার সদর উপজেলার খলিলপুর ইউনিয়নের কেশবচর গ্রামে যুক্তরাষ্ট্র প্রবাসীদের পক্ষ থেকে মাহে রমজান উপলক্ষ্যে খাদ্য সামগ্রী বিতরণ করা হয়েছে। এই কর্মসূচীর আওতায় গত ২৩ এপ্রিল শুক্রবার শতাধিক অসহায় পরিবারের মধ্য ইফতার সামগ্রী বিতরণ করা হয়।

'মানব সেবা ফাউন্ডেশন'-এর প্রতিষ্ঠাতা এবং মৌলভীবাজার ডিষ্ট্রিক সোসাইটি ইউএসএ ইনক'র ও এস্টোরিয়া ওয়েলফেয়ার সোসাইটির সাধারণ সম্পাদক মোঃ জাবেদ উদ্দীনের 'গো ফান্ড মি' কর্মসূচীর আওয়ায় সংগৃহীত অর্থে ইফতার সামগ্রী বিতরণ করা হয়।

উক্ত অনুষ্ঠানে স্থানীয় এলাকার বিশিষ্ট মুরব্বী হাজী গিয়াসউদ্দিন (নামদার মিয়া), ১নং খলিলপুর ইউনিয়ন আওয়ামী লীগ-এর সহ সভাপতি খালিছুর রহমান, এনামুল হক, রিপন মিয়া, জুবায়ের আহমেদ, জোয়াদ আহমেদ জাকি, জাকির খান, রাসেল মিয়া, আলাল মিয়া সহ এলাকার প্রবীণ ব্যক্তি ও যুবকবৃন্দ উপস্থিত ছিলেন।

ইফতার সামগ্রী বিতরণ শেষে নামদার মিয়া বলেন, আমরা এ বছর শতাধিক মানুষের মধ্য ইফতার সামগ্রী বিতরণ করেছি। ইনশাআল্লাহ প্রতিবছর এভাবে অসহায় মানুষের পাশে দাঁড়ানোর চেষ্টা করবো। এজন্য আপনাদের দোয়া ও সহযোগিতা চাই।

উক্ত কর্মসূচীর প্রধান উদ্যোক্তা জাবেদ উদ্দীন এক বিবৃতিতে আয়োজনে যারা শরীক ছিলেন সকলের প্রতি এবং বিশেষ করে 'গো ফান্ড মি' এর সকল সদস্যের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন ।

BOMBAY
TRAVELS & GRAPHICS INC.

Grand Opening Special Grand Opening Special Grand Opening Special

সব থেকে সস্তায় টিকেট গ্যারান্টি

টার্কিস এয়ারলাইন্সে সেল সাথে ৩টি লাগেজ ফ্রি

Domestic & International





Bahalul Syed (uzzal)
President

স্পেশাল সেল: সাউদিয়া এয়ারলাইন্স

Emirates | ETIHAD AIRWAYS | SAUDIA | QATAR AIRWAYS | KUWAIT AIRWAYS | TURKISH AIRLINES | SINGAPORE AIRLINES | AmericanAirlines

DESIGN & PRINTING
- BANNER
- FLYER
- MAGAZINE
- POSTER
- CALENDAR
- BUSINESS CARD

PASSPORT PHOTO

168-25A Hillside Avenue, Jamaica NY 11432
Phone: 718-725-1332, Cell: 347-586-7124, Email: bombaytg@gmail.com

TiME television
টাইম টেলিভিশন দেখুন, বিজ্ঞাপন দিন
Tel: 718-753-0086

বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika

MEADOWBROOK
FINANCIAL MORTGAGE BANKERS
Direct Lender
□ Low Closing Cost □ Good Rate
Call 718-507-LOAN for Approval
70-17, 37th Ave. Suite# 2F, Jackson Heights, NY 11372
Licensed Mortgage Banker of New York

M. Kamal, MLO
CPA

সাঈদ তারেক-এর কলাম

তাহলে কি জ্যামের ভয়েইড়!



এই অবস্থাকে 'লকডাউন' কেন বলা হচ্ছে মাথায় ঢুকছে না! বাস-মিনিবাস ট্রেন লঞ্চ বাদে সব খোলা, জনজীবন স্বাভাবিক, রাস্তায় ট্রাফিক জ্যাম, তারপরও নাকি 'লকডাউন'! লকের ল নাই পুরো নিয়ন্ত্রন ব্যবস্থাপনাটাই ডাউন (বাকি অংশ ০৯ পাতায়)

ডাইপার সিরিয়াল টয়লেট পেপারের দাম বাড়ছে

বাংলা পত্রিকা রিপোর্ট: আগামী মাস থেকে নিত্য প্রয়োজনীয় ডাইপার, সিরিয়াল, টয়লেট পেপার সহ এমন ধরনের সামগ্রীর দাম বাড়ছে। ফলে উদ্বেগ-উৎকণ্ঠাও বাড়ছে জনমনে। সাপ্লাই এন্ড ডিমান্ড ছাড়াও শিপিং ব্যয় বৃদ্ধির ফলে দাম বাড়ছে বলে সংশ্লিস্ট সূত্রে জানা গেছে।

টাইম টেলিভিশন-এর জনপ্রিয় অনুষ্ঠান 'টাইম এক্সক্লুসিভ' অনুষ্ঠানে উল্লেখিত বিষয়ের কথা তুলে ধরে ডা. ইমরুল



কবীর জানান, শুধু নিউইর্ক নয় সমগ্র বিশ্বেই এসব সামগ্রীর দাম বাড়ছে। কোন কোন কোম্পানী আগামী সেপ্টেম্বর মাস থেকে তাদের সামগ্রীর দাম বাড়ানোর আগাম ঘোষণা দিয়েছে। তিনি বলেন, সামগ্রীক প্রেক্ষপটে অন্যান্য জিনিসপত্রের দামও বাড়ছে। তিনি বলেন, এসব সামগ্রীর অধিকাংশই চীন থেকে যুক্তরাষ্ট্র সহ বিভিন্ন দেশে রপ্তানী হচ্ছে। প্রয়োজনের (বাকি অংশ ৪১ পাতায়)



সৎকর্ম দ্বারা বিপদ দূর হয়

জাফর আহমাদ

সৎকর্ম দ্বারা বিপদ-আপদ দূর হয়। এই সংক্রান্ত একখানা হাদীস সহীহ বুখারী শরীফের ৫ জায়গায় এবং মুসলিম শরীফের ২ জায়গায় বর্ণিত হয়েছে। (বাকি অংশ ৪১ পাতায়)

যুক্তরাষ্ট্র বিএনপি'র ইফতার পার্টিতে জিয়া-খালেদা-তারেকের জন্য দোয়া

দলে বিশৃংখলা মেনে নেয়া হবে না: আব্দুস সালাম

বিশেষ প্রতিনিধি: পবিত্র মাহে রমজান উপলক্ষ্যে যুক্তরাষ্ট্র বিএনপি'র ইফতার পার্টিতে দলের প্রতিষ্ঠাতা, শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান, চেয়ারপার্সন ও সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া ও ভারপ্রাপ্ত (বাকি অংশ ৪৫ পাতায়)



স্বাভাবিক জীবনে ফিরতে শুরু করেছে নিউইয়ক

বাংলা পত্রিকা রিপোর্ট: করোনা পরিস্থিতির উন্নতি হওয়ায় স্বাভাবিক জীবনে ফিরতে শুরু করেছে নিউইয়র্ক। একে একে তুলে দেয়া হচ্ছে বিধি নিষেধ। এরই অংশ হিসেবে আগামী ৭ মে থেকে ইনডোর ডাইনিং ৭৫ শতাংশ চালুর অনুমতি দিয়েছেন গভর্নর এন্ড্রু কুমো। বর্তমানে ৫০ শতাংশ পর্যন্ত অনুমতি রয়েছে। মহামারি করোনার ধাক্কায় সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হয়েছে নিউইয়র্কের রেস্টুরেন্ট ব্যবসা। এ শিল্পকে বাঁচিয়ে রাখতে নানা অনুদান প্রদান করছে রাজ্য ও ফেডারেল সরকার। এদিকে, ৭ই মে থেকে রাজ্যের সেলুনেও ৭৫ শতাংশ চালুর অনুমতি দেয়া হয়েছে। এছাড়া জিম ও ফিটনেস সেন্টার ১৫ মে থেকে ৫০ শতাংশ চালু করা যাবে। অপরদিকে সিটি মেয়র বিল ডি ব্লাজিও বলেছেন, আগামী ১ জুলাই থেকে সিটির (বাকি অংশ ৪৪ পাতায়)

নিউইয়র্কে সর্বনিম্ন ফিতরা ১০ ডলার

বাংলা পত্রিকা রিপোর্ট: নিউইয়র্কে চলতি বছর সর্বনিম্ন তিরা নির্ধারণ করা হয়েছে ১০ ডলার আর সর্বোচ্চ নির্ধারণ করা হয়েছে ১০০ ডলার বা ততোধিক। এলাকাভেদে এই অর্থ

নিউইয়র্কে কংগ্রেসের আসন কমলো

বাংলা পত্রিকা ডেস্ক: ২০২০ সালের আদম শুমারির ফলাফল প্রকাশ করেছে যুক্তরাষ্ট্র সেনসাস ব্যুরো। এতে দেশের মোট জনসংখ্যা ৩৩ কোটি ১৪ লাখ বলে জানানো হয়েছে। আর গত ১০ বছরে জন সংখ্যা বেড়েছে ২ কোটি ত্রিশ লাখ, গড় হিসেবে তা মাত্র ৭ দশমিক ৩৫ শতাংশ। যা যুক্তরাষ্ট্রের ইতিহাসে দ্বিতীয় সর্বনিম্ন জনসংখ্যা বৃদ্ধির হার

পারিবারিক কলহ

কুইন্সে বাংলাদেশী দম্পতি গ্রেপ্তার

বাংলা পত্রিকা ডেস্ক: নিউইর্কে পারিবারিক কলহের জেরে দুই বাংলাদেশীকে আটক করেছে পুলিশ। আটককৃত দু'জন স্বামী-স্ত্রী। তারা দুজনই পরস্পরের বিরুদ্ধে নির্যাতনের অভিযোগ এনেছেন। নিউইয়র্ক (বাকি অংশ ৪২ পাতায়)

মেয়র রে ম্যাক-গায়ারকে এটর্নী মঈন চৌধুরীর সমর্থন

'নির্বাচিত হলে বাংলাদেশ সফর করবো'

বিশেষ প্রতিনিধি: নিউইয়র্কর সিটির আসন্ন মেয়র নির্বাচনে ডেমোক্র্যাট দলীয় প্রাইমারীতে প্রতিদ্বন্দ্বিতাকারী রে ম্যাক-গায়ারকে সমর্থন জানালেন বাংলাদেশী কমিউনিটি (বাকি অংশ ৩৯ পাতায়)



হেলথ টিপস

গরমে শরীর ঠান্ডা রাখবে যেসব খাবার

বাংলা পত্রিকা ডেস্ক: গ্রীষ্মে ডিহাইড্রেশনের ভয় রয়েছে। তবে আপনার খাদ্যাভাসে কয়েকটি খাবার যুক্ত করলে সেটি ভয় দূর করে আপনার ডায়েটকে করবে স্বস্তিদায়ক। (বাকি অংশ ১৪ পাতায়

নিউইয়র্কে ৩৭২টি বন্দুক হামলা ঃ গুলিবিদ্ধ ৪১০

বাংলা পত্রিকা রিপোর্ট: নিউইয়র্কের আইন শৃংখলা পরিস্থিতির চরম অবনতি হয়েছে। শুধু এশিয়ান নয়, নগরের অন্যান্য কমিউনিটির উপরও হচ্ছে হামলা। একরাতে ১৪টিরও বেশি গুলির ঘটনা ঘটেছে সিটিতে। অতি সম্প্রতি সাপ্তাহিক ছুটির দু'দিনেও নিউইয়র্কে ডজনের বেশি বন্দুক হামলায় ২৫জন গুলিবিদ্ধ হয়েছেন। এতে নারীসহ তিনজন নিহত হয়েছেন। ব্রঙ্কস, ব্রুকলিন, কুইন্স ও ম্যানহাটনে এসব বন্দুক হামলার ঘটনা ঘটে। গত ২৪ ও ২৫ এপ্রিল শনি ও রোববার নিউইয়র্ক সিটির বিভিন্ন জায়গায় এসব হামলার ঘটনা ঘটে। এনওয়াইপিডি জানায়, গত ২৫ এপ্রিল রোববার রাতে কুইন্সে (বাকি অংশ ৩৯ পাতায়

খেলার খবর

মোহামেডানের কমিটিতে তারার মেলা

স্পোর্টস ডেস্ক: ঢাকার ঐতিহ্যবাহী মোহামেডান স্পোর্টিং ক্লাব লিমিটেডের নব গঠিত ফুটবল ও ক্রিকেট কমিটিতে জায়গা পেয়েছেন এক ঝাঁক (বাকি অংশ ৩৯ পাতায়)

যে প্রক্রিয়ায় বাড়ি বিক্রেতা প্রতারিত করতে পারেন



এম কামাল: এমনও হতে পারে বাড়ি বিক্রেতার দৃষ্টিতে সবচেয়ে বাজে রিয়েল এস্টেট এজেন্ট বিক্রয় এজেন্ট হিসাবে (বাকি অংশ ৩৮ পাতায়

এনওয়াইসি ভ্যাকসিন বাস সার্ভিস চলছে

বাংলা পত্রিকা রিপোর্ট: নিউইয়র্ক সিটি মেয়র অফিসের উদ্যোগে সিটির বিভিন্ন স্থানে ফ্রি ভ্যাকসিন বাস সার্ভিস চলছে। ১৮ বছরের উর্ধ্বে যে কেউ এই সার্ভিস থেকে ফ্রি কোভিড ১৯ ভ্যাকসিন নিতে পারেন। এজন্য কোন পূর্ব অ্যাপয়েন্টমেন্ট (বাকি অংশ ৪৪ পাতায়)

বাংলা পত্রিকা ও টাইম টিভি'র সাংবাদিকদের সম্মানে

এস্টোরিয়া ওয়েলফেয়ার সোসাইটি'র ইফতার

বাংলা পত্রিকা রিপোর্ট: নিউইয়র্কের অন্যতম জনপ্রিয় চ্যানেল টাইম টেলিভিশন ও পাঠক প্রিয় সংবাদপত্র সাপ্তাহিক বাংলা পত্রিকা'র সম্পাদক ও সাংবাদিকদের সম্মানে স্থানীয় এস্টোরিয়া ওয়েলফেয়ার সোসাইটি ইউএসএ ইফতার পার্টির আয়োজন করে। করোনা ভাইরাস (বাকি অংশ ৪৪ পাতায়)

চট্টগ্রাম এসোসিয়েশন নির্বাচন

মনোনয়নপত্র বিক্রয় শুরু

বাংলা পত্রিকা রিপোর্ট: চট্টগ্রাম এসোসিয়েশন অব উত্তর আমেরিকার আসন্ন নির্বাচনের আগ্রহী প্রার্থীদের জন্য (বাকি অংশ ৩০ পাতায়)

সাফওয়ান ট্রাভেল
এন্ড মাল্টি সার্ভিসেস কর্পোরেশন
IATA Approved Travel Agent
সেল সর্বনিম্ন মূল্যে! নিউইয়র্ক-ঢাকা ৬৪৯+ Tax
Tel: 347 - 621- 4940, Cell: 718-300 -7429
1217 White Plains Road,Bronx,NY 10472. E-Mail: Safwantravel@gmail.com

এস্টোরিয়ায় ডিজিটাল ট্রাভেলস
ফোন: 718-721-2012
বিস্তারিত ৭ পৃষ্ঠায় দেখুন

J.K. GAIN MULTISERVICES
A company you can trust ....
• Tax Services
• Life Insurance MassMutual
• Health Insurance
• Auto Insurance
• Home Insurance
• Business Insurance
• TLC Insurance
• DDC. (6 hrs.)
LOW COST GUARANTEE
Authorized e-file Provider
Notary Public
Jaydeb Gain
ছয় ঘন্টার ডিফেন্সিভ ড্রাইভিং কোর্স
10% Insurance Cost Deduction
Up to 4 points Removal
Tel: 347-536-5107
41-15 75th Street, Suite 2
Elmhurst, NY 11373
Email: gain_jaydeb@yahoo.com
www.JKGainMulti.com

জ্যাকসন হাইটসে
মেঘনা ট্রাভেলস
718-478-1920
718-930-1494
বিস্তারিত ৩০ পাতায়

Largest & Most Reliable Travel Agent
CONCORDE
Travel Inc
Jackson Heights: 347-448-6175
Manhattan: 212-563-2800
Call: 917-355-7374
(বিস্তারিত ৫১ পাতায়)

ট্রাভেল ব্যবসায় দীর্ঘদিনের অভিজ্ঞতার আলোকে ওজনপার্কের প্রাণকেন্দ্রের অবস্থিত গ্লোবাল এয়ার সার্ভিস আপনাকে দিচ্ছে নিরাপদ এবং ঝামেলামুক্ত আকাশ ভ্রমণের সুযোগ।
গ্লোবাল এয়ার সার্ভিস
GAS GLOBAL AIR SERVICE
Your Trusted Travel Guide...
Call Now
718-296-8996
718-296-8787
718-296-5875
BRITISH AIRWAYS
WALL STREET FINANCE LLC
76-01, 101 AVE, OZONE PARK, NY 1141
FAX: 718-296-8259, EMAIL: GLBL001@YAHOO.COM

Editor : Abu Taher Published By Bangla Patrika Inc. 36-50, 38 Street (2nd Floor), LIC, NY 11101, USA. Tel: 718-482-9923, 718-482-1169. Fax: 718-482-9935. Email: banglapatrikausa@gmail.com